

যুক্তরাজ্যে বহিষ্কারে মুখে বাংলাদেশিসহ ৬০ জন

বাংলা পত্রিকা ডেস্ক: ৬০ ডেলিভারি রাইডারকে বেআইনি কাজের অভিযোগে যুক্তরাজ্য থেকে বহিষ্কার করা ৮-এর পৃষ্ঠায় দেখুন

অ-নাগরিক অভিবাসীদের ওয়ার্ক পারমিটের মেয়াদ ১৮ মাস!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অ-নাগরিক অভিবাসীদের ওয়ার্ক অথোরাইজেশন বা ওয়ার্ক পারমিটের মেয়াদ ৫ বছর থেকে কমিয়ে ১৮ মাস করা হয়েছে। এতে করে ৫ ডিসেম্বর ২০২৫ ইং থেকে অ-নাগরিক অভিবাসী যারা ওয়ার্ক পারমিটের জন্য নতুন বা নবায়ন আবেদন করবেন তাদের ওয়ার্ক অথোরাইজেশন মেয়াদ ১৮ মাস পাবেন।

ট্রাম্প প্রশাসন বৃহস্পতিবার ঘোষণা করেছে, বৈধ অনুমোদিত অভিবাসী, শরণার্থী ও আশ্রয়প্রার্থী যারা ১২-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ॥ Issue 11 / December 08, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ॥ সংখ্যা ১১ ॥ সোমবার, ডিসেম্বর ০৮, ২০২৫, অগ্রহায়ণ ২৩, ১৪৩২ ॥ জমাদিউস সানি ১৬, ১৪৪৭

কঠোর ইমিগ্রেশন নীতিতে ঝুঁকিতে অভিবাসীরা!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতি সাম্প্রতিক সময়ে অনথিভুক্ত ও বিশেষ অভিবাসন সুবিধা পাওয়া অভিবাসীদের জন্য নজিরবিহীনভাবে কঠোর হয়ে ওঠেছে। প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসন দ্বিতীয় মেয়াদে ফিরে আসার পর অভিবাসীদের জন্মসূত্রে নাগরিকত্ব সীমিত, শরণার্থী সংখ্য কমিয়ে আনা, অভিবাসন প্রত্যাশীদের ধরপাকড়-বহিষ্কার, বিদেশী শিক্ষার্থীদের জন্য কঠিন নীতি ও বিদেশি পর্যটকদের জন্য ভিসা প্রাপ্তিতে কঠিন শর্তারোপসহ কঠোর



অভিবাসন নীতি প্রয়োগ করে আসছেন। এছাড়াও ইমিগ্রেশন কোর্টে শুনানীতে গিয়ে গ্রেপ্তারের শিকার হচ্ছেন অভিবাসীরা।

এরই মধ্যে ওয়াশিংটন ডিসিতে আফগান নাগরিক কর্তৃক ন্যাশনাল গার্ডের ওপর হামলার ঘটনার পর ট্রাম্প প্রশাসন অভিবাসীদের ওপর আরো আক্রমণাত্মক অভিবাসন ব্যবস্থা নিতে শুরু করেছে। আশ্রয়প্রক্রিয়া থেকে শুরু করে গ্রিন কার্ড, ভিসা, ভ্রমণ অনুমতি, এমনকি ওয়ার্ক পারমিট মেয়াদ সীমিত সব ক্ষেত্রেই নতুন নিষেধাজ্ঞা, ছুগিতাদেশের খড়্গ একযোগে নেমেছে। দেশজুড়ে অভিবাসী পরিবারগুলো যখন উদ্বেগে দিন কাটাচ্ছে, তখন রিপাবলিকান ১২-এর পৃষ্ঠায় দেখুন

ইমিগ্রেশন বিচারক বরখাস্তে উদ্বেগ চরমে

- নতুন 'ডিপোর্টেশন জাজ' নিয়োগে বোনাস ঘোষণা
- ছাঁটাই প্রক্রিয়াটি খুবই যান্ত্রিক: বরখাস্ত হওয়া বিচারকরা
- লাখ লাখ মামলা কোর্টে পেন্ডিং পড়ে আছে
- অনভিজ্ঞ নতুন বিচারকদের রায়ে অভিবাসীরা ব্যাপক ক্ষতিগ্রস্ত হওয়ার শঙ্কা
- বরখাস্তের টার্গেটে ইমিগ্রেশন-বান্ধব হওয়া বিচারকরা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন আদালতগুলোতে বর্তমানে চরম বিশৃঙ্খলা ও অচলাবস্থার মুখোমুখি। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে দায়িত্ব নেওয়ার পর থেকে শুরু হওয়া ব্যাপক বিচারক ছাঁটাই এই আদালতগুলোতে অস্থিরতা ও সংকট বিরাজ করছে। বরখাস্তের ঘটনায় উদ্বেগ উৎকণ্ঠায় ইমিগ্রেশন বিচারকরা। সাম্প্রতিক গত দুই সপ্তাহে নিউইয়র্ক, সানফ্রান্সিস্কো সহ বিভিন্ন ইমিগ্রেশন কোর্টের ১৪ জন বিচারক বরখাস্ত করা হয়েছে। এ নিয়ে ট্রাম্প প্রশাসনের সময় ৯৮ জন ইমিগ্রেশন বিচারককে বরখাস্ত ও বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে। এসব বিচারকদের স্থলে সামরিক এটর্নিদের প্রশিক্ষণ দিয়ে অস্থায়ী বিচারক নিয়োগ প্রক্রিয়া চালাচ্ছে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ (ডিওজে)। এছাড়া ডিপোর্টেশন কার্যক্রম দ্রুত করার লক্ষ্যে 'ডিপোর্টেশন জাজ' নিয়োগে ২৫ শতাংশ ১২-এর পৃষ্ঠায় দেখুন

রুট পরিবর্তন হলো এফ ও এম ট্রেনের



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির এফ এবং এম সাবওয়ে ট্রেন লাইন এর রুট পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে এমটিএ। সোমবার থেকে স্থায়ীভাবে রুট পরিবর্তন হচ্ছে। হঠাৎ এই পরিবর্তনে ম্যানহাটন এবং কুইন্সে যাতায়াতকারী ৮-এর পৃষ্ঠায় দেখুন

নতুন বছরের শুরুতেই বাড়ছে বেতন

নিউইয়র্ক সিটি'র নুন্যতম মজুরী ১৭ ডলার

নিউইয়র্ক: আগামী ২০২৬ সালের ১ জানুয়ারি থেকে নিউইয়র্কে সর্বনিম্ন মজুরি ৫০ সেন্ট বাড়িয়ে ১৭ ডলার করা হয়েছে। নতুন বছরের শুরুতেই নিউইয়র্ক সিটি, ওয়েস্টচেস্টার, নাসাউ এবং সাফোক কাউন্টিতে সর্বনিম্ন মজুরি ঘণ্টায় ১৭ ডলার হবে। এছাড়া স্টেটের অন্যান্য শহরে মজুরী ঘণ্টায় ১৬ ডলার হবে। নিউইয়র্কের শ্রম বিভাগ থেকে এ তথ্য জানা গেছে। বর্তমানে নিউইয়র্ক সিটি, ওয়েস্টচেস্টার, নাসাউ এবং সাফোক কাউন্টিতে সর্বনিম্ন মজুরি ঘণ্টায় ১৬.৫০ ডলার এবং অন্যান্য কাউন্টিতে ঘণ্টায় ১৫.৫০ ডলার। ২০২৭ সাল থেকে, নিউইয়র্কের সর্বনিম্ন মজুরি নর্দার্ন রিজিয়নের তিন বছরের গড় ১২-এর পৃষ্ঠায় দেখুন

জন্মসূত্রে নাগরিকত্ব সীমিতের আদেশ

সাংবিধানিক কি না সিদ্ধান্ত নিবে সুপ্রিম কোর্ট

বাংলা পত্রিকা রিপোর্ট: গত জানুয়ারিতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাঁর দ্বিতীয় মেয়াদের প্রথম দিন যে নির্বাহী আদেশে জন্মসূত্রে নাগরিকত্ব সীমিত করেছিলেন, সেই সিদ্ধান্ত সাংবিধানিক কি না সে বিষয়টি যাচাই করে সিদ্ধান্ত দিবে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট। শুক্রবার সর্বোচ্চ আদালত জানায়, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্বাহী আদেশের সাংবিধানিকতা খতিয়ে দেখে সিদ্ধান্ত দেয়া হবে।

ট্রাম্পের আদেশ অনুযায়ী,অবৈধ অভিবাসী বা অস্থায়ী ভিজিটরের সন্তানরা আর স্বয়ংক্রিয়ভাবে ইউএস নাগরিক হবেন না। নিম্ন আদালতগুলো একে অসাংবিধানিক বলে ছুগিত রেখেছিল। তবে বিচার বিভাগের দাবি, ১৪তমসংশোধনী "আইনগত এখতিয়ারের বাইরে থাকা" বিদেশিদের সন্তানদের নাগরিকত্ব দেয় না।

ট্রাম্প তাঁর দ্বিতীয় মেয়াদের প্রথম দিনই এই আদেশ জারি করেন, যাতে বলা হয় যে সব শিশু অবৈধ অভিবাসী বা অস্থায়ীভাবে থাকা বিদেশি অভিভাবকের কাছে জন্ম নেয়, তারা আর স্বয়ংক্রিয়ভাবে মার্কিন নাগরিক হিসেবে গণ্য হবে না। ৮-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

যুক্তরাষ্ট্রে ভ্রমণ নিষেধাজ্ঞা পরিধি বাড়ছে

থাকতে পারে ৩০টিরও বেশি দেশ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে ভ্রমণ নিষেধাজ্ঞায় থাকা দেশগুলোর তালিকা বড় হতে যাচ্ছে। নতুন তালিকায় নিষেধাজ্ঞা পাওয়া দেশের সংখ্যা ৩০টির বেশি করার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) সেক্রেটারি ক্রিস্টি নোয়েম। গত বৃহস্পতিবার সংবাদমাধ্যম ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে এ কথা বলেছেন তিনি। আলাপচারিতার সময় ডিএইচএস সেক্রেটারি নোয়েমকে প্রশ্ন করা হয় প্রেসিডেন্ট ডোনাল্ড ১০-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

৭ তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল আলাস্কা-কানাডার সীমান্ত এলাকা

এপি : যুক্তরাষ্ট্রের আলাস্কা ও কানাডার ইউকন অঞ্চলের সীমান্তের কাছে প্রত্যন্ত এলাকায় ৭ তীব্রতার ভূমিকম্প আঘাত হেনেছে। তবে কোনো সুনামির সতর্কতা জারি করা হয়নি।

কর্মকর্তারা জানিয়েছেন, তাৎক্ষণিকভাবে কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর পাওয়া যায়নি।

মার্কিন ভূতাত্ত্বিক জরিপ (ইউএসজিএস) জানিয়েছে, আলাস্কার জুনেউ থেকে প্রায় ২৩০ মাইল (৩৭০ কিলোমিটার) উত্তর-পশ্চিমে এবং ইউকনের হোয়াইটহর্স থেকে ১৫৫ মাইল (২৫০ কিলোমিটার) পশ্চিমে ভূমিকম্প আঘাত হানে।

হোয়াইটহর্সে রয়্যাল কানাডিয়ান মাউন্টেড পুলিশের সার্জেন্ট ক্যালিস্টা ম্যাকলিয়ড জানান, ভূমিকম্প নিয়ে তাঁদের কাছে ৯১১-এ দুটি কল এসেছিল।

ম্যাকলিয়ড বলেন, কম্পনটি অবশ্যই অনুভূত হয়েছিল। সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকেই এ নিয়ে আলোচনা করছেন, মানুষজন এটি টের পেয়েছেন।

ন্যাচারাল রিসোর্সেস কানাডার সিসমোলজিস্ট অ্যালিসন বার্ড বলেন, ইউকনের যে অংশটি এই কম্পনে সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছে, সেটি পাহাড়ি এলাকা। ওই অঞ্চলে মানুষের বসবাসও কম।

বার্ড বলেন, 'অধিকাংশ মানুষই তাক ও দেয়ালে থাকা জিনিসপত্র পড়ে যাওয়ার খবর দিয়েছেন। মনে হচ্ছে না, আমরা কাঠামোগত ক্ষতির দিক থেকে কিছু দেখেছি।'

বার্ডের মতে, এই ভূমিকম্পের কেন্দ্রস্থলের সবচেয়ে কাছে কানাডার জনবসতি হলো হেইনস জাংশন, যা প্রায় ৮০ মাইল (১৩০ কিলোমিটার) দূরে অবস্থিত। ইউকন ব্যুরো অব স্ট্যাটিসটিকস অনুসারে, ২০২২ সালে এই এলাকার জনসংখ্যা ছিল ১ হাজার ১৮ জন।



আলাস্কার কাছে অবস্থিত হ্যবার্ড হিমবাহফাইল *ছবি: এপি*

এ ছাড়া ভূমিকম্পটি আলাস্কার ইয়াকুটাট থেকে প্রায় ৫৬ মাইল (৯১ কিলোমিটার) দূরে ছিল, যেখানে ইউএসজিএসের মতে ৬২২ জন বাসিন্দা বাস করেন।

এই ভূমিকম্প প্রায় ৬ মাইল (১০ কিলোমিটার) গভীরে আঘাত হানে এবং এর পরে একাধিক ছোট ছোট পরাঘাত অনুভূত হয়।

সোমালি অভিবাসীদের 'আবর্জনা' বললেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সোমালি অভিবাসীদের 'আবর্জনা' বলে অভিহিত করেছেন এবং তাঁদের দেশে ফিরিয়ে দেওয়া উচিত বলে মন্তব্য করেছেন। জানা গেছে, মিনেসোটা রাজ্যে নথিবিহীন সোমালিদের বিরুদ্ধে অভিবাসন কর্তৃপক্ষ কঠোর ব্যবস্থা নিতে চলেছে। এমন খবর প্রকাশের মধ্যেই কেবিনেট বৈঠকে গত মঙ্গলবার এই মন্তব্য করেন ট্রাম্প।

সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়েছে, মন্ত্রিসভার বৈঠকে সোমালি বংশোদ্ভূত ও নাগরিক কংগ্রেসের প্রতিনিধি ইলহান ওমরকেও ট্রাম্প তীর্যক করেন। বৈঠকে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, 'আমাদের দেশে তাঁদের কোনো অবদান নেই। আমি তাঁদের আমাদের দেশে চাই না।' এ সময় তিনি ইলহান ওমরকেও 'আবর্জনা' বলে অভিহিত করেন এবং বলেন, 'আমরা যদি আমাদের দেশে আবর্জনা নিতে থাকি, তবে আমরা ভুল পথে যাব।'

প্রেসিডেন্ট ট্রাম্প সোমালিয়া সম্পর্কে বলেন, 'সোমালিয়া একটি বাজে দেশ। তাদেরকে ভালো বলার কোনো কারণ আমি দেখি না।' তিনি অভিযোগ করেন, 'এরা এমন মানুষ, যাদের বিরুদ্ধে অভিযোগ ছাড়া আর কিছুই নেই। এই ধরনের মানুষ আমরা চাই না। তারা যেখান থেকে এসেছে, সেখানে ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করুন।'

নিউইয়র্ক টাইমসের তথ্য অনুযায়ী, মিনিয়াপোলিস-সেন্ট পল মেট্রো এলাকায় যুক্তরাষ্ট্রের বৃহত্তম সোমালি কমিউনিটির বাস। মার্কিন অভিবাসন কর্তৃপক্ষ চলতি সপ্তাহে ওই এলাকায় অবৈধ অভিবাসীদের শনাক্তের প্রক্রিয়া জোরদার করার পরিকল্পনা করেছে। মূলত যাঁদের বিরুদ্ধে নির্বাসনের চূড়ান্ত আদেশ রয়েছে, তাঁদের লক্ষ্য করে এই অভিযান চালানো হবে। এই অভিযানের জন্য দেশজুড়ে প্রায় ১০০ জন আইস এজেন্ট ও ফেডারেল অফিসারদের নিয়ে একটি 'স্ট্রাইক টিম' ব্যবহার করা হবে।

এদিকে, ট্রাম্প প্রশাসনের এই পদক্ষেপ এমন সময়ে এল, যখন সোমালি বাসিন্দাদের জড়িত থাকার অভিযোগে কয়েক বছরের পুরোনো বেশ কিছু জালিয়াতির মামলা সামনে এসেছে। অভিযোগ রয়েছে, এসব মামলায় অভিযুক্তরা খাবার, চিকিৎসা, আবাসন ও অটিজম পরিষেবার জন্য জাল বিল করে রাষ্ট্র থেকে অর্থ নিয়েছেন।

ইউএসএর ট্রেজারি সেক্রেটারি স্কট বেসেন্ট সোমবার ঘোষণা করেন, তাঁর সংস্থা তদন্ত করে দেখবে, মিনেসোটার করদাতাদের অর্থ আল-শাবাবের (সন্ত্রাসী সংগঠন) কাছে পাচার হয়েছে কি না।

তবে মিনিয়াপোলিসের মেয়র জ্যাকব ফ্রে ও অন্যান্য কর্মকর্তা মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে এই অভিবাসন অভিযানের প্রতিবাদ করেন। মেয়র ফ্রে সোমালি সম্প্রদায়ের পাশে থাকার ঘোষণা দেন। তিনি সোমালি ভাষায় এবং পরে ইংরেজিতে বলেন, 'আমাদের সোমালি কমিউনিটি, আমরা তোমাদের ভালোবাসি এবং আমরা তোমাদের পাশে আছি। যেকোনো পরিস্থিতিতে এই অঙ্গীকার অটল থাকবে।'

তিনি সতর্ক করে বলেন, শুধু সোমালিদের লক্ষ্য করে এই অভিযান চালানো হলে 'আইনের যথাযথ প্রক্রিয়া লঙ্ঘিত হবে, ভুল হবে। স্পষ্ট করে বললে, কিছু আমেরিকান নাগরিককে আটক করা হবে শুধু এই কারণে যে তাঁরা দেখতে সোমালির মতো।'



কারাগারে ভোট দিতে পারবেন প্রায় ৭৭ হাজার বন্দী, থাকবে না প্রচার ও এজেন্ট

বাংলা পত্রিকা ডেস্কঃ প্রবাসী বাংলাদেশি, নির্বাচনী কাজে যুক্ত কর্মকর্তা-কর্মচারীদের মতো সারা দেশের কারাগারগুলোতে বন্দী ব্যক্তিরাও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পোস্টাল ব্যালটে ভোট দিতে পারবেন। তফসিল ঘোষণার পর নির্বাচন কমিশন (ইসি) থেকে কারা কর্তৃপক্ষকে দেওয়া লিংকে ভোট দিতে আগ্রহী বন্দীরা নিবন্ধন করতে পারবেন। তাঁরা যে নির্বাচনী এলাকার ভোটার, সেই আসনের প্রার্থীকে ভোট দিতে পারবেন।



নির্বাচন কমিশন, কারা অধিদপ্তর ও জেলা কারাগার সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্রগুলো বলছে, কারাগারে বন্দীরা ভোট দিতে পারলেও সেখানে নির্বাচনী প্রচার হবে না এবং প্রার্থীদের এজেন্টও থাকবে না। ভোট গ্রহণের পর বন্দীদের ব্যালট ডাক বিভাগের মাধ্যমে রিটার্নিং কর্মকর্তার কাছে পাঠানো হবে। এসব ভোট ফলাফলের সঙ্গে যোগ হবে। দেশের কারাগারগুলোতে সব মিলিয়ে প্রায় ৭৭ হাজার হাজতি ও কয়েদি রয়েছে।

আগামী বছরের ফেব্রুয়ারির প্রথমার্ধে ত্রয়োদশ সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠানের প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন। প্রবাসীদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দিতে 'পোস্টাল বিডি' অ্যাপের মাধ্যমে নিবন্ধন চলছে। আইনি হেফাজতে (কারাগারে) থাকা ব্যক্তিদের ভোটের জন্য নিবন্ধনের প্রক্রিয়া শুরু হবে নির্বাচনের তফসিল ঘোষণার পর। বিষয়টি কারা কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করছে ইসি। নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহর সভাপতিত্বে ৪ ডিসেম্বর এ নিয়ে অনলাইনে কারা অধিদপ্তরের কর্মকর্তা ও জেলা কারাগারের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা করেছে কমিশন।

ওই সভা সূত্রে জানা যায়, তফসিল ঘোষণার পর ইসি থেকে কারা কর্তৃপক্ষকে একটি লিংক দেওয়া হবে। কারাগারের বন্দীদের মধ্যে যাঁরা ভোটদানে আগ্রহী হবেন এক্সেল শিটে তাঁদের তথ্য নেওয়া হবে। তফসিল ঘোষণার ১৫ দিনের মধ্যে বন্দীর নাম, জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ও ভোটার নম্বর দিয়ে কারাগার কর্তৃপক্ষ তালিকা তৈরি করে ইসিতে পাঠাবে। ইসি তা যাচাই-বাছাই করে চূড়ান্ত তালিকা আবার কারাগারে পাঠাবে। সেই তালিকা অনুযায়ী কমিশন থেকে নির্বাচনের ৭ থেকে ১০ দিন আগে ডাক বিভাগের মাধ্যমে কারাগারগুলোতে ব্যালট পেপার পাঠানো হবে। কারাগারের নির্ধারিত স্থানে বুথ স্থাপন করে পোস্টাল ব্যালটে ভোট নেওয়া হবে। ভোট গ্রহণ শেষে ব্যালট আবার ডাক বিভাগের মাধ্যমে রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে পাঠানো হবে। বন্দীদের ভোট মূল ফলাফলের সঙ্গে যুক্ত হবে।

সভা সূত্রে আরও জানা যায়, কারাবিধি অনুযায়ী নির্বাচনের সময় কারাগারের ভেতরে কোনো প্রচার-প্রচারণা হবে না এবং ভোটকেন্দ্রে প্রার্থীদের প্রতিনিধি থাকবেন না। কারাগারে অনুমোদিত জাতীয় টেলিভিশন, পত্রিকার মাধ্যমে বন্দীরা যতটুকু জানবেন, সেই অনুযায়ী নিজ এলাকার প্রার্থীকে ভোট দেবেন। অর্থাৎ তিনি যে আসনের ভোটার, সেই আসনের প্রার্থীকেই ভোট দেবেন। তবে কারাগারে ভোটার নিবন্ধন করার পর নির্বাচনের আগে কারামুক্ত হলে বাইরে এসে ভোট দিতে পারবেন না।

ইসি সূত্র জানায়, আইনি হেফাজতে থাকা ভোটারদের 'পোস্টাল ভোট বিডি' অ্যাপ ব্যবহার করে নিবন্ধনের সুযোগ নেই। ভোট দিতে আগ্রহী ১০-এর পৃষ্ঠায় দেখুন

৬ দিনে দেশে রেমিট্যান্স গেলো ৬৩ কোটি ২০ লাখ ডলার

বাংলা পত্রিকা ডেস্কঃ বাংলাদেশে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স বৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে। চলতি ডিসেম্বরের ছয় দিনে বাংলাদেশে গিয়েছে প্রায় ৬৩ কোটি ২০ লাখ ডলার প্রবাসী আয় বা রেমিট্যান্স। প্রতি ডলার ১২২ টাকা হিসাবে বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ ৭ হাজার ৭১০ কোটি টাকার বেশি। আগের বছরের একই সময়ের তুলনায় যা প্রায় ৩ কোটি ৮০ লাখ ডলার বা ৪৬৪ কোটি টাকা বেশি। গত বছর ডিসেম্বরের ছয় দিনে গিয়েছিলো প্রায় ৫৯ কোটি ৪০ লাখ ডলারের রেমিট্যান্স।




গত বছর শুধু রমজানের ঈদকে কেন্দ্র করে এক মাসে ৩ বিলিয়ন ডলারের বেশি রেমিট্যান্স যায় দেশে। রেমিট্যান্স বাড়ার কারণ হিসেবে ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে প্রেরণে বিভিন্ন প্রণোদনা, বৈধ পথে টাকা পাঠানোর ওপর উৎসাহ বাড়ানো এবং এক্সচেঞ্জ হাউসগুলোর সক্রিয় ভূমিকা উল্লেখ করা হচ্ছে।

এদিকে চলতি ২০২৫-২৬ অর্থবছরের জুলাই থেকে ৬ ডিসেম্বর পর্যন্ত ১ হাজার ৩৬৭ কোটি ১০ লাখ ডলার এসেছে। গত বছরের একই সময়ে রেমিট্যান্স'র পরিমাণ ছিল ১ হাজার ১৭৩ কোটি ২০ লাখ ডলার। সে হিসাবে গত বছরের একই সময়ে ১৯৩ কোটি ৯০ লাখ ডলার বেশি গিয়েছে। অর্থবছর হিসাবে রেমিট্যান্স আসার প্রবৃদ্ধি ১৬ দশমিক ৫ শতাংশ।

বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান অনুযায়ী, চলতি অর্থবছরের মাসভিত্তিক প্রবাসী আয় ছিল জুলাইয়ে ২৪৭ কোটি ৭৮ লাখ ডলার, আগস্টে ২৪২ কোটি ১৯ লাখ, সেপ্টেম্বরে ২৬৮ কোটি ৫৮ লাখ, অক্টোবরে ২৫৬ কোটি ৩৫ লাখ ও নভেম্বরে এসেছে ২৮৮ কোটি ৯৫ লাখ ২০ হাজার ইউএস ডলার।

২০২৪-২৫ অর্থবছরের মার্চ মাসে রেমিট্যান্সপ্রবাহ সর্বোচ্চ ৩২৯ কোটি ডলারে পৌঁছেছিল, যা ছিল ওই অর্থবছরের সর্বোচ্চ রেকর্ড। পুরো অর্থবছরে প্রবাসী আয় দাঁড়ায় ৩০ দশমিক ৩৩ বিলিয়ন ডলার আগের বছরের তুলনায় ২৬ দশমিক ৮ শতাংশ বেশি।

২০২৩-২৪ অর্থবছরে মোট রেমিট্যান্স গিয়েছিল ২৩ দশমিক ৯১ বিলিয়ন ডলার। ওই অর্থবছরের মাসভিত্তিক রেমিট্যান্স ছিল জুলাইয়ে ১৯১ দশমিক ৩৭ কোটি ডলার, আগস্টে ২২২ দশমিক ১৩ কোটি, সেপ্টেম্বরে ২৪০ দশমিক ৪১ কোটি, অক্টোবরে ২৩৯ দশমিক ৫০ কোটি, নভেম্বরে ২২০ কোটি, ডিসেম্বরে ২৬৪ কোটি, জানুয়ারিতে ২১৯ কোটি, ফেব্রুয়ারিতে ২৫৩ কোটি, মার্চে ৩২৯ কোটি, এপ্রিলে ২৭৫ কোটি, মে মাসে ২৯৭ ও জুনে ২৮২ কোটি ডলার।



The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

তরুণদের ভোট

নির্বাচন সময়মতো হচ্ছে কি না, তা নিয়ে সংশয় এখনো কাটেনি। আদালতে রিট কিংবা কোনো কোনো দলের পক্ষ থেকে নির্বাচন পিছিয়ে দেওয়ার আহ্বান ইত্যাদি নির্বাচনের পরিস্থিতি কোন দিকে নিয়ে যাবে, সেটা বলা মুশকিল। তবে দেশের মানুষ একটি সুষ্ঠু, সুষ্ঠু ও অবাধ নির্বাচন চায়। প্রতিটি দলের অংশগ্রহণে নির্বাচন উৎসবমুখর হয়ে উঠুক, এটাই জনতার অভিপ্রায়।

মুশকিল হলো, রাজনৈতিক দলগুলো নিজেদের মত জনতার ওপর চাপিয়ে দেওয়ার চেষ্টা করে। প্রতিটি রাজনৈতিক দলই 'জনগণ যা চায়' বলে যখন নিজেদের কথাই বলতে থাকে, তখন ধীরে ধীরে জনগণ সে কৌশল বুঝে উঠতে শুরু করে। শুকনো কথায় তখন চিড়ে ভেজানো কঠিন হয়ে পড়ে।

এই নির্বাচনে যে তরুণেরা ভোট দেবেন, তাঁদের অনেকেই এর আগে ভোট দিতে পারেননি। এর আগেও বেশির ভাগ ক্ষেত্রে সব দলের অংশগ্রহণে নির্বাচন হয়নি। কিছু দলকে বাদ দিয়ে নির্বাচন করা হয়েছিল। এবারও যদি কিছু দলকে বাদ দিয়ে নির্বাচন করা হয়, তাহলে তার গ্রহণযোগ্যতা নিয়েও প্রশ্ন থেকে যাবে।

তরুণেরা ভোট দেওয়ার সময় যে বিষয়গুলো খেয়াল রাখবেন বলে মনে হয়, তা হলো–ভবিষ্যতে স্বৈরাচারী ব্যবস্থা কায়েম হতে পারে, এ রকম যেকোনো পদক্ষেপ রুখে দেওয়া। একাত্তর প্রশ্নে তরুণেরা বিভ্রান্ত হবেন না বলেই মনে হয়। কেন গণ-আন্দোলনপরবর্তী সময়টিতে নানা জায়গা থেকে একাত্তরবিরোধী বক্তব্য উঠে আসছে, তা নিয়েও তাঁরা ভাববেন নিশ্চয়। তরুণেরা নিজেরাই যাচাই করে নিতে পারবেন, কোনটা সত্য কোনটা মিথ্যা। তাঁরা যখন চুকনগর হত্যাকাণ্ডের কথা পড়বেন, তখন জেনে যাবেন এক দিনেই কীভাবে ১০ হাজারের বেশি মানুষকে হত্যা করেছিল পাকিস্তানি সেনাবাহিনী। আমাদের স্বাধিকার আন্দোলনের মূল চেহারা নিয়েও তাঁরা নিশ্চয়ই নিজেদের মতো করে সিদ্ধান্ত নেবেন। ইতিহাসকে আড়ালে রেখে যে কৌশলী নতুন বয়ান সৃষ্টি করতে চাইছে কোনো কোনো মহল, তরুণেরা তাদের সেই ষড়যন্ত্রে পা দেবেন কি না, সেটাও সময় বলে দেবে।

হতাশ হওয়ার মতো ব্যাপার হলো, যাঁদের দায়িত্ব ছিল মুক্তিযুদ্ধের মহান ইতিহাস ঠিকভাবে রচনার মাধ্যমে আমাদের অর্জন স্থায়ীভাবে প্রতিষ্ঠা করা, তাঁরা নানা সময় ব্যর্থ হয়েছেন এবং নিজেরাই ফায়দা লোটায় নিয়োজিত হয়েছেন।

কোনো জাতি তার ইতিহাসকে ভুল পথে পরিচালনা করে না। সবাই তার ইতিহাস নিয়ে গর্ব করে। বিজয়ের এই মাসে তরুণদের সে কথা মনে রাখতে হবে। বুঝতে হবে, রাজনৈতিক দলের বয়ান আর মানুষের জন্য কাজ করা রাজনীতি সব সময় এক জায়গায় এসে মেলে না। জনগণ পাঁচ বছরের মধ্যে একটি দিনই তাদের মতামত প্রকাশের সুযোগ পায়। এরপর যে দল ক্ষমতায় আসে, সে দল তার মতো করেই দেশ শাসন করতে থাকে। অভিজ্ঞতা বলে, সেই শাসনের সঙ্গে তাদের প্রতিশ্রুতি এবং অঙ্গীকারের মিল কম থাকে। এবার নির্বাচনে ভোট দেওয়ার সময় তরুণেরা সে দিকটা নিশ্চয়ই বিবেচনা করবেন।



আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস



জন এফ কেনেডি বিমানবন্দর

শেষ পৃষ্ঠায় পর চাইলেন। আমি বাড়িয়ে দিলাম। তিনি অনেক সময় নিয়ে তাঁর নামটা কাঁচা হাতে লিখলেন। অক্ষরের বিন্যাসগুলো মজবুত নয় বলে এবড়ো থেবড়ো লাগছিল। অনেক কষ্টে তাঁর নাম লিখলেন – 'মনসুর'।

কৌতূহল নিবৃত করতে পারলাম না। জানতে চাইলাম বাড়ি কোথায়, কে কে আছেন বাড়িতে, দুবাইয়ে কি কাজ করেন। কোন ইতস্তত না করে সরল প্রকৃতির মনসুর বললেন, ঢাকার অদূরে মানিকগঞ্জে তাঁর বাড়ি। বাড়িতে সবাই আছেন – মা, বাবা, ভাইবোন। এখনও বিয়ে করেননি। ছ' বছর পর বাংলাদেশে এসেছিলেন তিন মাসের ছুটি নিয়ে। মা-বাবা অনেক চেষ্টা করেছিলেন পরিণয়ে আবদ্ধ করার। তিনি সম্মত হননি। এই ছ' বছরে কুঁড়েঘরকে টিনের চালায় রূপান্তরিত করেছেন। মেঝেটা পাকা করেছেন। দুই বোনের বিবাহ দিয়েছেন তার আয় থেকে। মা-বাবাকে কোন কাজ করতে দেন না। ছোট ভাই এমএ পাস করার পর বিয়ে করবেন– এটাই তাঁর ব্রত। ভাইটি উচ্চ মাধ্যমিকে পড়ছে। কি করেন প্রশ্নের জবাবে কোন আড়াল-আবডাল না করে বললেন, মালিকের বাড়ির পায়খানা পরিষ্কার করি। বুঝতে কষ্ট হয় না তিনি সুইপার বা পরিচ্ছন্নকর্মীর কাজ করছেন।

আমার মনে পড়ল ১৯৯৯ সালের কথা। মালয়েশিয়ান পাম অয়েলের বাংলাদেশ প্রতিনিধির ব্যবস্থাপনায় ১০ দিনের জন্য মালয়েশিয়ায় এক সফরে গিয়েছিলাম। সেখানে বড় বড় বিপণি বিতানে বেশ ক'জন বাংলাদেশীর সাথে পরিচয় হয় – সবাই ছিলেন পরিচ্ছন্নকর্মী। মনসুর ভাইয়ের জন্যে আমার হৃদয় আর্দ্র হয়ে উঠলো। দুবাই বিমানবন্দরে নেমে আমাদের দু'জনার পথ দু'দিকে চলে গেল। পরস্পরের কাছ থেকে বিদায় নেয়ার আগে আমি তাঁকে আমার বুকে চেপে ধরে বললাম, 'নিজেকে কখনোই ছোট ভাববেন না। আপনি একজন অনেক বড় মাপের মানুষ। আপনি আপনার ভাই-বোন, মা-বাবার জন্য আত্মত্যাগ করছেন। আপনাদের এই আয় আমাদের অর্থনীতিকে চাঙ্গা করছে। পরনির্ভরতা কমছে।' তিনি আমার কথা বুঝতে পারলেন কিনা জানি না, তবে তাঁর দুই চোখের কোণা চিকচিক করে উঠল।

দুবাই-নিউইয়র্ক পথে আমার জায়গা হল আমাদেরই এক সফরসঙ্গী শওগাত হোসেন সাগরের পাশে। চার আসনবিশিষ্ট সারি। অর্থাৎ প্রতি সারিতে চারজন করে যাত্রীর বসার ব্যবস্থা। আমি চেষ্টা করে আইলে (Aisle) আসনের ব্যবস্থা করেছি। আমার বাম পাশে সাগর। সাগর বয়সে আমার কনিষ্ঠ এবং আমার খুবই স্নেহভাজন। ১২ ঘণ্টা ভ্রমণ। ক্লান্তি যেন পেয়ে না বসে সেজন্য বিমান কর্তৃপক্ষ সব ধরনের ব্যবস্থা করে রেখেছেন। এন্তার খাবার। চকলেট, কলা, বিস্কুট, স্ন্যাকসের কোন ঘাটতি নেই। বিমানের ভেতরে দিন-রাত বোঝার উপায় নেই।

দুপুরের আগে থেকে বিমান কর্তৃপক্ষ সব আলো নিভিয়ে দিয়ে ঘুমের পরিবেশ তৈরি করলেন। বেশ ঠাণ্ডা। আমি একটা কম্বল চেয়ে নিলাম। উড়োজাহাজে আমার কখনোই ঘুম আসে না। সবাই ঘুমুচ্ছেন। শুধু বিমানের ছন্দবদ্ধ শব্দ। এই শব্দ নিস্তব্ধতাকে যেন আরো গাঢ় করে দিচ্ছে। হঠাৎ মনটা বিষণ্ন হয়ে উঠল। আমার দুই বাচ্চা– তিয়াষ আর তৃপ্ত। বড় ছেলে তিয়াষ – মানে আরো চাই। ছোট ছেলে তৃপ্ত। অর্থাৎ আর নয়। এ চাওয়া মহান আল্লাহতায়ালার কাছে। ওদের কচি মুখ মনে পড়ল। স্ত্রীর সযত্নে স্যুটকেস গুছিয়ে দেয়ার কথা। নিঃশব্দে মুখ ভার করে নিচু হয়ে সারাদিন কাজ করেন সংসারের ভাগ্য ফিরাতে। ব্র্যাকে প্রচণ্ড কাজের চাপের পর ঘরে ফিরে বাচ্চাদের নিয়ে পড়ান। তাদের পড়াশুনার খোঁজখবর নেন। খোঁজখবর নেন আমাদের সকলের। অভিযোগশূন্য এই দৃশ্য প্রতিদিনের। কিন্তু কখনো এ নিয়ে আলাদা করে ভাবার সুযোগ বা প্রয়োজনবোধ করিনি। আজ এই নিস্তব্ধ দুপুরে পৃথিবীর মাটি থেকে অন্তত ৩৩ হাজার ফুট উঁচুতে উড়ন্ত মানুষ এই আমি এসব কথা ভাবছি।

চিন্তায় ছেদ ঘটল। বিমান চালকের দৃঢ়, বলিষ্ঠ এবং ভরাট কণ্ঠের ঘোষণা সব যাত্রীর প্রতি। সামনে টারবুলেন্ট ওয়েদার। কেউ আসন থেকে উঠবেন না। শক্ত করে বেল্ট বাঁধুন। মুহূর্তে লাইট জ্বলে উঠল। বিমানবালারা দ্রুত সবার বেল্ট চেক করতে লাগলেন। সাগরকে আমি মৃদু ধাক্কা দিয়ে জাগিয়ে তুললাম এবং সিট বেল্টের দিকে মনোযোগ দিতে বললাম। কয়েক মিনিট পরেই ঘোষণার সারমর্ম বুঝতে পারলাম। ঘন ঘন বিমানযাত্রার ফলে এ-ধরনের পরিস্থিতি আমরা যারা সাংবাদিক আমাদের কাছে নতুন কিছু নয়। কিন্তু শিশু ও মায়েদের কান্নার আওয়াজ ভেসে এলো। এভাবে কয়েক মিনিট বিমান চললো ঝড়ো বাতাস উপেক্ষা করে। এক সময় বিমান আরো উঁচুতে উঠে গেল ঝড়ো বাতাসের এই পকেট থেকে বেরিয়ে আসার জন্য।

সুদীর্ঘ যাত্রার পরিসমাপ্তি ঘটিয়ে এক সময় আমাদের উড়োজাহাজ নিউইয়র্কের জন এফ কেনেডি বিমানবন্দরের রানওয়ে স্পর্শ করল। দীর্ঘ আকাশপথের ভ্রমণ – সবাই ক্লান্ত। আমরা এক এক করে উড়োজাহাজ থেকে নেমে পড়লাম। জীবনে এই প্রথম বহুল শ্রুত ও আলোচিত মার্কিন মুলুকের মাটিতে পা পড়ল। সবার মধ্যে স্বস্তির নিঃশ্বাস। ইমিগ্রেশনের জন্য দীর্ঘ লাইনে লোকজন দাঁড়িয়ে আছেন। আমরা আট সাংবাদিক ভাগাভাগি করে বিভিন্ন সারিতে দাঁড়ালাম। আমি মুখোমুখি হলাম এক তরুণী কর্মকর্তার। উচ্চারণ ভঙ্গিতে দক্ষিণ এশিয়ার কোন দেশের বংশোদ্ভূত মার্কিন নাগরিক বলে মনে হল। পাসপোর্ট তাঁর হাতে সমর্পণ করে দাঁড়িয়ে থাকলাম। আমাদের প্রত্যেকের কাছে মুখবন্ধ সাদা খাম ছিল। এই খাম ঢাকার মার্কিন দূতাবাস থেকে দেয়া হয়েছে নিউইয়র্কে সাক্ষাৎকারের সময় অভিবাসন কর্মকর্তার হাতে সঁপে দেয়ার জন্যে। খামের ভেতরে কি লেখা আছে আমরা কেউ জানি না। তবে এটি যে দেশের অভ্যন্তরে প্রবেশের সুপারিশপত্র সেটা বুঝতে কষ্ট হল না। কর্মকর্তা দ্রুত খামের মুখ খুলে ভেতরের কাগজ বের করে পড়লেন। এরপর আমার দিকে তাকিয়ে টুকটাক প্রশ্ন করলেন। কেন এসেছি, কোথায় যাবো, এ দেশে কতদিন থাকতে চাই ইত্যাদি গৎবাঁধা মামুলি ধরনের প্রশ্ন। আমি সব প্রশ্নের উত্তর দিয়ে যাই বাড়তি কথার ডালপালা ছেঁটে। কাউন্টারের কাজ সেরে বেরিয়ে আসতেই তরুণী আমাকে ডাকলেন। 'মি. কাদির আপনার পাসপোর্ট।' আমি অনেক কৃতজ্ঞতা জানিয়ে পাসপোর্ট গ্রহণ করে বেরিয়ে এলাম। ইতোমধ্যে যাদের পাসপোর্ট হাতে এসেছে তারা একটা সুনির্দিষ্ট জায়গায় দাঁড়িয়ে অন্যদের জন্যে অপেক্ষা করছিলাম। কিছু সময়ের মধ্যে সবাই এক জায়গায় জড়ো হলাম।

এবার আমাদের অভ্যন্তরীণ বিমানবন্দরে যেতে হবে। আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন। আমরা সবাই আমাদের লাগেজ সংগ্রহ করে ট্রলিতে ভরে দ্রুত ছুটে চললাম অভ্যন্তরীণ বিমানবন্দরে। এর পরের গন্তব্য যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে। সংক্ষেপ করে অনেকে একে শুধু ডিসি বলেন। শুরু হল বিমানবন্দরের চেকিংয়ের কড়াকড়ি। লাগেজ স্বাভাবিক নিয়মে বেল্টে দিয়ে দেয়ার পর আমরা চেক-ইন স্তর পার হলাম। তবে অভ্যন্তরীণ বিমানবন্দর হলেও সতর্কতার সঙ্গে প্রত্যেকের চেকিং চলল। পায়ের জুতা, হাতের ঘড়ি, পকেটের ওয়ালেট, কোমরের বেল্ট সবই খুলে ট্রেতে রাখতে হলো। চেকিং শেষে এক সময় স্বস্তির নিঃশ্বাস ফেলে বিমানে ওঠার জন্যে দাঁড়িয়ে গেলাম। এক ঘণ্টারও কম সময়ে আমরা ডিসিতে পৌঁছলাম। এখানে মার্কিন পররাষ্ট্র দফতরের এক মহিলা কর্মকর্তা আমাদের গ্রহণ করার জন্যে অপেক্ষা করছিলেন। তিনি সহজেই আমাদের চিনে নিতে পারলেন। হাজার হাজার সাদা চামড়ার মানুষের ভিড়ে বাদামি চেহারার এই আট জনকে চিনে নিতে তাঁর কোন বেগ পেতে হল না। আমি এগিয়ে হাত মেলালাম। আমার দীর্ঘ নাম উচ্চারণ করে বললাম, "You can address me either Quadir or Serajul, Serajul Islam 1st name." তিনি সিরাজুল বলে ডাকাতেই পছন্দ করলেন। আমারও ভাল লাগল। এক এক করে সবাই পরিচিত হলেন। এই কর্মকর্তার নাম বেটি মুর। গাইড হিসেবে কাজ করেন। কেতাদুরস্ত ব্রিটিশ ইংরেজি উচ্চারণভঙ্গীতে বললেন, 'আগামী প্রায় এক মাস আমি আপনাদের সঙ্গে থাকবো। পথ প্রদর্শকের দায়িত্ব আমার। মার্কিন পররাষ্ট্র দপ্তরের পক্ষ থেকে আমাকে এই দায়িত্ব দেয়া হয়েছে।'

ফর্সা, মাঝারি উচ্চতার বেটি মুরের বয়স দেখে আন্দাজ হলো ৫০ থেকে ৫৫ বছর। প্যান্ট পরা। উপরে সাদা শার্ট। বেশ ফর্সা। কোঁকড়ানো চুল। মুখে সদা হাসি লেগে আছে। যা বলার সরাসরি বলেন। পরে জানতে পারি, তিনি সময়কে ব্যস্ত করে রাখার জন্যে এই ধরনের কাজ করেন। অন্যের জন্যে নয় – নিজেকে ব্যস্ত রাখার জন্য। ব্রিটিশ বংশোদ্ভূত আমেরিকান নাগরিক। লন্ডনে দুটো বাড়ির মালিক। একটা বাড়ি একমাত্র মেয়েকে উপহার হিসেবে দিয়েছেন। সেখানে তিনি তাঁর ঘর-সংসার গড়ে তুলেছেন। এছাড়া আরেকটা বাড়ি প্যারিসে। খুব ব্যয়বহুল জায়গায়। অবসর কাটাতে যান মাঝে মধ্যে। আমাদের সরাসরি নিয়ে যাওয়া হলো শহরের প্রাণকেন্দ্রের একটি মাঝারি গোছের হোটেলে। এই হোটেলেই আমাদের আগামী ছ' দিন থাকতে হবে। মোট সাতটি রাজ্যে আমাদের ভ্রমণ। তবে এর মধ্যে দীর্ঘ সময় কাটবে ওয়াশিংটনে – রাজধানী বলে। পররাষ্ট্র দফতর এবং বাণিজ্য মন্ত্রণালয়সহ গুরুত্বপূর্ণ সরকারি অফিসের পদস্থ কর্মকর্তাদের সঙ্গে বেশ কয়েকটি অবহিতকরণ আলোচনা অনুষ্ঠানে অংশ নিতে হবে।

আসন সমীকরণ মিলছে না, ৫ জোটে বিভক্ত দলগুলো

রাজীব আহাম্মদ ও কামরুল হাসান : দেশের নির্বাচনমুখী দলগুলো এ মুহূর্তে পাঁচটি জোটে বিভক্ত। তবে নির্বাচনী আসন বণ্টন জটিলতায় জোটগুলো অটুট থাকবে কিনা, তা নিশ্চিত করে বলা যাচ্ছে না। বিএনপির সঙ্গে আসন নিয়ে টানাপোড়েন চলছে ক্ষুব্ধ মিত্র দলগুলোর। বিএনপির কাছ থেকে প্রত্যাশিত আসন না পাওয়া কয়েকটি দল জামায়াতে ইসলামীর 'নির্বাচনী সমঝোতা'র বলয়ে ঝুঁকছে। কিন্তু সেখানেও আসন নিয়ে টানাপোড়েন আছে।

গতকাল রোববার নিজেরা পৃথক জোট করলেও বিএনপি অথবা জামায়াতের সঙ্গে আসন সমঝোতার পথ খোলা রেখেছে এনসিপি।

ভোটের মাঠে বড় শক্তি নয়, কিন্তু পরিচিত- এমন ৯টি বামপন্থি দলও নির্বাচনী জোট করেছে। জাতীয় পার্টিসহ (জেপি) আওয়ামী লীগের কয়েকটি মিত্র দলের জোটের আজ সোমবার আত্মপ্রকাশ করার কথা আছে। কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের মতো তৎপরতা নেই ১৪ দলের শরিকদের। আর ফ্যাসিবাদের দোসর তকমা পাওয়া জাতীয় পার্টি এখনও একা। দলটির নির্বাচনী তৎপরতা দৃশ্যমান নয়।



দলগুলো কে কোন জোটে

আগামী ফেব্রুয়ারির সংসদ নির্বাচনে বিএনপির সঙ্গে আছে ১২ দলীয় জোট, ১১ দলের জাতীয়তাবাদী সমমনা জোট, পাঁচদলীয় গণতন্ত্র মঞ্চ, এলডিপি, বিজেপি, এনডিএম, গণঅধিকার পরিষদ, জমিয়তে উলামায়ে ইসলাম ও গণফোরাম।

জামায়াত নেতৃত্বাধীন নির্বাচনী সমঝোতায় রয়েছে ইসলামী আন্দোলন, বাংলাদেশ ইসলামী আন্দোলন, বাংলাদেশ খেলাফত মজলিস, খেলাফত মজলিস, খেলাফত আন্দোলন, জাগপা, ও বিডিপি। আসন না পেয়ে বিএনপিকে বিশ্বাসঘাতক আখ্যা দিয়ে সঙ্গ ছাড়া লেবার পার্টি জামায়াতের সঙ্গে সমঝোতার চেষ্টা করছে বলে জানা গেছে।

এনসিপি, এবি পার্টি ও রাষ্ট্র সংস্কার আন্দোলন মিলে গণতান্ত্রিক সংস্কার জোট করেছে। গতকাল এই জোট আত্মপ্রকাশ করেছে। বিএনপির কাছ থেকে আসনের আশ্বাস না পাওয়া রাষ্ট্র সংস্কার আন্দোলন গণতন্ত্র মঞ্চ ছেড়ে এই জোটে এসেছে। আসন না পাওয়া আরও কয়েকটি দল আসতে পারে বলে সূত্র জানিয়েছে।

সিপিবি, বাসদ, বাসদ (মার্কসবাদী), গণতান্ত্রিক বিপ্লবী পার্টি, বিপ্লবী কমিউনিস্ট লীগ, সমাজতান্ত্রিক আন্দোলন, বাংলাদেশ জাসদ, ঐক্য-ন্যাপ, বাসদ (মাহবুব) মিলে গঠন করেছে গণতান্ত্রিক যুক্তফ্রন্ট।

জাতীয়তাবাদী গণতান্ত্রিক জোট নামে নির্বাচনী মোর্চার ঘোষণা দিয়েছে জাতীয় পার্টি (জেপি), জাতীয় পার্টি (আনিস-হাওলাদার), জাপা (মতিন), মুসলিম লীগ, এনপিপিসহ ১৬টি দল। জি এম কাদেরের সঙ্গে নেতৃত্ব নিয়ে বিরোধে শেখ হাসিনা সরকারের মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ এবং এ বি এম রুহুল আমিন হাওলাদারের নেতৃত্বে গত আগস্টে জাতীয় পার্টি ভেঙে একই নামে আরেকটি দল হয়। নিবন্ধিত জেপি, জাপা (মতিন), মুসলিম লীগ, এনপিপি ডামিখ্যাত ৭ জানুয়ারির নির্বাচনে অংশ নিয়েছিল।

নিবন্ধিত ৫৬ দলের মধ্যে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ। আওয়ামী লীগের সঙ্গে থাকা ওয়ার্কার্স পার্টি, জাসদ, তরীকত ফেডারেশন, বিকল্পধারাসহ কয়েকটি দলের এখন দৃশ্যমান কার্যক্রম নেই।

বিএনপির মিত্রদের ক্ষোভ, খুঁজছে ভবিষ্যৎ

দুই দফায় ২৭২ আসনে দলীয় প্রার্থী ঘোষণা করেছে বিএনপি। বাকি ২৮ আসনের ১২টিতে মিত্র দলের নেতাদের প্রার্থী করার বিষয়ে নিশ্চয়তা দিয়েছে তারা। তিনটি আসন মিত্র দলগুলোকে ছাড়তে আলোচনা চলছে। বাকি ১৩ আসনের চারটিতে সীমানা জটিলতার কারণে ১০-এর পৃষ্ঠায় দেখুন

রাজনীতির চক্করে রূপপুর

নাজমুল লিখন : দফায় দফায় সময়সীমা পিছিয়েও চালু করা হয়নি দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। এজন্য বিদ্যুৎ সঞ্চালন লাইন তৈরি না হওয়ার দোহাই দেওয়া হলেও প্রায় ৬ মাস আগে শেষ হয়েছে প্রথম ইউনিটের বিদ্যুৎ সঞ্চালন লাইনের নির্মাণকাজ। তারপরও কেন বিলম্ব? এ প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে জানা গেছে, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র চালু না হওয়ার পেছনে রয়েছে ভূরাজনীতি, প্রকল্পের কাজে তদারকির অভাবসহ বেশ কিছু কারণ।

প্রকল্পটি অন্তত তিন বছর পিছিয়ে থাকায় সাশ্রয়ী দামে নিরবচ্ছিন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে বাংলাদেশ। পাশাপাশি প্রকল্পের কর্মীদের বেতন-ভাতা ও অন্য ব্যয় বাড়ছে। উৎপাদন শুরুর আগেই গুনতে হচ্ছে ঋণের সুদ। ডলারের বিপরীতে টাকার অবমূল্যায়নের কারণে ইতিমধ্যে প্রকল্পটিতে ২৬ হাজার কোটি টাকা ব্যয় বাড়ানোর প্রস্তাব উঠেছে।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মো. আনোয়ার হোসেন দেশ রূপান্তরকে বলেন, 'গত দুই মাসে 'ম্যাসিভ' কাজ হয়েছে। নিয়মিত তদারকি করা হচ্ছে প্রকল্পকাজ। ডিসেম্বরেই প্রথম ইউনিটে ফুয়েল লোড করা যাবে ইনশাআল্লাহ। এরপরও না হলে সেজন্য রাশিয়ানরা দায়ী থাকবে।'

রাশিয়ার আর্থিক ও কারিগরি সহায়তায় প্রকল্পটি বাস্তবায়ন করছে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন। ১ হাজার ২০০ মেগাওয়াটের দুটি ইউনিট মিলে ২ হাজার ৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতাসম্পন্ন কেন্দ্রটি নির্মাণ করছে রাশিয়ার রাষ্ট্রীয় পরমাণু সংস্থা রসাটম।

প্রকল্পটির প্রথম ইউনিট ২০২৩ সালে এবং দ্বিতীয় ইউনিট ২০২৪ সালে উৎপাদনে যাওয়ার কথা ছিল। কয়েক দফা সময়সীমা পিছিয়ে সর্বশেষ চলতি ডিসেম্বর মাসে প্রথম ইউনিটের বিদ্যুৎ উৎপাদন শুরুর সময় নির্ধারণ করা হয়।

প্রকল্পসংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, প্রথম ইউনিটের নির্মাণকাজ শেষে পরীক্ষা-নিরীক্ষার কাজ চলছে। অনেক প্রস্তুতি এখনো বাকি। ফলে এ মাসে জ্বালানি লোড করা নিয়ে শঙ্কা রয়েছে। জ্বালানি লোড করে বিদ্যুৎ উৎপাদন শুরু করতে তিন মাস লাগবে। পূর্ণ ক্ষমতায় বিদ্যুৎ উৎপাদন করতে লাগবে আরও সাত মাস। মোট ১০ মাস সময় লাগবে। এ হিসাবে এই মাসে জ্বালানি লোড করা হলেও প্রথম ইউনিটের বিদ্যুৎ পুরোপুরি পাওয়া যাবে আগামী বছরের শেষ নাগাদ। দ্বিতীয় ইউনিট কবে চালু হবে সে বিষয়ে কেউ নিশ্চিত নয়।



...রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিদ্যুৎকেন্দ্রের নির্মাণকাজ বেশ ব্যাহত হয়েছে। যুদ্ধের কারণে মার্কিন নিষেধাজ্ঞার ফলে ইউরোপের দেশগুলো রূপপুরের জন্য যন্ত্রপাতি দিতে অস্বীকৃতি জানায়। ইউক্রেন থেকে যেসব যন্ত্রপাতি আনার কথা ছিল, তাও বাতিল করে দেয় রাশিয়া। এরপর বিকল্প উৎস থেকে যন্ত্রপাতি আনা হয়। এসব যন্ত্রপাতির বড় অংশ সরবরাহ করে চীন। রাশিয়া থেকে রূপপুরের পণ্যবাহী জাহাজ আসা নিয়েও জটিলতা ছিল। একবার জাহাজ ফেরত পাঠানোর ঘটনাও ঘটেছে। রসাটমকে এখন এক জায়গার যন্ত্রপাতি অন্য জায়গায় পাঠিয়ে কাজ চালাতে হচ্ছে। বাংলাদেশেও দ্বিতীয় ইউনিটের মালামাল খুলে প্রথম ইউনিটে স্থাপনের নজির রয়েছে। এ নিয়ে উদ্বেগ জানিয়ে রসাটমকে চিঠিও দিয়েছে রূপপুর বিদ্যুৎ প্রকল্প কর্তৃপক্ষ...

এ বিষয়ে বিজ্ঞান সচিব বলেন, 'আমরা এখন প্রথম ইউনিটকেই সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছি। এরপর দ্বিতীয় ইউনিটে নজর দেব।' সরকারের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) সাম্প্রতিক এক প্রতিবেদনে বলা হয়েছে, ইউনিট-১ ও ২-এর নতুন উৎপাদন সূচি এখনো নিশ্চিত নয়; প্রকল্প দপ্তর অসমাপ্ত কাজের তালিকা দিতে পারেনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো শফিকুল ইসলাম দেশ রূপান্তরকে বলেন, '৬ বছরের প্রকল্প ৯ বছরেও শেষ না হওয়ার ক্ষতি অপূরণীয়। বিলম্বের কারণে বিদ্যুৎ না পেয়েও প্রতিদিন ১০-১২ কোটি টাকা সুদ গুনতে হচ্ছে বাংলাদেশকে। এ ছাড়া সেখানকার কর্মীদের বেতন-ভাতা বাবদ ও অন্যান্য খাতে ব্যয় হচ্ছে নিয়মিত। বিদ্যুৎকেন্দ্রের যন্ত্রপাতির আয়ুষ্কালও কমছে। কেন্দ্রটি চালু হলে সাশ্রয়ী দামে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পাওয়া যেত। সরকারেরও আয় বাড়ত। অন্যান্য বিদ্যুৎকেন্দ্রের জ্বালানির আমদানি ব্যয়ও কমত। কমত লোডশেডিং। বিদ্যুৎকেন্দ্র চালুতে যত দেরি হবে ক্ষতি ততই বাড়বে।'

যেসব কারণে প্রকল্প বাস্তবায়নে ধীরগতি : ধীরগতির কারণ অনেক। তবে সবকিছু ছাপিয়ে ভূরাজনীতির বিষয়টিই বড় কারণ হয়ে উঠেছে; এর প্রধান অনুষঙ্গ রাশিয়া-ইউক্রেন যুদ্ধ। আবার কোনো কোনো 'বড়' দেশ বাংলাদেশের জন্য মর্যাদার ও গুরুত্বের এ প্রকল্পে যাতে বিলম্ব ঘটে তার জন্য কলকাঠি নাড়ছে বলে মনে করছেন কেউ কেউ।

অন্তর্বর্তী সরকারের আমলে না হয়ে নির্বাচিত সরকারের আমলে কেন্দ্রটি চালু হওয়ার কথাও শোনা যাচ্ছে। আগামী বছরের ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের কথা রয়েছে। সে ক্ষেত্রে প্রথম ইউনিট মার্চে অথবা এর পরে চালু হওয়ার আভাস পাওয়া গেছে।

বর্তমান বিজ্ঞান সচিব দায়িত্ব নেওয়ার পর প্রকল্পের গতি বেড়েছে। তিনি প্রকল্প এলাকা পরিদর্শন করে দ্রুত কাজ শেষ করার চাপ দিচ্ছেন। এজন্য ঠিকাদারের পক্ষ থেকে প্রধান উপদেষ্টার কার্যালয়ে নালিশ করা হয়েছে বলেও একটি সূত্র জানিয়েছে।

সূত্রটি জানায়, ডিসেম্বরে ফুয়েল লোড করতে রাশিয়ান ঠিকাদার প্রতিষ্ঠান পুরোপুরি প্রস্তুত নয়।

পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে বিশ্ব জুড়ে রসাটমের সুনাম রয়েছে। বর্তমানে তাদের অন্তত আটটি দেশে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের কাজ চলছে; যেমন বাংলাদেশ, ভারত, চীন, উজবেকিস্তান, কাজাখস্তান, তুরস্ক, মিসর ও ১০-এর পৃষ্ঠায় দেখুন

ইতিহাসে প্রথমবার ৪৮ দল নিয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে ফিফা বিশ্বকাপ ২০২৬

১১ জুন মেক্সিকো সিটিতে মেক্সিকো ও দক্ষিণ আফ্রিকার ম্যাচ দিয়ে উদ্বোধন বিশ্বকাপের। বাংলাদেশ সময় রাত ১টায় শুরু হবে ম্যাচটি



মার্কিন যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা যৌথভাবে আয়োজন করবে এ আসর। ওয়াশিংটন ডিসির জন এফ. কেনেডি সেন্টারে প্রকাশ করা হয়েছে পূর্ণাঙ্গ ম্যাচসূচি

৪৮ দলের মহাযজ্ঞে গ্রুপভিত্তিক ম্যাচ

২০২৬ বিশ্বকাপ ফুটবলের পূর্ণাঙ্গ সূচি

তারিখ	ম্যাচ	ভেন্যু	বাংলাদেশ সময়
জুন ১১	গ্রুপ 'এ': মেক্সিকো-দক্ষিণ আফ্রিকা	মেক্সিকো সিটি	রাত ১টা
জুন ১২	গ্রুপ 'এ': দক্ষিণ কোরিয়া-উয়েফা প্লে অফ ডি	গুয়াদালহারা	সকাল ৮টা
	গ্রুপ 'বি': কানাডা-উয়েফা প্লে অফ এ	টরন্টো	রাত ১টা
জুন ১৩	গ্রুপ 'ডি': যুক্তরাষ্ট্র-প্যারাগুয়ে	লস অ্যাঞ্জেলেস	ভোর ৭টা
	গ্রুপ 'ডি': অস্ট্রেলিয়া-উয়েফা প্লে অফ সি	ভ্যাঙ্কুভার	সকাল ১০টা
	গ্রুপ 'বি': কাতার-সুইজারল্যান্ড	সান ফ্রান্সিসকো	রাত ১টা
জুন ১৪	গ্রুপ 'সি': ব্রাজিল-মরক্কো	নিউইয়র্ক-নিউজার্সি	ভোর ৪টা
	গ্রুপ 'সি': হাইতি-স্কটল্যান্ড	বোস্টন	সকাল ৭টা
	গ্রুপ 'ই': জার্মানি-কুরাসাও	হিউস্টন	রাত ১১টা
	গ্রুপ 'এফ': নেদারল্যান্ডস-জাপান	ডালাস	রাত ২টা
জুন ১৫	গ্রুপ 'ই': আইভরিকোস্ট-ইকুয়েডর	ফিলাডেলফিয়া	ভোর ৫টা
	গ্রুপ 'এফ': উয়েফা প্লে অফ বি-তিউনিসিয়া	মন্টেরেই	সকাল ৮টা
	গ্রুপ 'এইচ': স্পেন-কেপ ভার্দে	আটলান্টা	রাত ১০টা
	গ্রুপ 'জি': বেলজিয়াম-মিসর	সিয়াটল	রাত ১টা
জুন ১৬	গ্রুপ 'এইচ': সৌদি আরব-উরুগুয়ে	মায়ামি	ভোর ৪টা
	গ্রুপ 'জি': ইরান-নিউজিল্যান্ড	লস অ্যাঞ্জেলেস	সকাল ৭টা
	গ্রুপ 'জে': অস্ট্রিয়া-জর্ডান	সান ফ্রান্সিসকো	সকাল ১০টা
	গ্রুপ 'আই': ফ্রান্স-সেনেগাল	নিউইয়র্ক-নিউজার্সি	রাত ১টা
জুন ১৭	গ্রুপ 'আই': ফিফা প্লে অফ ২-নরওয়ে	বোস্টন	ভোর ৪টা
	গ্রুপ 'জে': আর্জেন্টিনা-আলজেরিয়া	কানসাস সিটি	সকাল ৭টা
	গ্রুপ 'কে': পর্তুগাল-ফিফা প্লে অফ ১	হিউস্টন	রাত ১১টা
	গ্রুপ 'এল': ইংল্যান্ড-ক্রোয়েশিয়া	ডালাস	রাত ২টা
জুন ১৮	গ্রুপ 'এল': ঘানা-পানামা	টরন্টো	ভোর ৫টা
	গ্রুপ 'কে': উজবেকিস্তান-কলম্বিয়া	মেক্সিকো সিটি	সকাল ৮টা
	গ্রুপ 'এ': উয়েফা প্লে অফ ডি-দক্ষিণ আফ্রিকা	আটলান্টা	রাত ১০টা
	গ্রুপ 'বি': সুইজারল্যান্ড-উয়েফা প্লে অফ এ	লস অ্যাঞ্জেলেস	রাত ১টা
জুন ১৯	গ্রুপ 'বি': কানাডা-কাতার	ভ্যাঙ্কুভার	ভোর ৪টা
	গ্রুপ 'এ': মেক্সিকো-দক্ষিণ কোরিয়া	গুয়াদালহারা	সকাল ৭টা
	গ্রুপ 'ডি': উয়েফা প্লে অফ সি-প্যারাগুয়ে	সান ফ্রান্সিসকো	সকাল ১০টা
	গ্রুপ 'ডি': যুক্তরাষ্ট্র-অস্ট্রেলিয়া	সিয়াটল	রাত ১টা
জুন ২০	গ্রুপ 'সি': স্কটল্যান্ড-মরক্কো	বোস্টন	ভোর ৪টা
	গ্রুপ 'সি': ব্রাজিল-হাইতি	ফিলাডেলফিয়া	সকাল ৭টা
	গ্রুপ 'এফ': তিউনিসিয়া-জাপান	মন্টেরেই	সকাল ১০টা
	গ্রুপ 'এফ': নেদারল্যান্ডস-উয়েফা প্লে অফ বি	হিউস্টন	রাত ১১টা
	গ্রুপ 'ই': জার্মানি-আইভরিকোস্ট	টরন্টো	রাত ২টা
জুন ২১	গ্রুপ 'ই': ইকুয়েডর-কুরাসাও	কানসাস সিটি	ভোর ৬টা
জুন ২১	গ্রুপ 'এইচ': স্পেন-সৌদি আরব	আটলান্টা	রাত ১০টা
	গ্রুপ 'জি': বেলজিয়াম-ইরান	লস অ্যাঞ্জেলেস	রাত ১টা
জুন ২২	গ্রুপ 'এইচ': উরুগুয়ে-কেপ ভার্দে	মায়ামি	ভোর ৪টা
	গ্রুপ 'জি': নিউজিল্যান্ড-মিসর	ভ্যাঙ্কুভার	সকাল ৭টা
	গ্রুপ 'জে': আর্জেন্টিনা-অস্ট্রিয়া	ডালাস	রাত ১১টা
	গ্রুপ 'আই': ফ্রান্স-ফিফা প্লে অফ ২	ফিলাডেলফিয়া	রাত ৩টা
জুন ২৩	গ্রুপ 'আই': নরওয়ে-সেনেগাল	নিউইয়র্ক-নিউজার্সি	সকাল ৬টা
	গ্রুপ 'জে': জর্ডান-আলজেরিয়া	সান ফ্রান্সিসকো	সকাল ৯টা
	গ্রুপ 'কে': পর্তুগাল-উজবেকিস্তান	হিউস্টন	রাত ১১টা
	গ্রুপ 'এল': ইংল্যান্ড-ঘানা	বোস্টন	রাত ২টা
জুন ২৪	গ্রুপ 'এল': পানামা-ক্রোয়েশিয়া	টরন্টো	ভোর ৫টা
	গ্রুপ 'কে': কলম্বিয়া-ফিফা প্লে অফ ১	গুয়াদালাহারা	সকাল ৮টা
	গ্রুপ 'বি': কানাডা-সুইজারল্যান্ড	ভ্যাঙ্কুভার	রাত ১টা
	গ্রুপ 'বি': উয়েফা প্লে অফ এ-কাতার	সিয়াটল	রাত ১টা
জুন ২৫	গ্রুপ 'সি': স্কটল্যান্ড-ব্রাজিল	মায়ামি	ভোর ৪টা
	গ্রুপ 'সি': মরক্কো-হাইতি	আটলান্টা	ভোর ৪টা
	গ্রুপ 'এ': মেক্সিকো-উয়েফা প্লে অফ ডি	মেক্সিকো সিটি	সকাল ৭টা
	গ্রুপ 'এ': দক্ষিণ কোরিয়া-দক্ষিণ আফ্রিকা	মন্টেরেই	সকাল ৭টা
	গ্রুপ 'ই': ইকুয়েডর-জার্মানি	নিউইয়র্ক-নিউজার্সি	রাত ২
	গ্রুপ 'ই': কুরাসাও-আইভরিকোস্ট	ফিলাডেলফিয়া	রাত ২টা
জুন ২৬	গ্রুপ 'এফ': জাপান-উয়েফা প্লে অফ বি	ডালাস	ভোর ৫টা
	গ্রুপ 'এফ': তিউনিসিয়া-নেদারল্যান্ডস	কানসাস সিটি	ভোর ৫টা
	গ্রুপ 'ডি': যুক্তরাষ্ট্র-উয়েফা প্লে অফ সি	লস অ্যাঞ্জেলেস	সকাল ৮টা
	গ্রুপ 'ডি': প্যারাগুয়ে-অস্ট্রেলিয়া	সান ফ্রান্সিসকো	সকাল ৮টা
	গ্রুপ 'আই': নরওয়ে-ফ্রান্স	বোস্টন	রাত ১টা
	গ্রুপ 'আই': সেনেগাল-ফিফা প্লে অফ ২	টরন্টো	রাত ১টা
জুন ২৭	গ্রুপ 'এইচ': উরুগুয়ে-স্পেন	গুয়াদালাহারা	সকাল ৬টা
	গ্রুপ 'এইচ': কেপ ভার্দে-সৌদি আরব	হিউস্টন	সকাল ৬টা
	গ্রুপ 'জি': নিউজিল্যান্ড-বেলজিয়াম	ভ্যাঙ্কুভার	সকাল ৯টা
	গ্রুপ 'জি': মিসর-ইরান	সিয়াটল	সকাল ৯টা
	গ্রুপ 'এল': পানামা-ইংল্যান্ড	নিউইয়র্ক-নিউজার্সি	রাত ৩টা
	গ্রুপ 'এল': ক্রোয়েশিয়া-ঘানা	ফিলাডেলফিয়া	রাত ৩টা
জুন ২৮	গ্রুপ 'কে': কলম্বিয়া-পর্তুগাল	মায়ামি	ভোর ৫-৩০ মি.
	গ্রুপ 'কে': ফিফা প্লে অফ ১-উজবেকিস্তান	আটলান্টা	ভোর ৫-৩০ মি.
	গ্রুপ 'জে': জর্ডান-আর্জেন্টিনা	ডালাস	সকাল ৮টা
	গ্রুপ 'জে': আলজেরিয়া-অস্ট্রিয়া	কানসাস সিটি	সকাল ৮টা

দ্বিতীয় রাউন্ড (শেষ ৩২)

তারিখ	ম্যাচ		ভেন্যু	বাংলাদেশ সময়
২৮ জুন	ম্যাচ ৭৩	এ ২-বি২	লস অ্যাঞ্জেলেস	রাত ৩টা
২৯ জুন	ম্যাচ ৭৬	সি১-এফ২	হিউস্টন	রাত ১১টা
	ম্যাচ ৭৪	ই১-এ/বি/সি/ডি/এফ-৩	বোস্টন	রাত ২-৩০ মি.
৩০ জুন	ম্যাচ ৭৫	এফ১-সি২	মন্টেরেই	সকাল ৭টা
	ম্যাচ ৭৮	ই২-আই২	ডালাস	রাত ১১টা
৩০ জুন	ম্যাচ ৭৭	আই১-সি/ডি/এফ/জি/এইচ-৩	নিউইয়র্ক-নিউজার্সি	রাত ৩টা
১ জুলাই	ম্যাচ ৭৯	এ১-সি/ই/এফ/এইচ/আই-৩	মেক্সিকো সিটি	সকাল ৭টা
১ জুলাই	ম্যাচ ৮০	এল১-ই/এফ/এইচ/আই/জে/কে-৩	আটলান্টা	রাত ১০টা
১ জুলাই	ম্যাচ ৮২	জি১-এ/ই/এইচ/আই/জে-৩	সিয়াটল	রাত ২টা
২ জুলাই	ম্যাচ ৮১	ডি১-বি/ই/এফ/আই/জে-৩	সান ফ্রান্সিসকো	সকাল ৬টা
২ জুলাই	ম্যাচ ৮৪	এইচ১-জে২	লস অ্যাঞ্জেলেস	রাত ১টা
৩ জুলাই	ম্যাচ ৮৩	কে২-এল২	টরন্টো	ভোর ৫টা
৩ জুলাই	ম্যাচ ৮৫	বি১-ই/এফ/জি/আই/জে-৩	ভ্যাঙ্কুভার	সকাল ৯টা
৩ জুলাই	ম্যাচ ৮৮	ডি২-জি২	ডালাস	রাত ১২টা
৪ জুলাই	ম্যাচ ৮৬	জে১-এইচ২	মায়ামি	ভোর ৪টা
৪ জুলাই	ম্যাচ ৮৭	কে১-ডি/ই/আই/জে/এল-৩	কানসাস	সকাল ৭-৩০ মি.

শেষ ১৬, শেষ ৮, সেমিফাইনাল ও ফাইনালের সূচি

৪ জুলাই	ম্যাচ ৯০	জয়ী ম্যাচ ৭৩-জয়ী ম্যাচ ৭৫	হিউস্টন	রাত ১১টা
৪ জুলাই	ম্যাচ ৮৯	জয়ী ম্যাচ ৭৮-জয়ী ম্যাচ ৭৭	ফিলাডেলফিয়া	রাত ৩টা
৫ জুলাই	ম্যাচ ৯১	জয়ী ম্যাচ ৭৬-জয়ী ম্যাচ ৭৮	নিউইয়র্ক/নিউজার্সি	রাত ২টা
৬ জুলাই	ম্যাচ ৯২	জয়ী ম্যাচ ৭৯-জয়ী ম্যাচ ৮০	মেক্সিকো সিটি	সকাল ৬টা
৬ জুলাই	ম্যাচ ৯৩	জয়ী ম্যাচ ৮৩-জয়ী ম্যাচ ৮৪	ডালাস	রাত ১টা
৭ জুলাই	ম্যাচ ৯৪	জয়ী ম্যাচ ৮১-জয়ী ম্যাচ ৮২	সিয়াটল	সকাল ৬টা
৭ জুলাই	ম্যাচ ৯৫	জয়ী ম্যাচ ৮৬-জয়ী ম্যাচ ৮৮	আটলান্টা	রাত ১০টা
৭ জুলাই	ম্যাচ ৯৬	জয়ী ম্যাচ ৮৫-জয়ী ম্যাচ ৮৭	ভ্যাঙ্কুভার	রাত ২টা

কোয়ার্টার ফাইনাল

৯ জুলাই	ম্যাচ ৯৭	জয়ী ম্যাচ ৮৯-জয়ী ম্যাচ ৯০	বোস্টন	রাত ২টা
১০ জুলাই	ম্যাচ ৯৮	জয়ী ম্যাচ ৯৩-জয়ী ম্যাচ ৯৪	লস অ্যাঞ্জেলেস	রাত ১১টা
১১ জুলাই	ম্যাচ ৯৯	জয়ী ম্যাচ ৯১-জয়ী ম্যাচ ৯২	মায়ামি	রাত ৩টা
১২ জুলাই	ম্যাচ ১০০	জয়ী ম্যাচ ৯৫-জয়ী ম্যাচ ৯৬	কানসাস	সকাল ৭টা

সেমিফাইনাল

১৪ জুলাই	ম্যাচ ১০১	জয়ী ম্যাচ ৯৭-জয়ী ম্যাচ ৯৮	ডালাস	রাত ১টা
১৫ জুলাই	ম্যাচ ১০২	জয়ী ম্যাচ ৯৯-জয়ী ম্যাচ ১০০	আটলান্টা	রাত ১টা

স্থান নির্ধারণী

১৮ জুলাই	১০৩ তৃতীয়	স্থান নির্ধারণী ম্যাচ	মায়ামি	রাত ৩টা

ফাইনাল

১৯ জুলাই ১০৪ ফাইনাল নিউইয়র্ক-নিউজার্সি রাত ১টা

বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনার বিশ্বকাপ শুরু হবে বাংলাদেশ সময় ১৭ জুন সকাল ৭টা। আর্জেন্টিনা-আলজেরিয়ার ম্যাচটির ভেন্যু কানসাস সিটি। বিশ্ব চ্যাম্পিয়নদের পরের দুটি ম্যাচ ডালাসে। একটি শুরু হবে বাংলাদেশ সময় রাত ১১টায়, পরেরটি সকাল ৮টায়।

পাঁচবারের চ্যাম্পিয়ন ব্রাজিলের প্রথম ম্যাচ নিউইয়র্ক-নিউজার্সিতে বাংলাদেশ সময় ১৪ জুন ভোর ৪টায় মরক্কোর বিপক্ষে। ব্রাজিলের পরের দুটি ম্যাচ ফিলাডেলফিয়া ও মায়ামিতে সকাল ৭টা ও ভোর ৪টায়।

২০২৬ ফুটবল বিশ্বকাপের তিনটি মাসকট উন্মোচন করেছে ফিফা। এই তিনটি মাসকট আয়োজক দেশ **যুক্তরাষ্ট্র, কানাডা** ও **মেক্সিকো**র প্রতিনিধিত্ব করছে। মাসকট তিনটি হলো যথাক্রমে–**'ক্লাচ' নামের একটি টাক ঈগল, 'মেপল' নামের মুজ (এক ধরনের হরিণ)** এবং **মেক্সিকোর জঙ্গল থেকে আসা 'জায়ু' নামের জাগুয়ার**। এই আসরে প্রথমবারের মতো বিশ্বকাপ ফাইনালে থাকবে 'হাফটাইম শো'।





আয়োজক তিন দেশের শীর্ষ তিন নেতা

ফিফা বিশ্বকাপের ড্র অনুষ্ঠিত: কোন গ্রুপে কোন দল

ক্রীড়া ডেস্ক : দুই ঘণ্টার টানটান উত্তেজনার ড্র অনুষ্ঠানের পর নির্ধারণ হলো ২০২৬ ফিফা বিশ্বকাপের গ্রুপপর্বের প্রতিপক্ষরা। ড্র এর পর সবচেয়ে স্বস্তিতে আর্জেন্টিনা ও ব্রাজিল, আর সবচেয়ে কঠিন পরীক্ষায় পড়তে যাচ্ছে ইংল্যান্ড ও ক্রোয়েশিয়া।

বিশ্ব চ্যাম্পিয়ন আর্জেন্টিনা পড়েছে তুলনামূলক সহজ জে গ্রুপে। প্রতিপক্ষ অস্ট্রিয়া, আলজেরিয়া ও জর্ডান। প্রথম ম্যাচেই আলজেরিয়ার মুখোমুখি হবে লিওনেল স্কালোনির দল। অন্যদিকে সি গ্রুপে থাকা ব্রাজিল পেয়েছে মরক্কো, হাইতি ও স্কটল্যান্ডকে। মরক্কোর বিপক্ষেই টুর্নামেন্ট শুরু করবে সেলেসাওরা। ১৯৯৮ বিশ্বকাপে এই দুই দলের দেখা হয়েছিল, সেবার ৩-০ গোলের জয় পেয়েছিল ব্রাজিল।

ইউরোপিয়ান চ্যাম্পিয়ন স্পেন আছে এইচ গ্রুপে। প্রথম ম্যাচ তাদের কেপ ভার্দের বিপক্ষে। একই গ্রুপে আর আছে উরুগুয়ে ও সৌদি আরব।

ক্রিশ্চিয়ানো রোনালদোর পর্তুগাল রয়েছে কে গ্রুপে। উজবেকিস্তান, কলম্বিয়া ও আন্তঃমহাদেশীয় প্লে অফ জয়ী কঙ্গো/ জ্যামাইকা/নিউ ক্যালেডোনিয়া যেকোনো একদলের মুখোমুখি হবে প্রথম ম্যাচে।

সবচেয়ে আলোচিত গ্রুপ এল গ্রুপ–এবারের আসরের 'মৃত্যুকূপ'। ইংল্যান্ড ও ক্রোয়েশিয়ার সঙ্গে এই গ্রুপে রয়েছে আফ্রিকার শক্তিশালী দল ঘানা এবং পানামা।

গত দুই বিশ্বকাপেই গ্রুপপর্বে বিদায় নেওয়া জার্মানি পেয়েছে অপেক্ষাকৃত সহজ পথ। তারা ই গ্রুপে, যেখানে প্রতিপক্ষ কুরাসাও, ইকুয়েডর ও আইভরি কোস্ট। প্রথম ম্যাচ কুরাসাওয়ের সঙ্গে।

দুইবারের ফাইনালিস্ট ফ্রান্সকে পড়তে হয়েছে কঠিন আই গ্রুপে। আর্লিং হালান্ডের নরওয়ে, সেনেগাল এবং প্লে অফ জয়ী ইরাক/ সুরিনাম/বলিভিয়ার সঙ্গেই লড়তে হবে কিলিয়ান এমবাপ্পেদের।

ইউরোপিয়ান প্লে অফ পেরিয়ে ইতালি যদি চূড়ান্তপর্বে ওঠে, তবে তারা খেলবে বি গ্রুপে, প্রতিপক্ষ হবে কানাডা, কাতার ও সুইজারল্যান্ড।

ড্র যেভাবে হলো

ড্র অনুষ্ঠানের শুরুতে আয়োজক তিন দেশের শীর্ষ নেতা– কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি, মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লদিয়া শেইনবাউম ও যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তুলে নেন প্রথম তিনটি বল। এর মাধ্যমেই আগেই নির্ধারিত হয়ে থাকা তিন স্বাগতিক দলের গ্রুপ নিশ্চিত হয়। মেক্সিকো এ গ্রুপে, কানাডা বি গ্রুপে এবং যুক্তরাষ্ট্র ডি গ্রুপে।

এক নম্বর পট থেকে প্রথম দল ছিল ব্রাজিল, তারা সি গ্রুপের এক নম্বরে ছিল। এরপর জার্মানি ই গ্রুপের এক নম্বরে। নেদারল্যান্ডস এফ গ্রুপে, বেলজিয়াম জি গ্রুপে, স্পেন এইচ, আর্জেন্টিনা জে গ্রুপ, ফ্রান্স আই, পর্তুগাল কে, ইংল্যান্ড এল গ্রুপের প্রথম স্থানে জায়গা করে নেয়।

ফাইনালের আগে দেখা হবে না শীর্ষ দুই র‍্যাংকিংধারী দল স্পেন ও আর্জেন্টিনার, যদি তারা গ্রুপ চ্যাম্পিয়ন হয়। ইংল্যান্ড ও ফ্রান্সের বেলাতেও একই হিসাবনিকাশ।

দ্বিতীয় পট থেকে কোরিয়া এ গ্রুপের তিন নম্বর জায়গা পায়। সুইজারল্যান্ড বি গ্রুপের চার নম্বরে। সি গ্রুপের দুই নম্বরে মরক্কো। অস্ট্রেলিয়া যুক্তরাষ্ট্রের সঙ্গে ডি গ্রুপের তিন নম্বরে। ইকুয়েডর ই গ্রুপের চার নম্বরে। এফ গ্রুপে জাপান দুই নম্বরে। জি গ্রুপের তিন নম্বরে ইরান। এইচ গ্রুপের চার নম্বরে উরুগুয়ে। ফ্রান্সের সঙ্গে সেনেগাল আই গ্রুপের দ্বিতীয় স্থানে। জে গ্রুপে আর্জেন্টিনার সঙ্গে অস্ট্রিয়া তিন নম্বরে। পর্তুগালের সঙ্গে কে গ্রুপে কলাম্বিয়া চতুর্থ স্থানে। এল গ্রুপে ইংল্যান্ডের সঙ্গে ক্রোয়েশিয়া ছিল দুই নম্বরে।

তিন নম্বর পট থেকে দক্ষিণ আফ্রিকা এ গ্রুপের দুই নম্বরে। কাতার বি গ্রুপের তিন নম্বরে। প্যারাগুয়ে ডি গ্রুপের দুই নম্বরে। ই গ্রুপে আইভরি কোস্ট তিন নম্বরে। তিউনিসিয়া এফ গ্রুপের চার নম্বরে। মিশর জি গ্রুপের দ্বিতীয় স্থানে। স্কটল্যান্ড সি গ্রুপের চার নম্বরে। সৌদি আরব এইচ গ্রুপের তিন নম্বরে। জে গ্রুপে আলজেরিয়া দুই নম্বরে। কে গ্রুপে উজবেকিস্তান তিন নম্বরে। পানামা এল গ্রুপের চারে। নরওয়ে আই গ্রুপের চার নম্বরে।

চার নম্বর পটের ডেনমার্ক/নর্থ মেসিডোনিয়া/চেকিয়া/রিপাবলিক অব আয়ারল্যান্ড এ গ্রুপের চারে। নর্দার্ন আয়ারল্যান্ড/ ইতালি/ওয়েলস/বসনিয়া বি গ্রুপের দুইয়ে। হাইতি সি গ্রুপের তিনে। ই গ্রুপের চারে কুরাসাও। ইরাক/বলিভিয়া/ সুরিনাম আই গ্রুপের তিনে। কেপ ভার্দে স্পেনের সঙ্গে এইচ গ্রুপে দুই নম্বরে। তুরস্ক/রোমানিয়া/স্লোভাকিয়া/কসোভো ডি গ্রুপের চারে। ইউক্রেন/সুইডেন/ পোল্যান্ড/ আলবেনিয়া এফ গ্রুপের তিন নম্বরে। জর্ডান জে গ্রুপের চার নম্বরে। কঙ্গো/জ্যামাইকা/ নিউ ক্যালেডোনিয়া কে গ্রুপের দুই নম্বরে। ঘানা পড়েছে এল গ্রুপের তিনে। নিউজিল্যান্ড জি গ্রুপের চার নম্বরে।

গ্রুপ এ
মেক্সিকো, দক্ষিণ আফ্রিকা, কোরিয়া রিপাবলিক, ডেনমার্ক/নর্থ মেসিডোনিয়া/চেক রিপাবলিক/ রিপাবলিক অব আয়ারল্যান্ড

গ্রুপ বি
কানাডা, নর্দার্ন আয়ারল্যান্ড/ইতালি/ওয়েলস/বসনিয়া, কাতার, সুইজারল্যান্ড।

গ্রুপ সি
ব্রাজিল, মরক্কো, হাইতি, স্কটল্যান্ড।

গ্রুপ ডি
যুক্তরাষ্ট্র, প্যারাগুয়ে, অস্ট্রেলিয়া, তুরস্ক/রোমানিয়া/স্লোভাকিয়া/কসোভো।

গ্রুপ ই
জার্মানি, কুরাসাও, ইকুয়েডর, আইভরি কোস্ট।

গ্রুপ এফ
নেদারল্যান্ডস, জাপান, ইউক্রেন/সুইডেন/পোল্যান্ড/ আলবেনিয়া, তিউনিসিয়া।

গ্রুপ জি
বেলজিয়াম, মিশর, ইরান, নিউজিল্যান্ড।

গ্রুপ এইচ
স্পেন, কেপ ভার্দে, সৌদি আরব, উরুগুয়ে।

গ্রুপ আই
ফ্রান্স, সেনেগাল, ইরাক/বলিভিয়া/সুরিনাম, নরওয়ে।

গ্রুপ জে
আর্জেন্টিনা, আলজেরিয়া, অস্ট্রিয়া, জর্ডান।

গ্রুপ কে
পর্তুগাল, কঙ্গো/জ্যামাইকা/নিউ ক্যালেডোনিয়া, উজবেকিস্তান, কলম্বিয়া।

গ্রুপ এল
ইংল্যান্ড, ক্রোয়েশিয়া, ঘানা, পানামা।



ফিফার প্রথম শান্তি পুরস্কারে ভূষিত হলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ছবি: এবিসি সেভেন

নিজেই ফিফা শান্তি পুরস্কার পদক গলায় ঝুলালেন ট্রাম্প

ক্রীড়া ডেস্ক : বৈশ্বিক ফুটবল সংস্থা ফিফার প্রথম শান্তি পুরস্কারে ভূষিত হলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার (৫ ডিসেম্বর) ২০২৬ ফিফা বিশ্বকাপের ড্র-র আগে তিনি এই পুরস্কার নেন বলে বিবিসি জানিয়েছে।

ফিফার প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো চলতি বছর থেকে এই পুরস্কার চালু করেছেন, যা এমন ব্যক্তিকে দেওয়া হচ্ছে যিনি শান্তির জন্য অসাধারণ ও অনন্য পদক্ষেপ নিয়েছেন এবং সারা বিশ্বের মানুষকে ঐক্যবদ্ধ করেছেন।

বিশ্বকাপের ড্র-তে ইনফান্তিনোর সঙ্গে ট্রাম্পের হাজির হওয়া এবং গত কয়েক মাসে ফিফা প্রেসিডেন্টের সঙ্গে তার বেশ কবার একসঙ্গে দেখা যাওয়ায় ট্রাম্পই এই পুরস্কার পেতে যাচ্ছেন বলে আগে থেকেই ধারণা করা হচ্ছিল।

শুক্রবার ওয়াশিংটন ডিসিতে জন এফ কেনেডি সেন্টার ফর দ্য পারফর্মিং আর্টসে বিশাল এক সোনালি ট্রফির পাশাপাশি ইনফান্তিনোর কাছ থেকে একটি পদক ও সার্টিফিকেটও পান ট্রাম্প। অনুষ্ঠানে দেওয়া বক্তৃতায় ট্রাম্প বলেন, তিনি কূটনৈতিক হস্তক্ষেপের মাধ্যমে কোটি কোটি প্রাণ বাঁচিয়েছেন এবং 'শুরুর আগেই অনেক যুদ্ধ থামিয়ে দিয়েছেন।'

পুরস্কারে ভূষিত হয়ে মার্কিন প্রেসিডেন্ট বলেন, 'এটা সত্যিই আমার জীবনের অন্যতম সেরা সম্মান।' তিনি আরও দাবি করেন যে, ২০২৬ বিশ্বকাপ টিকেট বিক্রির নতুন রেকর্ড করেছে। ট্রাম্প বলেন, 'জিয়ান্নি অসাধারণ কাজ করেছেন। এটা আপনার (ইনফান্তিনো) ও খেলা হিসেবে ফুটবল বা যাকে আমরা সকার বলি, তার প্রতি চমৎকার এক উপহার। এই (টিকেট) সংখ্যা যা আমরা সম্ভব ভেবেছিলাম, তাকেও ছাড়িয়ে গেছে।'

ট্রাম্প আরও যোগ করেন, 'বিশ্ব এখন অনেক বেশি নিরাপদ। এক বছর আগেও যুক্তরাষ্ট্র খুব একটা ভালো করছিল না, এখন আমরা এই মুহূর্তে বিশ্বের সবচেয়ে আকর্ষণীয় দেশ।'

ফিফার কাছ থেকে এই সম্মাননা ট্রাম্প এমন এক সময়ে পেলেন, যখন তার প্রশাসন ইউক্রেন যুদ্ধ শেষ করার জন্য শাটল কূটনীতিতে নিয়োজিত রয়েছে। একই সময়ে ক্যারিবিয়ান সাগরে সন্দেহভাজন মাদকবাহী নৌকা লক্ষ্য করে চালানো প্রাণঘাতী হামলার জন্য তার প্রশাসন তীব্র সমালোচনার মুখে পড়েছে এবং এর পাশাপাশি অভিবাসীদের বিরুদ্ধে ট্রাম্পের বক্তব্য আরও কঠোর হয়েছে।

২০২৬ সালের বিশ্বকাপ যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো এই তিন দেশ মিলে আয়োজন করছে। আগামী বছরের ১১ জুন থেকে ১৯ জুলাই পর্যন্ত এই বৈশ্বিক আয়োজন হতে চলেছে। ড্র-র আনুষ্ঠানিক উদ্বোধনে অংশ নিতে পরে ট্রাম্প ফের মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লাউদিয়া শেইনবাউম ও কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির সঙ্গে মঞ্চে ওঠেন। পরে তারা ইনফান্তিওর তোলা এক সেলফির জন্য পোজও দেন।



টিকেট বিক্রির প্রসঙ্গে বলার পর ট্রাম্প আমেরিকান ফুটবল আর বিশ্বব্যাপী যে খেলাকে আমেরিকায় সকার নামে ডাকা হয়, তার নামের দ্বন্দ্ব নিয়ে মজাও করেন। তিনি বলেন, 'এনএফএলের জন্য আমাদের আরেকটা নাম বের করতে হবে। এটা ফুটবল, এখানে যুক্তরাষ্ট্রে আমরা একে সকার ডাকি, অথচ এটা সত্যিকারের ফুটবল। আমরা যে একে সকার ডাকি এর কোনো মানে হয় না।'

সূত্র: বিবিসি

যুক্তরাজ্যে বহিষ্কারে মুখে বাংলাদেশিসহ ৬০ জন

প্রথম পৃষ্ঠার পর

হচ্ছে। এদের মধ্যে বাংলাদেশিসহ রয়েছেন ভারত ও চীনা নাগরিক। জানা গেছে, তারা অবৈধভাবে যুক্তরাজ্যে ডেলিভারি পেশায় যুক্ত ছিলেন ।

যুক্তরাজ্য সরকার জানিয়েছে, যুক্তরাজ্যে অবৈধভাবে কাজ করতে গিয়ে ধরা পড়া ৬০ জন ডেলিভারি রাইডারকে নিজ দেশে থেকে ফেরত পাঠানো হবে।

হোম অফিস বলছে, নভেম্বর মাসে টানা সাতদিন সারা দেশের বিভিন্ন শহর, উপশহর ও গ্রামে পরিচালিত একটি জাতীয় অভিযানে মোট ১৭১ জন রাইডারকে আটক করা হয়েছে।

বর্ডার সিকিউরিটি মন্ত্রী অ্যালেক্স নরিস বিভিন্ন ফুড ডেলিভারি কোম্পানির প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছেন। তিনি কোম্পানিগুলোকে আরও সতর্ক হতে বলেছেন। বিশেষ করে ফেসিয়াল রিকগনিশন চেক বাড়াতে আহ্বান জানিয়েছেন। বলেছেন, যুক্তরাজ্যে কাজ করার অনুমতি নেই এমন ব্যক্তিকে যেন তাদের অ্যাকাউন্ট ব্যবহার করতে না দেওয়া হয়।

তিনি আরও বলেন,ওআমরা ডেলিভারি সেক্টরে বেআইনি কাজ বন্ধ করতে আইন আরও কঠোর আইন করছি, যাতে এই ধরনের অপরাধমূলক কাজ সমাজ থেকে দূর করা যায়ও

হোম অফিস জানিয়েছে, সলিহালের একটি রেস্টুরেন্ট থেকে দুইজন চীনা নাগরিক, লন্ডনের নিউহ্যাম থেকে বাংলাদেশি ও ভারতীয় চারজন রাইডার এবং নরউইচ থেকে ভারতীয় তিনজন রাইডারকে গ্রেফতার করা হয়েছে। এদের মধ্যে সাতজনকে এখন ফেরত পাঠানোর প্রক্রিয়ায় রাখা হয়েছে।

রুট পরিবর্তন হলো এফ ও এম ট্রেনের

প্রথম পৃষ্ঠার পর

যাত্রীদের মধ্যে প্রাথমিকভাবে ব্যাপক প্রভাব পড়তে পারে। এ পরিবর্তনের ফলে আটটি সাবওয়ে স্টেশনে দিয়ে যাতায়াতকারীদের প্রাথমিক বিড়ম্বনায়।

এমটিএর দাবি, এ রুট পরিবর্তনের ট্রেনের ভিড় এবং বিলম্ব কমবে।

এমটিএর তথ্যমতে, রুট পরিবর্তন ৮ ডিসেম্বর সোমবার সকাল ছয়টা থেকে কার্যকর হবে এবং সপ্তাহের কর্মদিবসে রাত সাড়ে নয়টা পর্যন্ত চলবে। তবে রাতের বিলম্ব সার্ভিসে কোনো পরিবর্তন নেই। এফ ট্রেন এখন কুইন্স প্লাজা, কোর্ট স্কোয়ার-২৩ স্ট্রিট, লেক্সিংটন অ্যাভিনিউ/৫৩ স্ট্রিট এবং ফিফথ অ্যাভিনিউ/৫৩ স্ট্রিটে থামবে। আর এম ট্রেন এবার ২১ স্ট্রিট-কুইন্সব্রিজ, রুজভেল্ট আইল্যান্ড, লেক্সিংটন অ্যাভিনিউ/৬৩ স্ট্রিট এবং ৫৭ স্ট্রিটে থামবে।

এমটিএ জানিয়েছে পরিবর্তনের লক্ষ্য শুধু এফ এবং এম নয়, ই এবং ট্রেনের সার্ভিসও আরও নির্ভরযোগ্য ও গতিশীল করা।

এমটিএ চেয়ারম্যান জান্নো লাইবার বলেন আমাদের সিস্টেমের অনেক কিছু ১০০ বছর আগে তৈরি। ট্রেনগুলো অনেক সময় স্টেশনে দাঁড়িয়ে থাকে কারণ অন্য লাইন আগে ক্রস করে। এই ধরনের ক্রসিং দূর করা দীর্ঘ সময় ধরে প্রয়োজন ছিল।

এদিকে আকস্মিক এ রুট পরিবর্তন নিয়ে অনেক যাত্রী এ পরিবর্তন নিয়ে প্রশ্ন তুলেছেন। নিক নিয়া বললেন যদি এটি এত জরুরি ছিল, কেন আগে করা হলো না। হঠাৎ এমন পরিবর্তন অনেকটা বিভ্রান্তিতে পড়তে হচ্ছে।

ম্যাসি রেয়েস বলেন, দশ বছর আগেও করা যেত। তবে অনেকেই পরিবর্তনকে স্বাগত জানাচ্ছেন।

সারা আয়ুব বলেন হঠাৎ বদলে গেলে একটু কঠিন লাগে রুজভেল্ট আইল্যান্ডের যাত্রীরা সবচেয়ে বেশি প্রভাবিত হবেন কারণ তারা এতদিন ট্রাম এবং এফ লাইনের ওপর নির্ভর করতেন। এখন তাদের জন্য এম ট্রেন মূল যাতায়াতের মাধ্যম হবে।

স্থানীয় বাসিন্দা অ্যাশার বেন্টলি বলেন আমি এখনো জানি না কী করব, তবে দেখছি কীভাবে মানিয়ে নেওয়া যায়।

সাংবিধানিক কি না সিদ্ধান্ত নিবে সুপ্রিম কোর্ট

প্রথম পৃষ্ঠার পর

এই নির্দেশের ফলে ১৪তম সংশোধনীর দীর্ঘদিনের ব্যাখ্যা উল্টে যেতে পারে।

নিম্ন আদালতগুলো এই আদেশের বিরুদ্ধে দায়ের করা সকল মামলায় ট্রাম্প প্রশাসনের ব্যাখ্যার পক্ষে দাঁড়ায়নি। প্রতিটি আদালতই জানিয়েছে, সংবিধান "অস্থায়ী ভিজিটর বা অবৈধ বিদেশিদের সন্তানদের" নাগরিকত্ব দেয় না এমন ব্যাখ্যা গ্রহণযোগ্য নয়। তবে বিচার বিভাগ দাবি করেছে, পূর্ববর্তী রায়গুলো ভুল, এবং এই আদেশ সংবিধানসম্মত।

১৪তম সংশোধনীর প্রথম ধারা স্পষ্টভাবে বলে, যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী বা নাগরিকত্বপ্রাপ্ত এবং এখানকার আইনি এখতিয়ারের অধীন সকলেই যুক্তরাষ্ট্রের নাগরিক।

এমন পরিস্থিতিতে আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়নের জাতীয় আইনি পরিচালক সেসিলিয়া ওয়াং বলেন, কোনো প্রেসিডেন্টই ১৪তম সংশোধনীর মৌলিক প্রতিশ্রুতি বদলাতে পারেন না। জন্মসূত্রে নাগরিকত্বের বিষয়টি ১৫০ বছরেরও বেশি সময় ধরে জাতীয় চর্চা হয়ে আসছে এবং এটি শেষ পর্যন্ত সুপ্রিম কোর্টেই চূড়ান্তভাবে নির্ধারিত হবে।

১৮৯৮ সালে সুপ্রিম কোর্ট স্পষ্ট রায় দিয়েছিল জন্মস্থানই নাগরিকত্ব নির্ধারণের প্রধান ভিত্তি। ট্রাম্পের আদেশ সেই নীতি পরিবর্তন করতে চায়, যদিও কূটনীতিক বা বিদেশি বাহিনীর সন্তানদের ক্ষেত্রে আগে থেকেই ব্যতিক্রম রয়েছে। এই আদেশ এখনো কার্যকর হয়নি। একের পর এক মামলা নিম্ন আদালতে স্থগিত করা হয়েছে। এর আগে সুপ্রিম কোর্ট তিনটি মামলায় হস্তক্ষেপ করেছিল, তবে সেগুলো জরুরি আবেদন বা স্থগিতাদেশের বিষয় ছিল, মূল প্রশ্ন নির্দেশটি সংবিধানসম্মত কি না সে বিষয়ে রায় দেননি।

নিউ হ্যাম্পশায়ারের একটি ক্লাস অ্যাকশন মামলায় ফেডারেল আদালত যুক্তরাষ্ট্রে জন্ম নেওয়া সব শিশুকে একটি 'অস্থায়ী শ্রেণি' হিসেবে স্বীকৃতি দিয়ে ট্রাম্পের আদেশকে সম্ভবত অসাংবিধানিক ঘোষণা করেছে এবং আদেশটি স্থগিত রেখেছে।

অন্যদিকে, ওয়াশিংটন, অ্যারিজোনা, ইলিনয় ও ওরেগনের মামলা নিয়েও ৯ম সার্কিট আদালত জুলাইয়ে জানিয়েছে, ট্রাম্পের আদেশ ১৪তম সংশোধনীর সঙ্গে সাংঘর্ষিক। আদালত ২-১ ভোটে জেলা আদালতের দেওয়া 'সারা দেশে কার্যকর' স্থগিতাদেশ বহাল রাখে।

বিচার বিভাগ চেয়েছিল, দুটি মামলাকে সুপ্রিম কোর্টে একত্রে বিচার করা হোক। তাদের মতে, শুধু জন্মগ্রহণ করলেই নাগরিকত্ব পাওয়া ধারণা ভুল এবং ক্ষতিকর ফল বয়ে এনেছে। আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়ন পাল্টা বলেছে, প্রশাসনের অনুরোধ আসলে সুপ্রিম কোর্টকে ১৪তম সংশোধনীর ভাষা পুনর্লিখন করতে বলার সমতুল্য।

মামলার পূর্ণাঙ্গ শুনানি আগামী বছর অনুষ্ঠিত হবে এবং রায় আসতে পারে জুনের শেষ বা জুলাইয়ের শুরুতে। এই রায়ের ওপর নির্ভর করবে, যুক্তরাষ্ট্রে জন্মসূত্রে নাগরিকত্বের ১৫০ বছরের ঐতিহাসিক ধারা অব্যাহত থাকবে কি না, নাকি তার ব্যাখ্যা আমূল বদলে যাবে।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইসেন্স পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পুরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

খালেদা জিয়ার সুস্থ্যতার জন্য যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের দোয়া মাহফিল













নিউইয়র্ক (ইউএনএ): সাবেক প্রধানমন্ত্রী, বিএনপি'র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সুস্থ্যতার জন্য বিশেষ দোয়া মাহফিল করেছে জিয়া পরিষদ, যুক্তরাষ্ট্র। সোমবার (১ ডিসেম্বর) সন্ধ্যায় জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ একটি রেষ্টুরেন্টে এই মাহফিলের আয়োজন করা হয়।

কেন্দ্রীয় জিয়া পরিষদের ভাইস চেয়ারম্যান ও যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের আহ্বায়ক শামসুল ইসলাম মজনুর সভাপতিত্বে অনুষ্ঠিত মাহফিলে বিশেষ অতিথি ছিলেন টেক্সাস জিয়া পরিষদ-এর আহবায়ক আব্দুর রউফ খান নবাব, বিএনপি নেতা মার্শাল মুরাদ, কাজী সাখাওয়াত হোসেন আজম ও অ্যাডভোকেট সারোয়ার। খবর ইউএনএ'র।

মাহফিলে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী বক্তব্য রাখেন আগামী জাতীয় নির্বাচনে বরিশালের কাটালিয়া থেকে সংসদ সদস্য প্রার্থী, কেন্দ্রীয় বিএন পির ধর্ম বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম জামাল। অন্যানোর মধ্য বক্তব্য রাখেন ভিপি আলমগীর খান, জাহাঙ্গীর শহীদ সারোয়ার্দী, মোহাম্মদ মানিক, এড: বদরুল হায়দার তোতা, মোহাম্মদ আদনান, হারুন রশিদ প্রমুখ। যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের সদস্য সচিব জাকির হাওলাদারের সার্বিক তত্ত্বাবধানে মাহফিল পরিচালনা করেন প্রফেসর সাইদ আজাদ।

অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশের তিন তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া-কে 'বাংলাদেশের গণতন্ত্রের মাতা ও দেশনেত্রী' আখ্যায়িত করে তাঁর শারীরিক অবস্থা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ এবং দেশের জন্য তাঁর অবদানের কথা শ্রদ্ধাভরে স্মরণ করার পাশাপাশি তাঁর দ্রুত সুস্থ্যতা কামনা করেন। বক্তারা বলেন, বাংলাদেশের বর্তমান সময়ে দেশ-জাতি ও দলের জন্য তাঁর মতো অভিভাবকের বড় প্রয়োজন।

সবশেষে বেগম খালেদা জিয়ার সুস্থ্যতার জন্য বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন আল আরাফা মসজিদের খতিব ও পেশ ইমাম হাফেজ রফিকুল ইসলাম।

মিজানুর রহমান ভূঁইয়া মিল্টনের বিবৃতি

জাতীয় নির্বাচনে 'ধানের শীষ' প্রতীককে বিজয়ী করতে কাজ করার অঙ্গীকার

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশের আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে চট্টগ্রাম-০৩ (সন্দ্বীপ) আসনে বিএনপি দলীয় প্রার্থী, দলের কেন্দ্রীয় জাতীয় নির্বাহী কমিটির সদস্য মিজানুর রহমান ভূঁইয়া মিল্টন মনোনয়ন না পেলেও সবাই মিলে ধানের শীষ প্রতীককে বিজয়ী করতে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেছেন। এছাড়াও তিনি দলীয় চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আরোগ্য কামনা করেছেন। খবর ইউএন'র।

শুক্রবার (৫ ডিসেম্বর) প্রদত্ত এক বিবৃতিতে তিনি বলেছেন: 'বাংলাদেশ জাতীয়তাবাদী দল সন্দ্বীপ উপজেলার প্রিয় নেতৃবৃন্দ ও আমার প্রাণ প্রিয় সন্দ্বীপবাসী আপনারা অবগত আছেন আমাদের প্রাণ প্রিয় নেত্রী, বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রতীক দেশনেত্রী বেগম খালেদা জিয়া আজ ১২ দিন যাবত হাসপাতালে গুরুতর অসুস্থ অবস্থায় চিকিৎসাধীন, আমি প্রিয় নেত্রীর আরোগ্য কামনা করছি।

প্রিয় নেতৃবৃন্দ ইতিমধ্যে আপনারা অবগত হয়েছেন, গতকাল বিএনপি চেয়ারপারসন, তিন বারের সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রাজনৈতিক কার্যালয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর চট্টগ্রাম-০৩ (সন্দ্বীপ) আসনে ধানের শীষ প্রতীকে আলহাজ্ব মোস্তফা কামাল পাশাকে দলীয় প্রার্থী হিসেবে ঘোষণা করেছেন। দলের এই সিদ্ধান্তকে আমি আন্তরিকভাবে স্বাগত ও সাধুবাদ জানাই।'



বিবৃতিতে তিনি আরো বলেন- 'আমি মিজানুর রহমান ভূইয়া মিল্টন- সন্দ্বীপের মানুষের জন্য কাজ করতেই রাজনীতিতে এসেছি। এখানে দিতে এসেছি, নিতে নয়। মনোনয়ন না পেলেও আমার জন্মভূমি সন্দ্বীপের মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য আমি নিরলসভাবে কাজ করে যাবো, ইনশাআল্লাহ। সন্দ্বীপের মানুষ আমার আত্মার সঙ্গে মিশে আছে– তাদের ভালোবাসাই আমার এগিয়ে যাওয়ার প্রেরণা। যারা আমাকে এতদিন শক্তি ও সাহস জুগিয়েছেন, তাদের প্রতি আমি কৃতজ্ঞ। আপনাদের উদ্দেশ্যে বলতে চাই– আমি আপনাদের পাশে আছি এবং থাকবো, ইনশাআল্লাহ।'

বিবৃতিতে মিজানুর রহমান ভূঁইয়া মিল্টন বলেন, 'আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দলমত নির্বিশেষে আমরা সবাই মিলে ধানের শীষ প্রতীককে বিজয়ী করার জন্য কাজ করবো। সন্দ্বীপ আসন থেকে ধানের শীষকে জয়ী করে আমরা জাতীয় রাজনীতিতে আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের হাতকে আরও শক্তিশালী করবো, ইনশাআল্লাহ।'

কুইন্সে পাবলিক লাইব্রেরীতে বর্ণাঢ্য বিজয় দিবস পালন করবে উনবাঙাল

নিউইয়র্ক: কুইন্স পাবলিক লাইব্রেরীর আমন্ত্রণে আগামী ১৩ ডিসেম্বর, শনিবার দুপুর সাড়ে বারোটায় উনবাঙাল আয়োজন করেছে বাংলাদেশের বিজয় দিবস উদযাপনের বর্ণাঢ্য অনুষ্ঠান। অনুষ্ঠানটি হবে কুইন্স পাবলিক লাইব্রেরির ফ্লাশিং শাখায়। দর্শনীমুক্ত, সকলের জন্য উন্মুক্ত এই অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখবেন উনবাঙালের সভাপতি মুক্তি জহির, বিজয় দিবসের তাৎপর্য নিয়ে আলোচনা করবেন কবি কাজী জহিরুল ইসলাম।

এরপর থাকবে কাজী জহিরুল ইসলামের গ্রন্থনা ও সৈয়দ মাসুদুল ইসলাম টুটুলের পরিচালনায় গীতি-কাব্যালেখ্য 'বিজয়, একটি খোলা জানালা'। গীতি-কাব্যালেখ্যতে অংশগ্রহণ করবেন সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল, মিতা হোসেন, বুলা আফরোজ, মোহাম্মদ শানু, নজরুল ইসলাম, রেজা কামাল, মুক্তি জহির, রেণু রোজা, রওশন হক, মুন্না চৌধুরী, দেলোয়ারা কামাল, আবিদা সুলতানা, শাহীনূর নদী, চমক ইসলাম, শাহ মোহাম্মদ আলী, আহসান হাবিব, দিমা নেফারতিতি, সুমন শামসুদ্দিন, সৈয়দ ফজলুর রহমান এবং শিশুশিল্পী আরহাম।

অনুষ্ঠানে প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের শিল্পী সৌভিত চৌধুরী, ঋতিকা ব্যানার্জি এবং দানিয়েল ইসলাম গাইবেন জাগরণের গান। উনবাঙালের নিজস্ব শিল্পীদের পরিবেশনায় থাকবে একক এবং দ্বৈতকণ্ঠে দেশের গান। এতে অংশ নেবেন সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল, মিতা হোসেন, রুমা চৌধুরী, মোহাম্মদ শানু, বুলা আফরোজ, নজরুল ইসলাম, রেজা কামাল, ফারহানা তুলি স্বরচিত কবিতা পাঠ করবেন সজল আশফাক, সোহেল হামিদ, দেওয়ান নাসের রাজা, রওশন হক, রেণু রোজা, কাজী জহিরুল ইসলাম, মিতা হোসেন, শাহীনূর শানু নদী, নূরুল মোস্তফা রইসী, সালেহা ইসলাম।

এছাড়াও থাকবে বিখ্যাত কবিদের রচিত মুক্তিযুদ্ধের কবিতা। এই পর্বে অংশ নেবেন আবৃত্তিজন জিএম ফারুক খান, দিমা নেফারতিতি, আহসান হাবিব, সুমন শামসুদ্দিন, মোহাম্মদ শানু, মুক্তি জহির, জুবায়ের হোসেন, এম এ সাদেক।

সমাপনী বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন করবেন উনবাঙালের উপদেষ্টা এবং উনবাঙাল বইমেলা ২০২৬ এর আহ্বায়ক ফখরুল আলম। পুরো অনুষ্ঠানটির সঞ্চালনায় থাকছেন দিমা নেফারতিতি, জিএম ফারুক খান এবং শাহীনূর শাণু নদী। -প্রেস বিজ্ঞপ্তি।

কারাগারে ভোট দিতে পারবেন প্রায় ৭৭ হাজার বন্দী

৩-এর পৃষ্ঠায় পর

বন্দীদের নিবন্ধনের জন্য প্রতিটি কারাগারে আলাদা আলাদা লিংক পাঠানো হবে। ইসির ধারণা, আইনি হেফাজতে থাকা অধিকাংশ ব্যক্তি এবার ভোটার নিবন্ধন করবেন।

নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব কে এম আলী নেওয়াজ বলেন, তফসিল ঘোষণার পর নির্বাচন কমিশন থেকে কারা কর্তৃপক্ষকে একটি লিংক দেওয়া হবে। আইনি হেফাজতে থাকা বন্দীদের মধ্যে যাঁরা ভোটদানে আগ্রহী হবে, তাঁদের তথ্য নেওয়া হবে। তালিকা যাচাই শেষে নির্দিষ্ট সময়ের মধ্যে পোস্টাল ব্যালট পাঠানো হবে।

কারা অধিদপ্তর সূত্রে জানা যায়, দেশে বর্তমানে ৭৫টি কারাগার রয়েছে। এর মধ্যে ঢাকা বিভাগে কেন্দ্রীয় ও জেলা কারাগার রয়েছে ২০টি। সব কারাগারে গত শনিবার পর্যন্ত ৭৬ হাজার ৮৫১ জন বন্দী রয়েছেন। তাঁদের মধ্যে পুরুষ ৭৪ হাজার ৯৩ ও নারী ২ হাজার ৭৫৮ জন। বন্দীদের মধ্যে হাজতি ৫৬ হাজার ১৩৭ ও কয়েদি ২০ হাজার ৭১৪ জন। সর্বোচ্চ ৯ হাজার ১৬৩ জন বন্দী রয়েছেন কেরানীগঞ্জে ঢাকা কেন্দ্রীয় কারাগারে।

মানিকগঞ্জ জেলা কারাগারের জেল সুপার মোহাম্মদ হুমায়ুন কবীর খান বলেন, নির্বাচন কমিশনের নির্দেশনা পেলে বন্দীদের ভোট দেওয়ার জন্য করণীয় বিষয়ে উদ্যোগ নেওয়া হবে। অধিকাংশ বন্দী যেহেতু আসা-যাওয়ার মধ্যে থাকেন, তাই ভোটের সময় যাঁরা বন্দী থাকবেন, তাঁদের নিবন্ধনের জন্য বলা হবে। আগের চেয়ে এবার ভোট দেওয়ার প্রবণতা বাড়তে পারে।

কারা সূত্রে জানা যায়, কারাগারে নিবন্ধনের পর প্রত্যেক বন্দীকে ভোট দেওয়ার জন্য তিনটি খামযুক্ত ব্যালট পেপার দেওয়া হবে। কারাগারে স্থাপিত বুথে গিয়ে তাঁরা ভোট দেবেন। ব্যালটগুলো প্রিসাইডিং কর্মকর্তার দায়িত্ব পালনকারী কারা কর্তৃপক্ষের কাছে জমা হবে।

কারা কর্তৃপক্ষ বলছে, কারাগারে প্রতিদিন বন্দীর সংখ্যা বাড়ে-কমে। হাজতিরা মামলার হাজিরার জন্য আদালতে যান, কেউ জামিনে মুক্তি পান। কয়েদিদেরও কেউ কেউ মুক্তি পান। ফলে যেসব কয়েদি বা হাজতির নির্বাচন পর্যন্ত কারাগারে থাকার সম্ভাবনা বেশি থাকে, তাঁরা ছাড়া অন্যদের নিবন্ধনের আগ্রহ থাকে না। ফলে ২০ হাজার বন্দী ভোট দিলেও তা আশাব্যঞ্জক।

কারা অধিদপ্তরের সহকারী কারা মহাপরিদর্শক মো. জান্নাত-উল ফরহাদ বলেন, কারাগারে থাকা আগ্রহী বন্দীরা নিবন্ধন করে ভোট দিতে পারবেন। তাঁরা যে এলাকার ভোটার, সেই আসনের প্রার্থীকে ভোট দিতে পারবেন। তবে কেউ কারাগারে নিবন্ধন করার পর মুক্তি পেয়ে বাইরে গেলে ভোট দিতে পারবেন না। আগের চেয়ে এবার ভোট দেওয়ার প্রবণতা বাড়তে বলে আশা করা যায়।

রাজনীতির চক্করে রূপপুর

৫-এর পৃষ্ঠায় পর

হাঙ্গেরি।

রূপপুর বিদ্যুৎ প্রকল্পের কাজে দেরি হলে রসাটমের নির্মাণব্যয় বাড়বে। বিশ্বব্যাপী সুনাম ক্ষুন্ন হওয়ারও শঙ্কা রয়েছে। তাহলে কেন তারা ইচ্ছে করে দেরি করবে?

এ বিষয়ে বিশেষজ্ঞ ও প্রকল্পের সঙ্গে পরোক্ষ-প্রত্যক্ষভাবে জড়িত কয়েকজন কর্মকর্তার সঙ্গে আলাপকালে তারা জানান, শুরুর দিকে করোনা মহামারীর কারণে প্রকল্পের কাজে কিছুটা দেরি হলেও তা পুষিয়ে নেওয়ার সুযোগ ছিল এবং অনেকটা করা হয়েছেও। এখন রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিদ্যুৎকেন্দ্রের নির্মাণকাজ বেশ ব্যাহত হয়েছে। যুদ্ধের কারণে মার্কিন নিষেধাজ্ঞার ফলে ইউরোপের দেশগুলো রূপপুরের জন্য যন্ত্রপাতি দিতে অস্বীকৃতি জানায়। ইউক্রেন থেকে যেসব যন্ত্রপাতি আনার কথা ছিল, তাও বাতিল করে দেয় রাশিয়া। এরপর বিকল্প উৎস থেকে যন্ত্রপাতি আনা হয়। এসব যন্ত্রপাতির বড় অংশ সরবরাহ করে চীন। রাশিয়া থেকে রূপপুরের পণ্যবাহী জাহাজ আসা নিয়েও জটিলতা ছিল। একবার জাহাজ ফেরত পাঠানোর ঘটনাও ঘটেছে। রসাটমকে এখন এক জায়গার যন্ত্রপাতি অন্য জায়গায় পাঠিয়ে কাজ চালাতে হচ্ছে। বাংলাদেশেও দ্বিতীয় ইউনিটের মালামাল খুলে প্রথম ইউনিটে স্থাপনের নজির রয়েছে। এ নিয়ে উদ্বেগ জানিয়ে রসাটমকে চিঠিও দিয়েছে রূপপুর বিদ্যুৎ প্রকল্প কর্তৃপক্ষ।

এখন বিজ্ঞান সচিব বলছেন, 'ঠিকাদার তার কাজের সুবিধার্থে প্রথম ইউনিটের যন্ত্রপাতি দ্বিতীয় ইউনিটে লাগাতে পারে।'

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কয়েকজন কর্মকর্তা বলেন, রূপপুর বিদ্যুৎপ্রকল্পের কাজের তদারকি এবং রাশিয়ানদের কাছ থেকে ঠিকমতো কাজ বুঝে নেওয়ার ক্ষেত্রেও ঘাটতি রয়েছে বাংলাদেশের। তদারকির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের আন্তরিকতা ও দক্ষতার অভাব রয়েছে বলেও মনে করেন তারা।

বিশেষ করে বর্তমান প্রকল্প পরিচালকের অভিজ্ঞতা ও দক্ষতা নিয়ে প্রশ্ন উঠেছে। তার কারণে প্রকল্পের কাজে ধীরগতি নেমে আসে। তার কারণে অনেক কিছুই সময়মতো শেষ করা যায়নি। অবশ্য এর আগেও কিছু কিছু কাজ নির্ধারিত সূচি মেনে হয়নি।

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, সাম্প্রতিককালে মন্ত্রণালয় থেকে প্রকল্পের কাজের অগ্রগতি জানতে চাওয়া হলে বলা হয়, এটা হয়ে গেছে বা ওমুক সময়ের মধ্যে হয়ে যাবে কিন্তু বাস্তবে তা হয়নি। এমনকি ২০২৩ সালে যে কাজ করার কথা ছিল, তাও বাকি ছিল। চাপ দিয়ে সে কাজ এখন এগিয়ে নেওয়া হচ্ছে। তড়িঘড়ি করে স্পর্শকাতর এ বিদ্যুৎকেন্দ্রে জ্বালানি লোড করা হলে ভবিষ্যতে বড় ঝুঁকি তৈরি হতে পারে বলে আশঙ্কা রয়েছে।

বিজ্ঞান সচিব আনোয়ার হোসেন বলেছেন, 'সবার আগে নিরাপত্তা। গুণগত মান এবং শতভাগ নিরাপত্তা নিশ্চিত করেই বিদ্যুৎ উৎপাদন শুরু হবে। এ নিয়ে কোনো আপস করা হবে না। বিদ্যুৎকেন্দ্র চালুর পর ধীরে ধীরে জনবলের দক্ষতা বৃদ্ধি ও অন্যান্য বিষয়ে মনোযোগ দেওয়া হবে।'

প্রকল্পের নির্মাণকাজের সার্বিক বিষয়ে রসাটমের বক্তব্য জানা সম্ভব হয়নি।

প্রথম ইউনিটের সঞ্চালন লাইন প্রস্তুত : বিভিন্ন সময়ে প্রকল্প কর্তৃপক্ষের দাবি ছিল, রূপপুর বিদ্যুৎকেন্দ্রের নির্মাণকাজ পিছিয়ে যাওয়ার অন্যতম কারণ হলো সঞ্চালন লাইন প্রস্তুত না হওয়া। এ কেন্দ্রের বিদ্যুৎ সঞ্চালন লাইনের কাজ করছে রাষ্ট্রায়ত্ত পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি)। প্রতিষ্ঠানটির দায়িত্বশীল এক কর্মকর্তা দেশ রূপান্তরকে জানান, পারমাণবিক বিদ্যুৎ সঞ্চালনের জন্য ছয়টি সঞ্চালন লাইনের চারটির কাজ পুরোপুরি শেষ। সর্বশেষ রূপপুর-গোপালগঞ্জ ৪০০ কেভি সঞ্চালন লাইনের কাজও শেষ হয়েছে গত জুন মাসে। এখন প্রথম ইউনিটের বিদ্যুৎ সঞ্চালনের জন্য প্রস্তুত পিজিসিবি।

ওই কর্মকর্তা বলেন, দ্বিতীয় ইউনিট থেকে বিদ্যুৎ নিতে যে দুটি সঞ্চালন লাইন দরকার তার স্থলভাগের কাজ শেষ হয়েছে। এখন বাকি যমুনা রিভার ক্রসিংয়ের কাজ। আগামী বছরের মাঝামাঝি এ কাজও শেষ হবে। তিনি বলেন, বিদ্যুৎ সঞ্চালন শুরু না হওয়ায় কোনো আয় না থাকায় লাইন নির্মাণে পিজিসিবির হাজার হাজার কোটি টাকার বিনিয়োগ অলস বসে আছে। উল্টো ঋণের সুদ গুনতে হচ্ছে। এ কথাও ঠিক, পিজিসিবিও নির্ধারিত সময়ে কাজ শেষ করতে পারেনি। ২০১৮ সালে একনেকে অনুমোদন পাওয়া এ লাইনের নির্মাণকাজ শেষ হওয়ার কথা ছিল ২০২২ সালের মধ্যে।

প্রকল্প ব্যয় ও আর্থিক চাপ বাড়ছে : প্রকল্পের মোট ব্যয় ১২.৬৫ বিলিয়ন ডলার, এর ৯০ শতাংশ ঋণ হিসেবে দিচ্ছে রাশিয়া। বাকি ১০ শতাংশ দিচ্ছে বাংলাদেশ সরকার। ঋণের কিস্তি শুরু হবে ২০২৯ সালের মার্চে। প্রতি বছর দুই কিস্তি পরিশোধ করতে হবে। ২০ বছরের মধ্যে কোনো কিস্তি পরিশোধে ৩০ দিনের বেশি দেরি হলে বার্ষিক সুদ গুনতে হবে ১৫০ শতাংশ।

চুক্তি অনুসারে প্রকল্পের মেয়াদ বাড়লেও খরচ বাড়াতে পারবে না ঠিকাদারি প্রতিষ্ঠান। তবে ডলারের বিনিময় হার বাড়ায় প্রকল্পের মোট ব্যয় বাড়ছে ২৬ হাজার ১৮১.২৬ কোটি টাকা, যা মূল প্রাক্কলিত ব্যয়ের তুলনায় ২৩.১৫ শতাংশ বেশি। বাস্তবায়নকারী সংস্থা হিসাব সমন্বয় করে প্রকল্পের ব্যয় বাড়িয়ে ১ লাখ ৩৯ হাজার ২৭৪.১৭ কোটি টাকার প্রস্তাব গত ২৭ নভেম্বর পরিকল্পনা কমিশনে পাঠিয়েছে। মূল প্রস্তাবে ব্যয় ধরা হয়েছিল ১ লাখ ১৩ হাজার ৯২.৯১ কোটি টাকা।

ব্যয় বাড়ার সঙ্গে সঙ্গে প্রকল্পের মেয়াদও বেড়েছে। মূল প্রস্তাবে ২০১৬ সালের জুলাইয়ে বাস্তবায়ন শুরু করা প্রকল্পের কাজ ২০২৫ সালের ডিসেম্বরে শেষ হওয়ার কথা। এখন এ মেয়াদ ২০২৮ সালের জুন পর্যন্ত বাড়ানোর প্রস্তাব করা হয়েছে।

পরমাণু বিশেষজ্ঞ অধ্যাপক ড. মো শফিকুল ইসলাম মনে করেন, 'রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র থেকে দীর্ঘমেয়াদে সাশ্রয়ী বিদ্যুৎ পাওয়া সম্ভব। ভূরাজনীতিতে এটি বিশেষ তাৎপর্য বহন করবে। এর বিদ্যুৎ উৎপাদনে যত দেরি হবে, ততই অর্থনৈতিক চাপ বাড়বে।'

আসন সমীকরণ মিলছে না, ৫ জোটে বিভক্ত দলগুলো

৫-এর পৃষ্ঠায় পর

প্রার্থী ঘোষণা করেনি বিএনপি। অবশিষ্ট ৯ আসনে দলের একাধিক মনোনয়নপ্রত্যাশীর চাপে প্রার্থী ঘোষণা করা যায়নি।

২৪৪ আসনের তালিকা দিয়ে ১২টিতে ছাড় পেয়ে ক্ষুব্ধ যুগপৎ আন্দোলনে বিএনপির সঙ্গে থাকা সমমনা ও মিত্র দলগুলো। আসন বণ্টন নিয়ে প্রকাশ্যে বিএনপির সমালোচনা করেছেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না এবং বিপ্লবী ওয়ার্কার্সের সাধারণ সম্পাদক সাইফুল হক।

একাধিক মিত্র দলের নেতা সমকালকে বলেন, আসন নিশ্চিত না করায় নির্বাচনের প্রচার ও প্রস্তুতি থেকে পিছিয়ে পড়ছেন। তারা বিভক্তি না চাইলেও শিগগির সমস্যার সমাধান না হলে এককভাবে নির্বাচন করবেন।

জোট নেতারা জানান, যুগপৎ আন্দোলনের শরিকদের সঙ্গে আসন সমঝোতা এবং নির্বাচনে জয়ী হলে একসঙ্গে জাতীয় সরকার গঠনের প্রতিশ্রুতি দিয়েছিল বিএনপি। কিন্তু প্রার্থী ঘোষণার আগে আলোচনাও করেনি। মিত্র দলের শীর্ষ নেতাদের প্রত্যাশিত আসনেও প্রার্থী দিয়েছে বিএনপি। তবে এ দলগুলো এখনই লেবার পার্টির মতো বিএনপির সঙ্গে সম্পর্ক ছেদ করতে চায় না।

বিএনপির দুটি মিত্র জোট ও পাঁচটি দল ১০৬ প্রার্থীর তালিকা দিয়েছিল। বাম ঘরানার গণতন্ত্র মঞ্চ ১৩৮টি আসনে জোটের সম্ভাব্য প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

বিএনপি স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন সমকালকে বলেন, যেসব আসন শূন্য রাখা হয়েছে, সেগুলো নিয়ে শরিকদের সঙ্গে আলোচনা চলছে। কোন আসন শরিকদের দেওয়া হবে, তা পরে ঠিক করে জানানো হবে। তবে আসন বণ্টন নিয়ে কে অসন্তোষ প্রকাশ করছে, সে বিষয়ে তিনি এখনও জানেন না বলে জানান।

সমমনা দলের নেতারা সমকালকে বলেন, বিএনপি প্রথম দফায় ২৩৭ আসনে প্রার্থী ঘোষণার সময় আশ্বস্ত করেছিল বাকি আসনে মিত্রদের সঙ্গে আলোচনা করে প্রার্থী করা হবে। কিন্তু আলোচনা ছাড়াই গত বৃহস্পতিবার আরও ৩৬ আসনে প্রার্থী দিয়েছে।

বিএনপির জ্যেষ্ঠ নেতারা সমকালকে বলেন, মাঠে জামায়াতসহ ইসলামী দলগুলোর তৎপরতার কারণে নির্বাচনের পরিস্থিতিতে বদল এসেছে। এ পরিস্থিতিতে মিত্র দলের সব প্রার্থীকে জিতিয়ে আনার বিষয়টি বিবেচনায় রেখে আসন ছাড়তে হিসাবনিকাশ করতে হচ্ছে। সংশোধনী গণপ্রতিনিধিত্ব আদেশের (আরপিও) কারণে ছোট দলগুলোর নেতারা ধানের শীষ প্রতীকে নির্বাচন করতে পারবেন না। ফলে তাদের আসন ছেড়ে দিলে আসন হারানোর ঝুঁকিও থাকছে।

এসব যুক্তি মানতে নারাজ মিত্র দলগুলো। তারা বলছেন, সমঝোতার ভিত্তিতে নির্বাচনে বিএনপির সমর্থকরা তাদের ভোট দিলে জয় সম্ভব। বিএনপির নেতাকর্মীরা যদি সক্রিয় না হয়, তাহলে ভিন্ন কথা।বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক সমকালকে বলেন, বিএনপির অবস্থান ও আচরণ শরিক দলগুলোর মধ্যে সন্দেহ-অবিশ্বাস তৈরি করছে। বিএনপি প্রতিশ্রুতি থেকে সরে আসছে কিনা তা এখন দেখার বিষয়। তপশিল ঘোষণা পর্যন্ত গণতন্ত্র মঞ্চের পক্ষ থেকে বিএনপির সঙ্গে যোগাযোগ ও আলাপ-আলোচনার চেষ্টা চলবে। পরবর্তী সমঝোতা পুরোপুরি নির্ভর করবে বিএনপির ওপর। তারা কীভাবে সহযোগিতা করে, কীভাবে এগিয়ে আসে, সেটাই দেখার বিষয়।

সাইফুল হক ঢাকা-৮ আসনে প্রার্থী হতে চেয়েছিলেন। এ আসনে বিএনপির প্রার্থী স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। পরে ঢাকা-১২ আসন চান সাইফুল হক। এ আসনেও দলীয় প্রার্থী দিয়েছে বিএনপি।

জাতীয়তাবাদী সমমনা জোটের সমন্বয়ক ফারিদুজ্জামান ফরহাদ নড়াইল-২ আসনে প্রচারণা চালাচ্ছিলেন। ২০১৮ সালে এ আসন থেকে ধানের শীষে নির্বাচন করেছিলেন তিনি। এবার সেখানে দলীয় প্রার্থী দিয়েছে বিএনপি। এতে ক্ষুব্ধ এনপিপির চেয়ারম্যান ফরহাদ বলেন, বিএনপি বিপদে পড়লে সবার সহযোগিতা চায়। আর যখন মনে করে একাই ক্ষমতায় যেতে পারবে, তখন শরিকদের ভুলে যায়।

মাহমুদুর রহমান মান্না বগুড়া-২ আসন থেকে নির্বাচনী প্রস্তুতি নিচ্ছেন। ২০১৮ সালে তিনি ধানের শীষের প্রার্থী ছিলেন। এ আসনে এখন পর্যন্ত প্রার্থী দেয়নি বিএনপি। ২০১৮ সালে নাগরিক ঐক্যকে চারটি আসন ছেড়েছিল বিএনপি। এবার শুধু মাহমুদুর রহমান মান্নাকে আসন দিতে রাজি হয়েছে।

তবে বিএনপির স্থানীয় নেতাকর্মীরা তাঁকে বগুড়া-২ ছাড়তে রাজি নন। তারা নাগরিক ঐক্যের নির্বাচনী কার্যক্রমে হামলা করছে বলে অভিযোগ করেছে দলটি।

২০১৮ সালে বিএনপি শরিকদের ৫৮ আসন ছেড়েছিল বিএনপি। এর মধ্যে চারটি পেয়েছিল জেএসডি। এবার দলটিকে শুধু লক্ষ্মীপুর-৪ আসন ছাড়ার আশ্বাস দিয়েছে। তবে এখনও জেএসডি সভাপতি আ স ম আবদুর রবের স্ত্রী তানিয়া রবের জন্য আসনটি নিশ্চিত নয়। এখানেও বিএনপি নেতাকর্মীরা জেএসডিকে কোনো সহায়তা করছে না, বরং প্রতিবন্ধকতা সৃষ্টি করছে বলে অভিযোগ তানিয়া রবের। যদিও গত বছরের অক্টোবরে কেন্দ্রীয় বিএনপি স্থানীয় নেতৃত্বকে চিঠি দিয়ে জেএসডিকে সহায়তা করতে বলেছিল।

কিশোরগঞ্জ-৫ (নিকলী-বাজিতপুর) আসনে চিঠি পেয়েছিলেন ১২ দলীয় জোটের শরিক জাতীয় দলের চেয়ারম্যান সৈয়দ এহসানুল হুদা। তিনি নির্বাচনী প্রচারও শুরু করেছিলেন। গত বৃহস্পতিবার ওই আসনে দলীয় প্রার্থী ঘোষণা করে বিএনপি। এতে ক্ষুব্ধ হুদা নিজের অবস্থান তুলে ধরতে সংবাদ সম্মেলন ডাকেন। পরে অবশ্য তা স্থগিত করেন।

জামায়াতেও টানাপোড়েন

জামায়াতের সঙ্গে সমঝোতা করতে চাওয়া দলগুলোর সঙ্গেও আসন নিয়ে টানাপোড়েন চলছে। সাতটি দল ইতোমধ্যে জামায়াত আমির শফিকুর রহমানকে নিজ নিজ দলের প্রার্থী তালিকা দিয়েছে। চরমোনাই পীরের নেতৃত্বাধীন ইসলামী আন্দোলন ১৩০ আসনের প্রার্থী তালিকা দিয়েছে। মাওলানা মামুনুল হকের নেতৃত্বাধীন বাংলাদেশ খেলাফত মজলিস ৫০ আসনের তালিকা দিয়েছে। বিডিপি বাদে অন্যান্য দলও ১০ থেকে ২০টি করে আসনের তালিকা দিয়েছে।

আট দলের সূত্র জানিয়েছে, জামায়াত খুব বেশি আসন ছাড়তে রাজি নয়। কারণ সাত দলের বাইরেও এনসিপিসহ আরও কয়েকটি দলকে নিজের পক্ষে টানার চেষ্টা করছে তারা। সবমিলিয়ে ৬০-৭০টি আসন ছাড়তে চায় দলটি। তবে জামায়াত জোটেরই একটি দল ইতোমধ্যে জানিয়েছে, অন্তত ২৫টি আসন তাদের দিতে হবে।

আট দলের সমন্বয়ক এবং জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ডা. হামিদুর রহমান আযাদ সমকালকে বলেন, আজ সোমবার আসন সমঝোতার আলোচনা শুরু হবে। যেখানে যে দলের প্রার্থীর জয়ের সম্ভাবনা বেশি, সেখানে সেই দল নির্বাচন করবে। গুরুত্বপূর্ণ নেতাদের বিষয়টিও বিবেচনা করা হবে। গণতান্ত্রিক ও ফ্যাসিবাদবিরোধী যত দল আছে, সবার সঙ্গে নির্বাচনী ঐক্যে আগ্রহী জামায়াত।

এনসিপির জোট কোন দিকে যাবে

এনসিপি, এবি পার্টি ও রাষ্ট্র সংস্কার আন্দোলন নিয়ে গঠিত গণতান্ত্রিক সংস্কার জোট এককভাবে ৩০ আসনে প্রার্থী দেওয়ার কথা বললেও এ জোট শেষ পর্যন্ত বিএনপি বা জামায়াতের সঙ্গে আসন সমঝোতায় যেতে পারে বলে আলোচনা আছে।

নতুন জোটের সূত্র জানিয়েছে, নুরুল হক নুরের নেতৃত্বাধীন গণঅধিকার পরিষদকে জোটভুক্ত করার চেষ্টা চলছে। আসন বণ্টন নিয়ে টানাপোড়েনে বিএনপির সঙ্গ ছেড়ে আসা রাষ্ট্র সংস্কার আন্দোলন জামায়াতের সঙ্গে যেতে রাজি নয়। বিএনপির কাছ থেকে প্রত্যাশিত আসন না পেলে জেএসডি, বিপ্লবী ওয়ার্কার্স পার্টিসহ আরও কয়েকটি দল এনসিপির সঙ্গে আসতে রাজি। তবে তারা জামায়াতের সঙ্গে জোটে রাজি নয়। গণঅধিকার পরিষদকে দুটি আসন ছেড়ে দিতে রাজি হয়েছে বিএনপি। দলটি আরও কয়েকটি আসন চায়। না পেলে দলটি এনসিপির সঙ্গে আসতে পারে বলে সূত্র জানায়।

সংস্কারের বিষয়ে জামায়াতের কাছাকাছি অবস্থান এনসিপির। গণভোটে দুটি দলই সরাসরি হ্যাঁ ভোটের পক্ষে। এনসিপির আহ্বায়ক এবং নতুন জোটের মুখপাত্র নাহিদ ইসলাম বলেছেন, যেসব দল সংস্কারের পক্ষে, তারা সবাই গণতান্ত্রিক সংস্কার জোটে আসতে পারে।

বাকিরা কী করবে

শেখ হাসিনার পতনের পর চাপে পড়েছে আনোয়ার হোসেন মঞ্জুর নেতৃত্বাধীন জেপি, আনিসুল ইসলাম মাহমুদের নেতৃত্বাধীন জাতীয় পার্টিসহ আওয়ামী লীগের মিত্র দলগুলো। মঞ্জু-আনিসের নেতৃত্বে আজ জাতীয়তাবাদী গণতান্ত্রিক জোট আত্মপ্রকাশ করতে পারে। সাড়ে ১৫ বছর আওয়ামী লীগের সঙ্গে থাকলেও এ দলগুলো এখন বিএনপির সুরে বাংলাদেশি জাতীয়তাবাদের কথা বলছে।

জি এম কাদেরের জাপাকে ফ্যাসিবাদের দোসর আখ্যা দিয়ে নির্বাচনে নিষিদ্ধের দাবি জানাচ্ছে জামায়াত, এনসিপি। তবে জাপার (আনিস) মহাসচিব রুহুল আমিন হাওলাদার সমকালকে বলেন, তাদের নতুন জোট নির্বাচনে অংশ নেবে।

এই জোটের সূত্র জানিয়েছে, আওয়ামী লীগের সাবেক মিত্ররা মিলে রাজনৈতিক পরিসর তৈরির জন্য এক হয়েছে। তাদের আশা, আওয়ামী লীগ সমর্থকদের ভোট পেয়ে নির্বাচনে ভালো ফল করতে পারবে। না পারলে নির্বাচনে অংশ নেওয়ার মাধ্যমে অন্তত রাজনীতিতে টিকে থাকতে পারবে।

বামপন্থিদের গণতান্ত্রিক যুক্তফ্রন্টের নির্বাচনী ভাবনা সম্পর্কে সিপিবির সভাপতি সাজ্জাদ জহির চন্দন সমকালকে বলেন, তারা গণতান্ত্রিক যুক্তফ্রন্টের ব্যানারে ৩০০ আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। সিপিবি ১৩০ আসনে সম্ভাব্য প্রার্থী বাছাই করেছে। বাকি আসনে তাদের শরিক দলের প্রার্থী থাকবে।

বৃহস্পতিবারের মধ্যেই তফসিল!

নিজস্ব প্রতিবেদক : আগামী বৃহস্পতিবারের মধ্যেই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা হতে পারে। ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় ভোটে বেসরকারি ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদের আপাতত কোনো দায়িত্বে রাখা হচ্ছে না। ভোটের সময় এক ঘণ্টা বাড়ানো হয়েছে। এ ছাড়া নির্বাচন প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সিইসির সম্মেলন কক্ষে গতকাল রবিবার অনুষ্ঠিত কমিশন সভায়।

সভা শেষে নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ সাংবাদিকদের এসব তথ্য জানান। তিনি বলেন, চলতি সপ্তাহের মধ্যেই সংসদ নির্বাচন ও গণভোটের তফসিল ঘোষণা করা হবে। তার আগে কিছু প্রথাগত কাজ আছে এগুলো শেষ করা হবে।

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, আগামী বছরের মধ্য ফেব্রুয়ারির মধ্যে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হবে। তারিখ স্পষ্ট না করলেও ৫ থেকে ১২ ফেব্রুয়ারি ভোট অনুষ্ঠানকে কেন্দ্র করেই সব প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন। সে অনুযায়ী ইসি বলছে, ৮ থেকে ১১ তারিখের মধ্যে তফসিল ঘোষণা হতে পারে।

তফসিলের আগে প্রথা অনুযায়ী রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে ইসি। আগামী বুধবার এ সাক্ষাৎ হবে। এর দু-এক দিনের মধ্যে তফসিল ঘোষণা করা হতে পারে। অন্যদিকে গতকাল জাতীয় নির্বাচন এবং গণভোটের তফসিল ও সার্বিক প্রস্তুতি নিয়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেছে নাসির উদ্দিন কমিশন।

ইসি সানাউল্লাহ বলেন, ইসি সভার অন্যতম আলোচ্য বিষয় ছিল আইন এবং রীতির আলোকে তফসিল-পূর্ব এবং তফসিল-উত্তর কার্যক্রম নিয়ে আলোচনা। শিগগিরই আমাদের ত্রয়োদশ সংসদ নির্বাচন ও গণভোটের তফসিল ঘোষণা করা হবে। প্রধান নির্বাচন কমিশনার আগেই বলেছিলেন, ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে তফসিল ঘোষণা করা হবে। সপ্তাহটি হচ্ছে ৮ থেকে ১৫ ডিসেম্বর। এ সময়ের মধ্যে যেকোনো দিন তফসিল ঘোষণা করা হবে।

ইসি সানাউল্লাহ জানান, তফসিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি)। তার বক্তব্য রেকর্ড করার জন্য বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশনের কাছে আগামীকাল (সোমবার) চিঠি দেওয়া হবে। তিনি জানান, ভোটার তালিকা চূড়ান্ত হয়েছে। যদিও পোস্টাল ভোটসংক্রান্ত অতিরিক্ত একটা ভোটার তালিকা পরে সংযুক্ত হবে।

সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও সরকারি ব্যাংকের কর্মকর্তারা প্রিসাইডিং অফিসার, সহকারী প্রিসাইডিং অফিসার এবং পোলিং অফিসারের দায়িত্ব পালন করবেন। নির্বাচনী দায়িত্ব পালনে বেসরকারি ব্যাংকগুলো আপাতত বিবেচনায় নেওয়া হচ্ছে না। তারা রিজার্ভে থাকবেন; একান্ত প্রয়োজন না হলে তাদের নেওয়া হবে না বলে জানিয়েছেন ইসি সানাউল্লাহ। এর আগে গত অক্টোবরে ইসলামী ব্যাংক, আল-আরাফাহ ইসলামী ব্যাংক এবং ইসলামী ব্যাংক হাসপাতাল ও ইবনে সিনা হাসপাতালসহ কয়েকটি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের জাতীয় নির্বাচনে দায়িত্ব না দিতে বিএনপি আহ্বান জানায়। এরপর পাল্টা এক বিবৃতিতে জামায়াতে ইসলামী এ বিষয়ে উদ্বেগ প্রকাশ করে। দলটির বিবৃতিতে বলা হয়, এ দাবি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত, অযৌক্তিক ও সম্পূর্ণ অগ্রহণযোগ্য। এর কোনো যৌক্তিক কারণ নেই।

ইসি সানাউল্লাহ জানান, নির্বাচনসামগ্রী আগের মতোই আগের রাতেই কেন্দ্রে পৌঁছে যাবে। জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট একসঙ্গে হচ্ছে। তাই সময় ব্যবস্থাপনায় ইতিমধ্যে মক ভোটিং করেছে। সেই অভিজ্ঞতা এবং মাঠপর্যায়ে আগে ভোট পরিচালনার অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে কয়েকটি সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এক নম্বর সিদ্ধান্ত হচ্ছে যেসব কক্ষে ভোটগ্রহণ হবে, সেখানে একাধিক সিক্রেট বুথ স্থাপন করা হবে। যেখানে অতিরিক্ত বুথ বসানোর জায়গা নেই, সেখানে প্রয়োজনে একটি অস্থায়ী বুথ করা হবে।

ইসি সানাউল্লাহ বলেন, আমরা ভোটের সময় এক ঘণ্টা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছি। সকালে আধা ঘণ্টা এবং বিকেলে আধা ঘণ্টা। অর্থাৎ, এখন ভোট শুরু হবে সকাল সাড়ে ৭টায় এবং চলবে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত। গণভোট প্রচার-প্রচারণায় সরকার যে ব্যাপক কর্মসূচি নিচ্ছে, নির্বাচন কমিশন এতে সহযোগিতা করবে। গণভোটের প্রশ্নটি যাতে ভোটাররা কেন্দ্রে প্রবেশের আগেই জেনে যেতে পারেন, সেজন্য প্রতিটি কেন্দ্রে বড় আকারে ব্যালট ছাপিয়ে ভোটের লাইনের সামনে ঝুলিয়ে রাখা হবে।

পোস্টাল ব্যালট ব্যবস্থাপনা নিয়ে দীর্ঘ আলোচনা হয়েছে জানিয়ে তিনি আরও বলেন, আমাদের দুটি ধরনের পোস্টাল ব্যালট আছে। দেশের ভেতর থেকে এবং দেশের বাইরে থেকে। দেশের বাইরের ব্যালটগুলো আমরা আগামীকাল (আজ) থেকে ছাপানো শুরু করছি; পরশু থেকে বিদেশে পাঠানো শুরু হবে। আর দেশের ভেতরে পোস্টাল ব্যালটের জন্য নিবন্ধন কাজ শুরু হবে তফসিল ঘোষণার দিন থেকে ১৫ দিনব্যাপী। নিবন্ধন সম্পন্ন হলে তাদের কাছে ইনকাম্ব্রি পোস্টাল ভোটিংয়ের ব্যালট পাঠানো হবে।

পর্যবেক্ষক এবং সাংবাদিকদের কার্যক্রম নিয়ে সভায় আলোচনা হয়েছে জানিয়ে তিনি বলেন, তারা যেন নির্বিঘ্নে তাদের দায়িত্ব পালন করতে পারেন, এজন্য প্রয়োজনীয় সহায়তা-সংক্রান্ত পরিপত্র জারি করা হবে।

ইসি সানাউল্লাহ জানান, কিছু রাজনৈতিক দলের বক্তব্য ছিল যে, নির্বাচনসংশ্লিষ্ট কর্মকর্তারা আগের রাতে কেন্দ্রে পৌঁছালে প্রশাসনিক ব্যবস্থাপনার দুর্বলতার কারণে স্থানীয় অনেকের সহায়তা নিতে বাধ্য হন। এর ফলে রাজনৈতিক প্রভাব পড়ে এবং তারা পরদিন নিরপেক্ষভাবে কাজ করতে পারেন না। নির্বাচন কমিশন দৃঢ়ভাবে এটি নিরুৎসাহিত করছে। বলা হয়েছে কোনো ধরনের স্থানীয় সহায়তা নেওয়া যাবে না।

তফসিল-উত্তর কার্যক্রমের কয়েকটি বিষয়ও আলোচনা হয়েছে জানিয়ে তিনি বলেন, যেমন রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার এবং পোলিং অফিসারদের নিয়োগ ও সময়সূচি। তফসিল ঘোষণার পাঁচ দিনের মধ্যে এ তালিকা প্রকাশিত হবে যেন তারা পোস্টাল ভোটের জন্য যথাসময়ে নিবন্ধন করতে পারেন। তিনি আরও জানান, তফসিল ঘোষণার দিন সন্ধ্যায় জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের সঙ্গে জুম মিটিং হবে। প্রার্থী তালিকা চূড়ান্ত হওয়ার পর সরাসরি মিটিং হবে।

নির্বাচনী তথ্য সংগ্রহের জন্য অঞ্চলভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হবে জানিয়ে তিনি বলেন, সাধারণত ১০ জনের কমিটি থাকলেও এবার তা ১৪ জনে উন্নীত করা হয়েছে। একজন অতিরিক্ত সচিব এতে নেতৃত্ব দেবেন। কমিটিতে এনআইডি ডিজি, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট থেকে একজন, আইন শাখা ও নির্বাচন ব্যবস্থাপনার একজন করে প্রতিনিধি থাকবেন। পাশাপাশি এলাকা অনুযায়ী আরও ১০ জন কর্মকর্তা থাকবেন। ৩০০ আসনে এসব কমিটি কাজ করবে। অতীতের মতো এবারও তাদের জুডিশিয়াল ক্ষমতা প্রদান করা হবে। অর্থাৎ, তারা চাইলে বিচারও করতে পারবেন। পাশাপাশি জুডিশিয়াল ও নির্বাহী ম্যাজিস্ট্রেটরাও তাদের কাজ করবেন।

আচরণবিধির বিষয়ে ইসি সানাউল্লাহ বলেন, তফসিল ঘোষণার পরদিন থেকেই প্রতি উপজেলা বা থানায় দুজন করে ম্যাজিস্ট্রেট কাজ করবেন। নির্বাচনের আগের তিন দিন, নির্বাচনের দিন এবং পরের দিন এ সংখ্যা বৃদ্ধি পাবে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীকে বাইরে রেখে নির্বাচনী এলাকায় সব ধরনের অনুদান ও ত্রাণ বিতরণ বন্ধে পরিপত্র জারি হবে। তফসিল ঘোষণার দিন থেকেই প্রচারসামগ্রী অপসারণের জন্য ৪৮ ঘণ্টা সময় দেওয়া হবে। অপসারণ না করলে আচরণবিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েনের ব্যাপারে একটি পরিপত্র এ সপ্তাহেই জারি করা হবে জানিয়ে তিনি বলেন, এর আলোকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিস্তারিত পরিকল্পনা করবে। স্ট্যাটিক ডেপ্লয়মেন্ট থেকে সেন্ট্রাল রিজার্ভ পর্যন্ত সব বাহিনী কাজ করবে। নির্বাচন কমিশনে একটি সেন্ট্রাল মনিটরিং সেল স্থাপিত হবে। যেখানে সব বাহিনী ও সংস্থার প্রতিনিধিত্ব থাকবে। এ সেলের মিসইনফরমেশন ডিসইনফরমেশন হ্যান্ডেল করার সক্ষমতা থাকবে।



ব্রুকলীনের বিশিষ্ট ব্যবসায়ী হাজী আবুল হোসেন মিয়ার জানাজা অনুষ্ঠিত

নিউইয়র্ক (ইউএনএ): ব্রুকলীনের 'লিটল বাংলাদেশ' এর বিশিষ্ট ব্যবসায়ী, রকি এন্টারপ্রাইজের মালিক হাজী আবুল হোসেন মিয়া (৭৬) ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তিনি দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। লং আইল্যান্ড জুইস হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ৩ ডিসেম্বর বুধবার বেলা ২টার দিকে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি বৃহত্তর নোয়াখালী সমিতি ইউএসএ'র আজীবন সদস্য, কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউএসএ'র প্রতিষ্ঠাতা কোষাধ্যক্ষ এবং নিউকার্ক হযরত বেলাল মসজিদের প্রতিষ্ঠাতা সদস্য সহ বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে সম্পৃক্ত ছিলেন। খবর ইউএনএ'র।

জানা যায়, দীর্ঘ প্রায় আড়াই মাস ধরে তিনি শারীরিক নানা জটিলতায় ভুগছিলেন। সম্প্রতি তার দেহে দু'টি বড় ধরনের সার্জারী হয়। সর্বশেষ তিনি লাইফ সাপোর্টে ছিলেন এবং বুধবার বেলা ২টা ৬ মিনিটে তার লাইফ সাপোর্ট খুলে নেয়া হয়। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ২ ছেলে সহ বহু আত্মীয়-স্বজন রেখে গেছেন। মরহুমের নামাজে জানাজা শুক্রবার বাদ জুমা হযরত বেলাল মসজিদে এবং দ্বিতীয় জানাজা বাদ এশা ব্রুকলীনস্থ বাংলাদেশ মুসলিম সেন্টার অনুষ্ঠিত হবে।

জানাজা: এদিকে গত ৫ ডিসেম্বর শুক্রবার বাদ জুমা নিউকার্কস্থ হযরত বেলাল মসজিদে এবং বাদ এশা ব্রুকলীনের বাংলাদেশ মুসলিম সেন্টার জামে মসজিদে অনুষ্ঠিত হয়। তার মরদেহ শনিবার (৬ ডিসেম্বর) নিউজার্সির মার্লবরো কবরস্থানে দাফন করার কথা। হযরত বেলাল মসজিদে অনুষ্ঠিত প্রথম জানাজায় ইমামতি করেন মসজিদের ইমাম ও খতিব ড. সাইয়্যদ মুফতি মুহাম্মদ আনসারুল করিম আল আজহারী। জানাজায় কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে কাজী আজম, ফিরোজ আহমেদ, নাজমুল হাসান মানিক, জাহিদ মিন্টু, মাইন উদ্দিন পিন্টু, হারুনু অর রশিদ প্রমুখ উপস্থিত ছিলেন।

অপরদিকে বাংলাদেশ মুসলিম সেন্টারে আয়োজিত নামাজে জানাজায় ইমামতি করেন মুফতি আব্দুল মালেক। এই জামাতেও চার্চ-ম্যাকডোনাল্ড বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন (সিএমবিবিএ)-এর নেতৃবৃন্দ সহ কমিউনিটির সর্বস্তরের বিপুল সংখ্যক মানুষ অংশ নেন।

শোক প্রকাশ: বিশিষ্ট ব্যবসায়ী, রকি এন্টারপ্রাইজের মালিক হাজী আবুল হোসেন মিয়ার ইন্তেকালে বৃহত্তর নোয়াখালী সমিতি ইউএসএ'র ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান হাজি মফিজুর রহমান, সভাপতি নাজমুল হক মানিক, নব নির্বাচিত সভাপতি জাহিদ মিন্টু ও নব নির্বাচিত সাধারণ সম্পাদক এএসএম মাইনুদ্দীন পিন্টু, কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ সিদ্দিক মুন্না ও সাধারণ সম্পাদক মোশারফ হোসেন সবুজ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন।

বন্যায় বিপর্যস্ত ইন্দোনেশিয়া-শ্রীলঙ্কা

অনলাইন ডেস্ক : এক সপ্তাহ পেরিয়ে গেলেও বন্যা ও ভূমিধস কবলিত ইন্দোনেশিয়ার জনজীবন এখনো স্বাভাবিক হয়ে আসেনি। বন্যার পর পানিবাহিত নানা রোগে আক্রান্ত হচ্ছে সুমাত্রা দ্বীপের বাসিন্দারা। তবে ক্ষতিগ্রস্ত এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহে কাজ করছে প্রশাসন।

বন্যা ও ভূমিধসে দেশটিতে প্রাণহানি ৯০০ ছাড়িয়েছে। অন্যদিকে এশিয়ার আরেক দেশ শ্রীলঙ্কায় ঘূর্ণিঝড়ের ক্ষতি কাটিয়ে উঠতে না উঠতেই নতুন করে দেশটিতে ভূমিধস সতর্কতা জারি করা হয়েছে।

যতদূর চোখ যায় শুধু দেখা মিলবে ক্ষতচিহ্ন আর ধ্বংসলীলা। মাইলের পর মাইলজুড়ে ভেঙে পড়েছে গাছপালা ও বিদ্যুতের খুঁটি, ঘরবাড়ি হারিয়ে দিশেহারা লাখ লাখ মানুষ। বিধ্বস্ত এই চিত্রগুলো দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ ইন্দোনেশিয়ার।

নভেম্বরে 'মাল্লাকা প্রণালীতে' আঘাত হানে বিরল এক ঘূর্ণিঝড়। এর প্রভাবে সৃষ্ট বন্যা ও ভূমিধসে সর্বোচ্চ প্রাণহানির সাক্ষী হয় ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপ। এখনও নিখোঁজ রয়েছে শতাধিক মানুষ। অনেক স্থানে দেখা দিয়েছে সুপেয় পানি সংকট। স্যানিটাইজেশন ব্যবস্থা ভেঙে পড়ায় বাড়ছে পানিবাহিত নানা রোগ। এছাড়া, দুর্যোগের কারণে বেহাল দশা সুমাত্রা দ্বীপের হাসপাতালগুলোর।

সুমাত্রা দ্বীপের হাসপাতালের একজন নার্স বলেন, আমার খারাপ লাগছে। মানুষ আমাকে নার্স হিসেবে জানে। কিন্তু এই কঠিন মুহূর্তেও মানুষের পাশে দাঁড়াতে পারছি না। সবকিছু ধ্বংস হয়ে গেছে। এদিকে ক্ষতিগ্রস্ত এলাকায় ধীরে ধীরে ফিরতে শুরু করেছে মানুষ। কাদামাটি ও ধ্বংসস্তূপ সরাতে কর্তৃপক্ষের সঙ্গে কাজ করছে স্থানীয়রাও। অনেক স্থানে পানিবাহী ট্রাক থেকে খাবার-পানি সংগ্রহ করছেন সাধারণ মানুষ।

প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ

নির্বাচন-গণভোটের আয়োজনে প্রস্তুত নির্বাচন কমিশন

নিজস্ব প্রতিবেদক : নির্বাচন আয়োজনের ক্ষেত্রে সব ধরনের প্রস্তুতি সঠিক ও সুন্দরভাবে এগোচ্ছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় নির্বাচন ও একই দিনে গণভোট আয়োজনের জন্য কমিশন সম্পূর্ণ প্রস্তুত বলেও জানান তিনি।

গতকাল রবিবার সন্ধ্যায় প্রধান নির্বাচন কমিশনার নাসির উদ্দিনের নেতৃত্বে নির্বাচন কমিশনের (ইসি) কমিশনাররা রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় নির্বাচন ও গণভোটের আয়োজনের অগ্রগতি সম্পর্কে প্রধান উপদেষ্টাকে অবগত করা হয়। নির্বাচন নিয়ে আগামী ১০ ডিসেম্বর রাষ্ট্রপতির সঙ্গেও নির্বাচন কমিশনের সাক্ষাতের কথা রয়েছে। এর আগে ইসি থেকে জানানো হয়েছিল, প্রথা অনুযায়ী, তফসিল ঘোষণার আগে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে তা চূড়ান্ত করা হয়।

প্রধান উপদেষ্টার সঙ্গে গতকালের বৈঠকে নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ, তাহমিদা আহমদ, মো. আনোয়ারুল ইসলাম সরকার, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ এবং নির্বাচন কমিশন সচিব আখতার আহমেদ উপস্থিত ছিলেন।

এ ছাড়া জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান এবং প্রধান উপদেষ্টার মুখ্য সচিব এম সিরাজ উদ্দিন মিয়া উপস্থিত ছিলেন ওই বৈঠকে।

প্রস্তুতিকালে ইসিকে পূর্ণ সহযোগিতা দেওয়ার জন্য প্রধান উপদেষ্টাকে ধন্যবাদ জানান সিইসি ও অন্য নির্বাচন কমিশনাররা। এ ছাড়া সর্বাত্মক সহযোগিতা করায় তিনি আইনশৃঙ্খলা বাহিনী ও সেনাবাহিনীর সদস্যদেরও প্রধান উপদেষ্টার মাধ্যমে ধন্যবাদ জানান। তিনি বলেন, ইতিমধ্যে নাগরিকরা নির্বাচনী কর্মকা- নিজেদের সম্পৃক্ত করেছেন, যা দেশে নির্বাচনী আমেজ সৃষ্টি করেছে।

এ সময় নির্বাচন কমিশনের প্রস্তুতিতে সন্তোষ প্রকাশ করে প্রধান উপদেষ্টা বলেন, 'সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশনকে সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখবে সরকার।' তিনি বলেন, 'জাতির জন্য প্রতীক্ষিত এই নির্বাচনে আপনারা (ইসি) চালকের আসনে আছেন। আমাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতেই হবে।'

প্রধান উপদেষ্টা বলেন, 'জাতিকে একটি সুন্দর নির্বাচন দিতে অন্তর্বর্তী সরকার প্রতিশ্রুতিবদ্ধ। ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতিকে আমরা ইতিহাসের সেরা নির্বাচন উপহার প্রত্যয়ে এগিয়ে চলছি।'

এর আগে, নির্বাচন কমিশনার সানাউল্লাহ সাংবাদিকদের জানান, আসন্ন জাতীয় নির্বাচন ও গণভোটের তফসিল এ সপ্তাহের যেকোনো দিন ঘোষণা করা হবে।

ত্রয়োদশ সংসদ নির্বাচন এবং জুলাইয়ের জাতীয় সনদ (সংস্কার সনদ)-সংক্রান্ত গণভোট ২০২৬ সালের ফেব্রুয়ারির প্রথ মদিকে একদিনে একসঙ্গে হবে।

জাতীয় নির্বাচনের জন্য সাদা ব্যালট পেপার ব্যবহার করা হবে, যেখানে গণভোটের জন্য ব্যবহার করা হবে গোলাপি ব্যালট পেপার।

নিউইয়র্ক ষ্টেট আ. লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমলের মাতৃবিয়োগ

নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমলের মা সৈয়দা আছিয়া বেগম যুক্তরাষ্ট্রের মিশিগান রাজ্যের একটি হাসপাতালে ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহ ওয়া ইন্না ইলাইহি রাজিউন। গত ২ নভেম্বর মঙ্গলবার দুপুর ১২টার দিকে তিনি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তার বয়স হয়েছিলো ৮৫ বছর। মৃত্যুকালে তিনি ৪ পুত্র ও ২ কন্যা ছাড়াও নাতি-নাতনী সহ বহু আত্মীয়-স্বজন রেখে গেছেন। খবর ইউএনএ'র।

জানা গেছে, মিশিগান রাজ্যের ওয়ারেন সিটিতে ছোট পুত্র মাহবুব আজমলের সাথে বসবাস করছিলেন সৈয়দা আছিয়া বেগম। মৃত্যুর তিন দিন আগে শরীর খারাপ হলে তাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালে তার স্বাস্থ্যের অবনতি ঘটলে মঙ্গলবার তিনি ইন্তেকাল করেন।

শাহীন আজমল জানান, মায়ের মৃত্যুর খবর পেয়ে তিনি মঙ্গলবার দিনই নিউইয়র্ক থেকে মিশিগানে পৌঁছান। তার লন্ডন প্রবাসী ভাই যুক্তরাষ্ট্রে আসার পর গত ৪ ডিসেম্বর বাদ জোহর নূর মসজিদে বাদ জোহর মরহুমা সৈয়দা আছিয়া বেগমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এরপর ডেয়ারবন উডম্যারি সেমিট্রিতে তার মরদেহ দাফন করা হয়।

শোক প্রকাশ: নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমলের মা সৈয়দা আছিয়া বেগমের মৃত্যুতে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ সহ দলীয় নেতৃবৃন্দ গভীর শোক ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

কঠোর ইমিগ্রেশন নীতিতে ঝুঁকিতে অভিবাসীরা!

প্রথম পৃষ্ঠার পর

নিয়ন্ত্রিত কংগ্রেসও এমন সব বিল পাসের উদ্যোগ নিয়েছে, যা ভবিষ্যতে যুক্তরাষ্ট্রে বৈধভাবে বসবাসের পথকে আরও সংকুচিত করতে পারে।

বিভিন্ন গণমাধ্যমের তথ্যমতে, ওয়াশিংটনে ন্যাশনাল গার্ড সদস্যদের ওপর হামলার ঘটনার পরপরই প্রশাসনের প্রথম বড় সিদ্ধান্ত ছিল আশ্রয় বা অ্যাসাইলামপ্রক্রিয়া কার্যত স্থগিত করে দেওয়া।

হোয়াইট হাউস অভ্যন্তরীণ নির্দেশনায় ইউএসসিআইএস কর্মকর্তাদের বলা হয় যে কোনো ধরণের শরণার্থী ও আশ্রয় সিদ্ধান্ত আপাতত বন্ধ রাখতে। ফলে লাখো আশ্রয়প্রার্থীর মামলা সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত আটকে গেছে। এতে করে শরণার্থী ও আশ্রয়প্রার্থীদের ভবিষ্যত ঝুঁকিতে রয়েছে। শুধু তাই নয় গ্রীনকার্ডধারীদেরও আবেদন স্থগিত রাখা হয়েছে। ভ্রমণ নিষেধাজ্ঞায় ১৯ টি দেশের সাথে আরো একাধিক দেশকে যুক্ত করার পরিকল্পনাও করছে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি।

ইবি-৩, পরিবারভিত্তিক গ্রিন কার্ড, এমনকি কিছু ডাইভারসিটি ভিসাধারীও প্রশাসনিক ক্লিয়ারেন্সের নামে অনির্দিষ্ট সময়ের জন্য অপেক্ষায় পড়ে গেছেন। কনস্যুলার প্রক্রিয়ায় 'সিকিউরিটি রিভিউ' বেড়ে যাওয়ায় বিশ্বের বিভিন্ন দেশের আবেদনকারীরা মাসের পর মাস সাক্ষাৎকার পাচ্ছেন না। আরও কঠোর হয়েছে ভ্রমণ-নিষেধাজ্ঞা; মধ্যপ্রাচ্য, আফ্রিকা ও লাতিন আমেরিকার কয়েকটি দেশের ওপর নতুন করে ভিসা-নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছে, ফলে অস্থায়ী ভ্রমণ অনুমতি বা অ্যাডভান্স প্যারোল এবং ফ্যামিলি রিইউনিফিকেশন একপ্রকার ঝুলে গেছে।

অনথিভুক্ত ও অ-নাগরিক অভিবাসীদের ওয়ার্ক পারমিট এর মেয়াদ ৫ বছর থেকে কমিয়ে ১৮ মাস করা হয়েছে। এছাড়াও এর আগে ওয়ার্ক পারমিটের ক্ষেত্রে নির্দিষ্ট ফি ধার্য করা হয়েছিলো।

অভিবাসন ব্যবস্থায় কঠোর অভিবাসন নীতিতে আরো কঠোর ব্যবস্থা গ্রহণে আইন পাসে উদ্যোগ নিয়েছে রিপাবলিকান নিয়ন্ত্রিত কংগ্রেস ও সিনেটররা।

সিনেটে বিল পাসে প্রস্তাবিত অ্যাসাইলাম সিকিউর অ্যাক্ট, যেটি আশ্রয়প্রার্থীকে সীমান্তে পৌঁছানোর সঙ্গে সঙ্গেই ডিটেনশনে রাখার বাধ্যবাধকতা সুযোগ থাকবে। হাউসে উঠেছে ম্যানডাটরি রিমুভাল অ্যাক্ট, যেখানে অপরাধের অভিযোগ পেলেই অভিবাসীকে গ্রেপ্তার ও দ্রুত বহিষ্কারের পথ তৈরি করা হয়েছে। একইসঙ্গে গ্রিন কার্ড আবেদনে নিরাপত্তা যাচাই আরও কঠোর করার জন্য হোমল্যান্ড সিকিউরিটি রিফর্ম বিল। যার মাধ্যমে সাম্প্রতিক বছরগুলোতে গ্রিন কার্ড প্রাপ্ত ও আবেদনকারীদের আরো কঠোরভাবে যাচাই করা হবে এবং কোন তথ্যের অমিল, প্রতারণা বা নিরাপত্তা সংক্রান্ত কোন ঝুঁকি থাকলে ওই গ্রীন কার্ড বা আবেদন বাতিল করা যাবে দ্রুত। গত সপ্তাহে রিপাবলিকান সিনেটর দ্বৈত নাগরিকত্ব বাতিল সংক্রান্ত একটি বিল প্রস্তাব করেছেন। এটি পাস হলে অভিবাসী আমেরিকানরা শুধু মাত্র আমেরিকার নাগরিকত্ব গ্রহণ করতে হবে। দ্বৈত নাগরিকত্ব নিয়ে থাকতে পারবেন না।

এছাড়াও একাধিক অভিবাসন বিচারক বরখাস্তের পর ডিপোর্টেশন জাজ নিয়োগে ট্রাম্প প্রশাসনের উদ্যোগ অভিবাসন প্রত্যাশীদের দুশ্চিন্তা প্রকট করেছে।

অপরদিকে ডিন্যাচারালাইজেশন সিটিজেনদের আটক ও নাগরিকত্ব বাতিলে প্রেসিডেন্ট ট্রাম্পের ক্ষমতায়ন বৃদ্ধির জন্য সিনেট ও হাউসের একাধিক রিপাবলিকান সিনেটর এবং কংগ্রেস একটি বিল পাসের উদ্যোগ নিচ্ছেন।

ট্রাম্প প্রশাসন কঠোর অভিবাসন নীতি প্রয়োগে যুক্তি দিচ্ছে বর্তমান ব্যবস্থা 'দুর্বল', 'অনৈতিক' এবং 'জাতীয় নিরাপত্তাবিরোধী'।

হোয়াইট হাউস বলছে, "পরিবারভিত্তিক অভিবাসন বিশৃঙ্খলা তৈরি করেছে, আশ্রয়প্রক্রিয়া অপব্যবহার হচ্ছে, আর ওয়ার্ক পারমিট মানবপাচারকে উৎসাহ দিচ্ছে।"

এই কঠোরতার বাস্তব প্রভাব সবচেয়ে স্পষ্ট হয়ে উঠেছে সাম্প্রতিক কয়েকটি ঘটনায়। বোস্টনের এয়ারপোর্ট থেকে আটক হওয়ার পর কলেজছাত্রী লুসিয়া লোপেজ বেলোজা মাত্র দুই দিনের মধ্যে হন্ডুরাসে ডিপোর্ট হয়ে যান, এমনকি আদালত তাকে ম্যাসাচুসেটসে রাখার নির্দেশ দেওয়ার পরও। তার আইনজীবী বলছেন, প্রশাসনকে পাওয়া যায়নি, ছাত্রীর অবস্থান খুঁজে পাওয়া যায়নি, আর বিচারিক প্রক্রিয়া কার্যত অকার্যকর করে দেওয়া হয়েছে।

ইমিগ্রেশন বিশ্লেষকেরা বলছেন, এই ধারাবাহিক নীতি ও বিলগুলো শুধু অভিবাসীবান্ধব পরিবেশকে সংকুচিত করছে না; যুক্তরাষ্ট্রের অভিবাসনব্যবস্থার শতবর্ষের ধারণাকেও বদলে দিচ্ছে। আশ্রয়, গ্রিন কার্ড, ভিসা, ভ্রমণ সব একসঙ্গে স্থবির হয়ে পড়ায় লাখো লাখো পরিবার ভবিষ্যৎ নিয়ে দিশেহারা।

অ-নাগরিক অভিবাসীদের ওয়ার্ক পারমিটের মেয়াদ ১৮ মাস!

প্রথম পৃষ্ঠার পর

ওয়ার্ক পারমিট বা কাজের অনুমোদনের জন্য আবেদন করেছেন তাদের সর্বোচ্চ মেয়াদ কমিয়ে ১৮ মাস করা হবে। নতুন নিয়ম ৫ ডিসেম্বরের পর দায়ের হওয়া নতুন আবেদন এবং চলমান আবেদনগুলোতে প্রযোজ্য হবে।

ইউএসসিআইএস'এর পরিচালক জোসেফ এডলো বলেন, "ন্যাশনাল গার্ড সদস্যদের ওপর হামলার ঘটনায় স্পষ্ট হয়ে গেছে যে, অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করতে ওয়ার্ক পারমিটের নিয়মিত যাচাই কতটা জরুরি। মেয়াদ কমালে আমরা আরও ভালোভাবে যাচাই করতে পারব এবং দেশের নিরাপত্তা নিশ্চিত করতে সক্ষম হব।"

নতুন নীতি শুধু শরণার্থী ও আশ্রয়প্রার্থীদের ক্ষেত্রেই সীমাবদ্ধ নয়। যারা স্থায়ী বাসিন্দা হওয়ার জন্য অপেক্ষমাণ আছেন, তারা ওয়ার্ক পারমিট নবায়ন করার জন্য অন্তর্ভুক্ত হবেন। ইউএসসিআইএস বলেছে, এই পদক্ষেপ ব্যাকলগ কমানোর পাশাপাশি নিরাপত্তা যাচাই আরও ঘনিষ্ঠ করার উদ্দেশ্যে নেওয়া হয়েছে। অভ্যন্তরীণ সূত্র জানিয়েছে, দীর্ঘ প্রক্রিয়া এবং আবেদনকারীর সংখ্যা বৃদ্ধির কারণে ইউএসসিআইএস-এর ওপর চাপ বৃদ্ধি পেয়েছিল।

গত সপ্তাহে ওয়াশিংটন ডিসিতে আফগান নাগরিক রহমানুল্লাহ লাকানওয়াল-এর হামলায় দুই ন্যাশনাল গার্ড সদস্য আহত হন, একজন নিহত হন। এই ঘটনায় ট্রাম্প প্রশাসন অভ্যন্তরীণ নিরাপত্তা জোরদার করেছে। ইউএসসিআইএস-এর সব আশ্রয় আবেদন স্থগিত করা হয়েছে, আফগান নাগরিকদের ভিসা ও ইমিগ্রেশন আবেদন পেন্ডিং রাখা হয়েছে। এছাড়াও ট্রাম্পের "ভ্রমণ নিষেধাজ্ঞা" তালিকাভুক্ত ১৯ দেশের নাগরিকদের নাগরিকত্ব অনুষ্ঠানসহ সকল আইনগত প্রক্রিয়া থামানো হয়েছে।

যুক্তরাষ্ট্রের কর্মকর্তারা জানিয়েছেন, এই নিষেধাজ্ঞা তালিকায় আরও ৩০টি দেশ যোগ করার পরিকল্পনা চলছে। প্রশাসন বলেছে, এটি অভ্যন্তরীণ নিরাপত্তা এবং ইমিগ্রেশন নিয়ন্ত্রণের অংশ।

বিশেষজ্ঞরা বলছেন, নতুন নিয়মের ফলে বহু অভিবাসীর ক্ষেত্রে ওয়ার্ক পারমিট বারবার নবায়ন করতে হবে, যা অতিরিক্ত ব্যয়, কাগজপত্র এবং চাকরির স্থিতিশীলতায় ব্যাঘাত সৃষ্টি করতে পারে। ইউএসসিআইএস-এর ওপর প্রসেসিং চাপও বৃদ্ধি পাবে, কারণ নবায়ন প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।

অভিবাসীরা আইস'র নির্দেশ মানতে বাধ্য নন

শেষ পৃষ্ঠায় পর

ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) অভিযানের কয়েক দিন পরই রবিবার নিজের ফেসবুক ও এক্স একাউন্টে ১ মিনিট ২৫ সেকেন্ডর একটি ভিডিও প্রকাশ করে অভিবাসীদের মৌলিক অধিকারগুলো তুলে ধরে এ পরামর্শ দেন নির্বাচিত মেয়র মামদানী।

ভিডিও বার্তায় মামদানি বলেন, "আমরা সবাই আইসির বিরুদ্ধে দাঁড়াতে পারি যদি আমরা আমাদের অধিকার জানি।" তিনি প্রতিশ্রুতি দেন যে নিউইয়র্কের ৩০ লাখ অভিবাসীর অধিকার রক্ষায় তিনি সর্বোচ্চ ভূমিকা রাখবেন।

মামদানি ব্যাখ্যা করেন, যুক্তরাষ্ট্রে অবস্থানকারী যে কেউ চাইলে ফেডারেল ইমিগ্রেশন এজেন্টদের সঙ্গে কথা না বলার অধিকার রাখেন। আইস এর অভিযান কার্যক্রম বাধাগ্রস্ত না করে তাদের ভিডিও করা আইনসম্মত। বিচারকের স্বাক্ষরযুক্ত জুডিশিয়াল ওয়ারেন্ট ছাড়া আইস কারও বাড়ি, স্কুল বা কর্মস্থলের ব্যক্তিগত এলাকায় প্রবেশ করতে পারে না।

তিনি আরও বলেন, "আইস আইনগতভাবে আপনাকে মিথ্যা বলতে পারে। কিন্তু আপনার নীরব থাকার অধিকার আছে। যদি আপনাকে আটক করা হয়, বারবার জিজ্ঞাসা করতে পারেন' আমি কি যেতে পারি?' যতক্ষণ না তারা আপনাকে উত্তর দেয়।" আগামী ১ জানুয়ারি নিউইয়র্ক সিটির মেয়র হিসেবে শপথ নেবেন মামদানি। তাঁর এই মন্তব্য আসে চায়নাটাউনের কাছে ক্যানাল স্ট্রিটে আইসির অভিযানের সময় বিক্ষোভকারীরা জড়ো হয়ে তাদের প্রতিরোধ জানায়। গত অক্টোবরে একই এলাকায় আরেকটি অভিযানের সময়ও বিক্ষোভ হয়েছিল।

মামদানি বলেন, "নিউইয়র্ক সবসময় অভিবাসীদের স্বাগত জানাবে। আমি প্রতিদিন আমাদের অভিবাসী ভাই-বোনদের সুরক্ষা, সহায়তা ও মর্যাদা রক্ষায় লড়ব।"

এদিকে ভিডিওটি প্রকাশের পর থেকেই ডানপন্থীদের তীব্র প্রতিক্রিয়া ছড়িয়ে পড়েছে। ট্রাম্প প্রশাসন ও মামদানি নেতৃত্বাধীন আসন্ন সিটি সরকারের মধ্যে অভিবাসন নিয়ে উত্তেজনা আরও বাড়বে বলে অনেকেই মনে করছেন। এমনটি প্রতিবেদনে জানায় নিউইয়র্ক পোস্ট।

প্রতিবেদনে বলা হয়, গত মাসে হোয়াইট হাউসে মামদানি ও প্রেসিডেন্ট ট্রাম্পের সৌহার্দ্যপূর্ণ বৈঠক আলোচনায় ছিল। তবে এই ভিডিও বার্তা সেই সম্পর্ককে চাপের দিকে ঠেলে দিচ্ছে বলেই পর্যবেক্ষকদের ধারণা।

রক্ষণশীল ভাষ্যকার কারমাইন সাবিয়া এক প্রতিক্রিয়ায় লিখেছেন "তাহলে কি পছন্দ না হলে আইন উপেক্ষা করবেন? আমাদের কি সীমান্ত বা অভিবাসন আইন থাকারই দরকার নেই?"

লিজ রিওস নামে অন্য একজন সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন "এটা অপরাধীদের সহায়তা, উৎসাহ ও পরামর্শ দেওয়া ছাড়া আর কিছুই নয়।"

আরেকজন মন্তব্য করেন "ডেমোক্র্যাটরা রিপাবলিকানদের হাতে সেরা উপহারটাই তুলে দিয়েছে এই মানুষটিকে।"

ইমিগ্রেশন বিচারক বরখাস্তে উদ্বেগ চরমে

প্রথম পৃষ্ঠার পর

বোনাস সহ আকর্ষণীয় বেতন ঘোষণা করে বিজ্ঞপ্তি দিয়েছে ডিওজে।

এদিকে বরখাস্ত হওয়া অনেক বিচারক ও সাবেক ইমিগ্রেশন বিচারকরা মনে করছেন, অভিবাসন নীতিতে ইতিবাচক মনোভাবের কারণে অনেক বিচারক প্রশাসনের রোষানলে পড়েছেন। এটি পরিকল্পিত পদক্ষেপ, যাতে অভিবাসীদের মামলাগুলো আর বিশেষজ্ঞ বিচারকদের হাতে সুচারুভাবে বিচার করা না-হয়। কারণ নতুন বিচারকরা অভিবাসন সংক্রান্ত বিষয়ে অনভিজ্ঞ। এ জন্য অভিবাসীরা ব্যাপক ক্ষতিগ্রস্ত হতে পারে।

দ্য নিউইয়র্ক টাইমস'র প্রতিবেদনে বলা হয়, নিউইয়র্ক সিটির ম্যানহাটনের ফেডারেল প্লাজার ৮ জন ইমিগ্রেশন বিচারককে একসাথে বরখাস্ত করেছে ট্রাম্প প্রশাসন। সোমবার হঠাৎ করেই একসাথে সহকারী প্রধান বিচারক আমিয়েনা এ. খানসহ আরো ৭ জনকে বরখাস্তের নির্দেশ পাঠানো হয় যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ থেকে। বছরের শুরুতে এখানে বিচারকের সংখ্যা ছিল ৩৭; বর্তমানে তা নেমে দাঁড়িয়েছে ২৫-এ।এসব বিচারক অভিবাসীদের প্রতি তুলনামূলক সহানুভূতিশীল ছিলেন। এজন্য প্রশাসন তাদেরই টার্গেট করে বরখাস্ত করা হয়েছে।

এছাড়াও গত দুই সপ্তাহে সানফ্রান্সিস্কো ও বস্টন এর ইমিগ্রেশন বিচারক ৬ জনকে বরাখাস্ত করা হয়।

ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইমিগ্রেশন জাজেসের তথ্য অনুযায়ী, এ বছর পর্যন্ত প্রায় ৭০০ জন বিচারকের মধ্যে অন্তত ৯৮ জনকে বরখাস্ত করেছে ট্রাম্প প্রশাসন। এর সঙ্গে আরও অনেক বিচারক বাধ্য হয়ে পদত্যাগ করেছেন বা অবসর নিয়েছেন। ফলে ইতিমধ্যেই লাখ লাখ মামলা ঝুলে থাকা ইমিগ্রেশন আদালতগুলোতে বিশৃঙ্খলা আরও বৃদ্ধি পেয়েছে। এ সময় ফেডারেল এজেন্টরা আদালত প্রাঙ্গণেই অভিবাসীদের গ্রেপ্তার করছে এবং বৈধতার পথগুলো আরও সীমিত হয়ে আসছে।

বরখাস্ত হওয়া বিচারকদের স্থলে সামরিক আইনজীবী এবং নতুন "ডিপোর্টেশন জাজ" নিয়োগের চেষ্টা করা হচ্ছে। এছাড়া নতুন বিচারকদের আকৃষ্ট করতে নিউ ইয়র্ক, সান ফ্রান্সিসকো ও ম্যাসাচুসেটসের মতো শহরে বেসিক বেতনের ২৫ শতাংশ অতিরিক্ত বোনাসের ঘোষণা দেওয়া হচ্ছে।

পলিটিকো তাদের প্রতিবেদনে জানায়, নিউ ইয়র্কের সাবেক ইমিগ্রেশন বিচারক অলিভিয়া ক্যাসিন, যিনি সম্প্রতি বরখাস্ত হয়েছেন, বলেন, "এটি এমন একটি ব্যবস্থা ধ্বংস করার চেষ্টা, যেখানে বিশেষজ্ঞ বিচারকরা জ্ঞান ও অভিজ্ঞতা দিয়ে প্রতিটি মামলার বিচার করে থাকেন। তারা সবাইকে সরিয়ে দিচ্ছে।" বরখাস্ত হওয়া বিচারকরা জানিয়েছেন, ছাঁটাই প্রক্রিয়াটি খুবই যান্ত্রিক। অ্যাটর্নি জেনারেল পাম বন্ডির স্বাক্ষরিত একটি ইমেইলে বলা হয়, সংবিধানের আর্টিকেল-টু অনুযায়ী তাদের চাকরি শেষ। এরপরই বিচারকদের নাম বিচার বিভাগীয় ওয়েবসাইট থেকে মুছে ফেলা হয়। একই সঙ্গে ছাঁটাইয়ের খবর ছড়িয়ে পড়ে বরখাস্ত বিচারকদের গ্রুপ চ্যাটগুলোতে।

প্রতিবেদনে আরো বলা হয়, বরখাস্ত হওয়া বিচারকদের মধ্যে অনেকেই নারী, দ্বৈত নাগরিকত্বধারী বা অতীতে অভিবাসীদের আইনি সহায়তা করেছেন। রাজনৈতিক প্রতিহিংসার অভিযোগও উঠেছে। কিছু বিচারক ডেমোক্র্যাটিক রাজনীতিতে যুক্ত ছিলেন, আবার কেউ কেউ স্থানীয় নির্বাচনে অংশগ্রহণ করেছেন। এমন পরিস্থিতিতে অনেক বিচারক তাদের বরখাস্তের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নিয়েছেন। নিউ ইয়র্কের ক্যাসিন ইতিমধ্যেই প্রক্রিয়া শুরু করেছেন, এবং ওহাইওর সাবেক বিচারক তানিয়া নেমার সোমবার আদালতে মামলা দায়ের করেছেন। তিনি অভিযোগ করেছেন, বিচার বিভাগ লিঙ্গ, জাতি ও রাজনৈতিক সংযুক্তি অনুযায়ী বৈষম্য করেছে।

বরখাস্তের ফলে আদালতগুলোতে মামলা নিষ্পত্তির ধারা স্থবির হয়ে গেছে। শিকাগোর সাবেক বিচারক জেনিফার পেইটন বলেন, "আমরা ভেবেছিলাম, এর চেয়ে বেশি ক্ষতি আর কী করা যায়। কিন্তু এখন দেখা যাচ্ছে, নিউ ইয়র্ক, শিকাগো, সান ফ্রান্সিসকো সব আদালতই প্রায় অচল। লাখো মামলা ঝুলে আছে।"

ডেমোক্র্যাট আইন প্রণেতা, সাবেক জাজ ও আইনজীবীদের মতে, অভিজ্ঞতা ছাড়া নতুনদের নিয়ে আসা অভিবাসন বিচারব্যবস্থার জন্য ঝুঁকিপূর্ণ। বিশেষত সামরিক আইনজীবীদের মতো স্বল্পমেয়াদি অস্থায়ী জাজরা আদালতের জটিলতা বুঝে উঠার আগেই দায়িত্ব শেষ করে ফেলতে পারেন, যা মামলার ন্যায়বিচারে প্রভাব ফেলতে পারে।

ক্যালিফোর্নিয়ার সিনেটর অ্যাডাম শিফ গণমাধ্যম এনপিআরকে বলেন, "অভিজ্ঞ জাজদের বরখাস্ত করা এবং 'ডিপোর্টেশন জাজ' হিসেবে অদক্ষ বা অস্থায়ী লোক নিয়োগের মাধ্যমে ট্রাম্প প্রশাসন আমাদের বিচারব্যবস্থার কাঠামোকে বদলে দিচ্ছে। এতে পরিবার, ন্যায়বিচার ও ডিউ প্রসেস সবকিছুর ওপরই গুরুতর ঝুঁকি তৈরি হয়েছে।"

ডিওজে বলেছে, এই বিশৃঙ্খলার দায় তাদের নয়, বরং বাইডেন প্রশাসনের উপর চাপ সৃষ্টি ও "অবৈধ অভিবাসীদের জন্য কার্যত আমনেস্টি" প্রয়োগের ফল। তারা দাবি করেছে, বর্তমান প্রশাসন ইমিগ্রেশন ব্যবস্থা শৃঙ্খলাবদ্ধ করতে কাজ করছে।

এই পরিস্থিতি পুনরায় স্বাধীন ইমিগ্রেশন আদালত স্থাপনের দাবি জোরালো করছে। সাবেক ভার্জিনিয়া বিচারক আনাম পেতিত বলেছেন, "বিচারকদের চাকরি হারানোর ভয়ে থাকা ন্যায়বিচারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। আদালতগুলোকে নির্বাহী শাখার আওতা থেকে বের করে স্বাধীন অঙ্গরূপষব ও আদালত হিসেবে গড়ে তোলা উচিত।" ডেমোক্র্যাট কংগ্রেস সদস্য ড্যান গোল্ডম্যান এবং জোয়ি লোফগ্রেন ইতিমধ্যেই আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছেন, যা ইমিগ্রেশন আদালতকে নির্বাহী শাখার থেকে আলাদা করে স্বাধীন আদালত হিসেবে গড়ে তুলবে।

এই পরিস্থিতিতে অভিবাসীদের জন্য আইনি সহায়তা আরও কঠিন হয়ে গেছে। অনেক অভিবাসী জানাচ্ছেন, আদালতগুলোতে মামলার প্রক্রিয়া ধীরগতির এবং তথ্যের স্বচ্ছতা নেই। আইনজীবীরা বলছেন, তারা প্রায়ই তাদের ক্লায়েন্টের অবস্থান ও আদালতের কার্যক্রম সম্পর্কে জানার জন্য লড়াই করতে বাধ্য হচ্ছেন।

যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন আদালত ব্যবস্থা এই মুহূর্তে এক সংকটমুখী পর্যায়ে রয়েছে, যেখানে আদালতের স্বায়ত্তশাসন ও বিচারিক স্বাধীনতার জন্য নতুন করে চাপ সৃষ্টি হচ্ছে।

নিউইয়র্ক সিটি'র নুন্যতম মজুরী ১৭ ডলার

প্রথম পৃষ্ঠার পর

অনুযায়ী বৃদ্ধি পাবে। প্রসঙ্গত, গত ১২ বছরে রাজ্যের সর্বনিম্ন মজুরি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ঘণ্টায় ৮ ডলার থেকে ২০২৬ সালে দ্বিগুণ হয়ে ১৬ ডলার হয়েছে।

বাইক লেন বাতিলের নির্দেশ আদালতের

শেষ পৃষ্ঠায় পর

আহত হয়েছেন প্রায় ১৯০ জন। আর এ কারণেই এলাকাটিকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়।

এদিকে আদালতের রায়ে বলা হয়েছে, ব্যবসায়ীদের করা মামলায় বিচারক তাঁদের পক্ষেই রায় দিয়েছেন। নির্দেশে বলা হয়েছে সড়কের আগের নকশা পুনরুদ্ধার করতে হবে এবং ডিওটিকে ৩০ দিনের মধ্যে সব পরিবর্তন ফিরিয়ে নিতে হবে। ডিওটির পক্ষ থেকে এ প্রতিবেদন লেখা পর্যন্ত কোনো প্রতিক্রিয়া পায়নি সিবিএস নিউজ।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

বি-২ ভিসায় ভ্রমণ করা যাবে না :

বি-২ ভিসায় নিচের কোন কারণে ভ্রমণ করা যাবে না :

১. স্টাডি;

২. ইউএস-র কোন ফার্মে দীর্ঘমেয়াদি কাজ করা যাবে না;

৩. দর্শকদের অর্থ মূল্যে কাটা টিকেটের কোন অনুষ্ঠানে পারিশ্রমিকের বিনিময়ে গহনা গ্রহণ করা যাবে না;

৪. বিদেশি প্রেস, রেডিও, ফিল্ম, প্রিন্ট জার্নালিজম বা অন্য কোন তথ্য মিডিয়ায় কাজ করা যাবে না;

৫. যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাস করা যাবে না;

বি-১/বি-২ ভিসার স্ট্যাটাস পরিবর্তন করা যাবে কিনা?

স্থায়ী বসবাসের জন্য এই বিশ্বাস স্ট্যাটাস মঞ্জুর করে না। এটা সাময়িক ভিসা কিন্তু বি-১/বি-২ ভিসার স্ট্যাটাস এই দেশ থেকে (যুক্তরাষ্ট্র) অন্য ভিসা পরিবর্তন করা যাবে, তবে তার জন্য কতিপয় শর্ত পূরণ করতে হবে। এই প্রক্রিয়ায় ইউএস সিটিজেনশিপ এন্ড ইমিগ্রেশন সার্ভিস পরিবর্তন আবেদন মানতে হবে।

স্ট্যাটাস পরিবর্তনের আবেদনের মূল বিষয়:

অবস্থানের উদ্দেশ্য: যে কারণে ইউএসএ-তে থাকার ইচ্ছা সেটা নতুন ভিসা টাইপের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে। যেমন: পড়াশুনার ইচ্ছা থাকলে সেক্ষেত্রে স্টুডেন্ট ভিসার স্ট্যাটাস পরিবর্তনের জন্য আবেদন মানতে হবে (এফ-১)। কোন চাকরি দাতা স্পন্সর করতে আগ্রহ হলে সে ক্ষেত্রে ওয়ার্ক ভিসার (যেমন এইচ-১) বি'র জন্য আবেদন করা যাবে।

সময়: স্ট্যাটাসের মেয়াদ শেষ হওয়ার আগে আবেদন করতে হবে। এটা আই-৯৪ আগমন ও নির্গমন রেকর্ডে উল্লেখ থাকে। ইউএসসিআইএস- এর পরামর্শ হচ্ছে- বর্তমান স্ট্যাটাসের সময় পার হওয়ার কমপক্ষে ৪৫ দিন আগে আবেদন করা ভালো।

যোগ্যতা: সবাই স্ট্যাটাস পরিবর্তন করতে পারে না। ওয়েভার ভিসায় ইউএসএ'তে প্রবেশ করলে স্ট্যাটাস পরিবর্তন করা যাবে না। যদি কোন ইউএস সিটিজেন কে বিয়ে না করা হয়।

স্ট্যাটাস লংঘন: বর্তমান বিচার শর্ত লঙ্ঘন করলে সেক্ষেত্রে ভিসা স্ট্যাটাস পরিবর্তনের আবেদন করা যাবে না।

অনুমোদন: সকল শর্ত পূরণ করেও যদি আবেদন করা হয় তবুও চূড়ান্ত সিদ্ধান্ত নির্ভর করবে ইউএসসিআইএস'র উপর। যদি কোন ইউএস সিটিজেন বা গ্রিনকার্ডধারী (পার্মানেন্ট রেসিডেন্টকে বিয়ে করা হয় সেক্ষেত্রে 'ম্যারেজ গ্রিনকার্ড'এর জন্য আবেদন করা যাবে। এর জন্য ইউএসএ'তে স্বামী/স্ত্রী এক সঙ্গে বসবাস করতে পারবেন এবং এদেশে থেকেও গ্রিনকার্ডের জন্য আবেদন জানানো যাবে। কিংবা দেশে গিয়েও কনস্যুলার প্রক্রিয়ার মাধ্যমে আবেদন করা যাবে।

বি-২ টুরিস্ট ভিসায় ভ্রমণের কারণ হতে হবেঃ

পর্যটন ঃ কোন দর্শণীয় স্থান পরিদর্শন, ল্যান্ড মার্ক দেখা কিংবা ইউএসএ'র কৃষ্টি সংস্কৃতি উপভোগ করা, পরিবার ও বন্ধুদের সাথে সাক্ষাৎ।

কৃষ্টি সংস্কৃতি উপভোগ করা পরিবার ও বন্ধুদের সাথে সাক্ষাৎ।

মেডিকেল চিকিৎসা: কারো চিকিৎসার প্রয়োজন বা অপারেশন যা এখানে সহজলভ্য তারা এই ভিসার জন্য আবেদন করতে পারেন;

সোশ্যাল অনুষ্ঠান: কনসার্ট, রান্না শিক্ষার ক্লাস, কনভেনশন, ফেস্টিভালে অংশগ্রহণ;

প্রতিযোগিতায় অংশ নেওয়া: কোন প্রফেশনাল ইভেন্টে না হলে সৌখিন টুর্নামেন্ট বা প্রতিযোগিতার জন্য বি-২ভিসা যথার্থ;

সংক্ষিপ্ত কোর্সের শিক্ষার জন্য বি-২ ভিসা যথার্থ পরবর্তীতে বিস্তারিত জানানো যাবে।

ডিসেম্বর ২০২৫ ভিসা বুলেটিন: ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ডিসেম্বর ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ডিসেম্বর ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর তাতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে ঐ তারিখের পূর্বে।

ডিসেম্বর ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি নেই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথম: (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা: নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তানঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

বাংলাদেশের জলতরঙ্গের দক্ষিণ বাহু

জাকির আবু জাফর

আমাদের পাঁজরাবৃত বঙ্গোপসাগরের ঢেউ আছড়ে পড়ছে পৃথিবীর পরাশক্তিগুলোর বুকের ওপর
চিন থেকে আমেরিকা, প্রাচ্য থেকে পাশ্চাত্যের তলদেশে তোলপাড় তুলছে এ বাংলাসমুদ্র
আগামী এশিয়ার ক্ষমতাবিন্দু কি তবে বাংলাদেশের জলতরঙ্গের দক্ষিণ বাহু!

আমাদের মেঘ আর সমুদ্র-পাখিদের হাম্মামখানায় এখন ঈগলের রহস্য-ছায়া
ড্রাগন এবং সিংহের নিঃশ্বাসে আমাদের জলজ প্রাণীরা বিচলিত! আমাদের এই
উপসাগরটি পকেটে পুরে নিতে চায় কারা!

আমরা তো বিশ্বগ্রামের কল্যাণেই জীবনকে জীবনের বুকে রুয়ে দিতে চাই
আমাদের শান্তির পতাকা আকাশসম বিস্তৃত
আমরা সাম্যের, ন্যায়, নীতি ও ন্যায্যতার পক্ষে প্রার্থনার মতো একাত্তে দাঁড়িয়ে যাই
তবু কেনো আমাদের জলতরঙ্গে মেশাতে হবে যুদ্ধের রঙ

আমরা তো বারবার বলেছি-
হে পৃথিবী মানবজাতির পক্ষে যুদ্ধ কোনোদিনই সুসংবাদ কিংবা মীমাংসা আনেনি
বরং যুদ্ধ মানেই হত্যাযজ্ঞের নৃশংস উৎসব
নির্বিচারে খুনের ঘনঘটা
বিবেকের পরাজয় এবং
মানবিক মর্যাদার করুন অপমান!

তবু কেনো খড়্গহস্ত যুদ্ধান্ধদের উদ্যত হাত
কেনো মারণাস্ত্রের মর্মান্তিক প্রদর্শনী
কেনো সভ্যতার উদরে এতসব আণবিক বোম
তবে কি মনুষ্য-মানচিত্র বিছিয়ে চলবে মানুষ হত্যার উৎসব!

শোনো তবে- যৌবনকে যুদ্ধে খরচ করার তৃষ্ণাকে আমরা মানবিক শরবতে মিটিয়ে দিতে চাই
আমরা চাই মানুষের অভয়াশ্রম হোক আমাদের পৃথিবী
আমাদের বুকের ওপর বয়ে যাক আমাদের প্রশান্তির বঙ্গোপসাগর
গুটিয়ে নাও তোমাদের সাম্রাজ্যবাদী থাবা!



হেমন্তের ভোর

সিকানদার কবীর

কুয়াশার চাদর গায়ে ঘুমিয়েছিল যে ধানের খেত
কাঁচা রোদের উষ্ণতায় সে জেগে উঠেছে; যে ঘাস
সারারাত ভিজে ছিল শিশিরের জলে তারাও তাকিয়ে
আছে চোখ মেলে। যে ধানের গাছ নুয়ে পড়েছিল রাতে
সে-ও জাগিয়েছে মাথা এসে নতুন প্রাতে-

ভোর হতে না হতেই কাস্তে হাতে জনেজনে কিষাণ চলে গেছে ফসলের মাঠে-
রাতে তারা স্বপ্ন দেখেছে এবার বদলে যাবে জীবন পাকা ধান কেটে;
নতুন বউও জেগে উঠেছে ভোরে- তারও কাজ আছে রোদে শুকাবে সে ধান;
আলতাপরা পায়ে নেড়ে দিবে কালোজিরে নাজিরশাইল- গোবরে লেপা আছে বাড়ির উঠান।

হেমন্তের রাতে যে খাল বিল নদী মাঠ লোকালয় ঘুমিয়ে ছিল নিশীথ নির্জনে-
ভোরের ডাকে তারা আবার জেগে উঠেছে কার্তিকে জীবনের জয়গান।



হারানোর গান

হোসেইন দিলওয়ার

গল্প লুকিয়ে রেখে কাছে আসি
আবার নতুন গল্প নিয়ে ফেরত যাই
সকল গল্পেরই আছে
কিছু না কিছু ঘরপোষা অর্থালংকার।

আশা, অপেক্ষা ও প্রেম প্রবৃত্তির তারতম্যে
কোনোটা ধূলিকণা আবার কোনোটা পাহাড়।
বিস্তৃত এইসব গল্পের অভ্যন্তরে
কেবলই মানুষের মজমা;
বাদবাকি সব উপকরণই প্রকৃতি থেকে নেয়া।

নিজেদের শান্তির জন্য প্রকৃতি তার
কোনো এক নিজস্ব সভায়
তাদের গল্প থেকে মজমার মাতব্বরদের বাদ দিতে চেয়েছিল।
তারপর থেকে,
ঘর ছাড়া হেলেঞ্চা আশ্রয় নিয়েছে ছাদে
এবং
খাম থেকে মুছে গেছে অক্ষর।

ঠিক তেমনিভাবে, আমাদের মাখা-মাখা
ভালোবাসার হারিকেন
অন্ধকারে নোঙর করে হারিয়েছে স্বভাব ও স্বর।

আকাশছোঁয়া গল্প

জহিরুল হক বিদ্যুৎ

জীবনটা কখনো সমুদ্রের ঢেউ,
কখনো মরুভূমির নীরবতা।
কখনো ভিজে ওঠে অনাবিল শিশিরে,
কখনো শুকিয়ে যায় নিজের অগোচরে।
তবু আমরা হাঁটি--
পদচিহ্নের ওপরে নতুন পদচিহ্ন রেখে
প্রতিটি মুহূর্তে নিজেকে পুনরায় জন্ম দেই।
নীরবতা অনেক কিছু শেখায়, শোনা যায় না,
কিন্তু ভেতরে অদৃশ্য আলো জ্বেলে দেয়।
সুখের দরজায় দাঁড়িয়ে যে দুঃখ কড়া নাড়ে,
তাকেও একদিন নিজের ঘরের অতিথি মনে হয়।
জীবনটা যেন এক আকাশ--
যেখানে থাকে রোদ, মেঘ, ঝড়, নীরবতা
কিছুদিন আকাশ পরিষ্কার, কিছুদিন কালো।
আমরাও নিজস্ব রঙে ধীরে ধীরে হয়ে উঠি
এক চলমান আকাশছোঁয়া গল্প।

অপূর্ণ বিদায়

ইকবাল খান

আমি জানি, অনেক কথা থেকে যাবে অন্ধকারে,
অনেক চিঠি অপঠিত থাকবে আলমারির কোণে,
অনেক চোখ ভিজে উঠবে নাম না বলা বিষণ্ণতায়।

তবু আমাকে যেতে হবে
ঠিক এমন এক বিকেলে, যখন আলো ফুরিয়ে যায় নিঃশব্দে।

আমার হাতের কলম থেমে যাবে মাঝপথে,
কোনো অপ্রকাশিত বাক্য ঝুলে থাকবে বাতাসে,
যেমন ধুলোমাখা জানালার ধারে
একটি পুরোনো পাখি ডানা মেলতে না পেরে থেমে যায়।

সময়ের স্রোত আমাকে টেনে নিয়ে যাবে নদীর গভীরে,
যেখানে আলো পৌঁছায় না,
শুধু স্মৃতিরা নীরবে জ্বলে।

সব দুঃখ, সব অনুতাপ, সব অপ্রকাশিত ভালোবাসা
আমি গুছিয়ে রাখব চোখের পাতার নিচে
যেন নীল এক পৃথিবীর মানচিত্র,
যেখানে ফিরে যাওয়া মানেই বিদায় নয়,
বরং চুপ করে হারিয়ে যাওয়া
যেন কোনো অসমাপ্ত কবিতার শেষ লাইন।

অস্পৃশ্য জহর

সুমন শামসুদ্দিন

বিকেলের অস্পষ্ট চাঁদ ঝুলে আছে
নীল দিগন্তের ওপর।
নিরাশার জলরাশির বুকে তার স্তব্ধ অবয়ব!
দৃশ্যপটের মাঝখানে চুপচাপ দাঁড়িয়ে-
জবুথবু অসম্পৃক্ত অরণ্যরাজীর শীর্ষাঙ্গ!

জলধির বুকে একজোড়া হংসমিথুন
ধীরে ধীরে মৌনসাঁতারে দোলা দেয়
দ্বৈতিক জীবনের পৃষ্ঠতলে!
মন্থরগতিতে জেগে ওঠে নিষ্পাপ ভোর।
তারপর বেলা গড়িয়ে মধ্যাহ্ন জীবন।

লম্বা দ্বিপ্রহরে অস্থিরতার উত্তাল ঢেউয়ে-
দাবদাহের তপ্তচোখে কেটে যায় দুপুর!
বহমান বাতাসের আলিঙ্গনে শিহরিত হয়
জলরাশি আর নীল দিগন্তের লুকোচুরি সময়।

উপেক্ষা-ঘাটে একটা নিষ্পাপ তৃষ্ণার্ত মুকুল
নীরবগতিতে ঝরে পড়ে শুকনো পুকুরে!
অথচ অনুবিদ্ধ অপ্রেম দ্বিপ্রহরের দ্বিধা নিয়ে
বেশ আছে বৈষয়িক আত্মজননে!

মায়াবী শকুনেরা ছিঁড়ে ছিঁড়ে খেয়ে যায়
আমার অপাপবিদ্ধ হৃদয়-পেশী!
পাঁজরাস্থি বেষ্টিত জৈবিক কারাগারে
অবরুদ্ধ প্রণয়গ্রন্থি ধিকিধিকি অঙ্গারে
ধীরে ধীরে এগোতে থাকে মৃত্যুদ্বারে!

পাকস্থলীতে ঢুকেছে এক অচ্ছুত জহর!
দুরূহ যার পরিপাক, মৃত্যুটাও অনিয়ত!

নিউইয়র্কে সিলেট-২ আসনের সংসদ সদস্য প্রার্থী মুফতি লুৎফুর রহমানের মতবিনিময়





রশীদ আহমদঃ বাংলাদেশের আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সিলেট-২ (ওসমানীনগর-বিশ্বনাথ) আসনের বাংলাদেশ খেলাফত মজলিশ মনোনীত সংসদ সদস্য পদ-প্রার্থী, নিউইয়র্ক বাংলাদেশী কমিউনিটির পরিচিতমুখ,বিশিষ্ট আলেমেদ্বীন ও সমাজসেবক মুফতি লুৎফুর রহমান ক্বাসিমীর এক মতবিনিময় সভা গত ৩০শে নভেম্বর ২০২৫ রোববার সন্ধ্যায় নিউইয়র্কের এস্টোরিয়ায় কাবুল গ্রীল আফগান রেস্টুরেন্টের পার্টি হলে অনুষ্ঠিত হয়।

প্রবাসী বাংলাদেশি আমেরিকান এর ব্যানারে উক্ত মতবিনিময় সভায় প্রবাসী বাংলাদেশী,উলামা মাশায়েখ,সুশীল সমাজ ও বিভিন্ন সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশিষ্ট চিকিৎসক ডাক্তার জুন্নুন চৌধুরীর সভাপতিত্বে ও সাংবাদিক জহিরুল হক বশির এর সাবলীল সঞ্চালনায় সভার শুরুতে তেলাওয়াত করেন হাফেজ আসাদ আহমদ।



প্রধান অতিথি সিলেট-২ আসনের সংসদ সদস্য পদ-প্রার্থী মুফতি লুৎফুর রহমান ক্বাসিমী তার বক্তব্যে বলেন,যদি মহান আল্লাহ তা'আলা আমাকে খেদমতের সুযোগ দান করেন,তাহলে আমার অবহেলিত ওসমানীনগর-বিশ্বনাথকে একটি আধুনিক ও মডেল এলাকায় রূপান্তরিত করব।এই দুটি উপজেলা থেকে সন্ত্রাস, দুর্নীতি-রাহাজানি চিরতরে বন্ধ করব।শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে যুগান্তকারী প্রদক্ষেপ গ্রহণ করব।সর্বোপরি ধর্মীয় মূল্যবোধে বিশ্বাসী জনগণকে সাথে নিয়ে নতুন প্রজন্মের আগামীর বাংলাদেশ গড়তে প্রানন্তকর প্রচেষ্টা অব্যাহত রাখব।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে আলোচনা করেন বিশ্বনাথ প্রবাসী কল্যাণ সমিতির সভাপতি আজাদুর রহমান আজাদ,বিশ্বনাথ প্রবাসী কল্যাণ সমিতির উপদেষ্টা আলমাস আলী, ম্যানহাটন বাংলা কালচারাল স্কুলের সিইও ইকবাল আহমেদ মাহবুব, বিশ্বনাথ প্রবাসী কল্যাণ সমিতির সিনিয়র সহ-সভাপতি আব্দুল মনাফ, সেক্রেটারি মোঃ আজম আলী, আসসাফা ইসলামিক সেন্টার এর উপদেষ্টা আব্দুস সাত্তার, হাবিবুর রহমান, বায়তুশ শরফ ইসলামিক সেন্টার ও জামে মসজিদ এর ইমাম ও খতিব মাওলানা জাকারিয়া মাহমুদ, আসসাফা ইসলামিক সেন্টারের সভাপতি সুলতান আহমদ জসিম, আসসাফা ইসলামিক সেন্টার এর ইমাম মাওলানা রফিক আহমদ রেফাহী,দারুল আহনাফ এর প্রিন্সিপাল মাওলানা হামিদুর রহমান আশরাফ, বহু গ্রন্থের প্রণেতা ও দারুল আহনাফ এর সেক্রেটারি লেখক রশীদ জামীল, হাফিজ মাওলানা শিহাব উদ্দিন আহমেদ ও ইয়র্ক বাংলা'র সম্পাদক এবং নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের অর্থ সম্পাদক প্রিন্সিপাল রশীদ আহমদসহ প্রমুখ।

মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে ডাক্তার জুন্নুন চৌধুরী বলেন,সিলেট-২ আসন সিলেটের অন্যান্য সংসদীয় আসন থেকে বিভিন্ন দিক থেকে গুরুত্বপূর্ণ।এই এলাকায় জন্ম নিয়েছিলেন বাংলাদেশের খ্যাতিমান কৃতি পুরুষ, বঙ্গবীর জেনারেল আতাউল গণী ওসমানী।ঐ আসনের সাবেক এমপি ছিলেন বিএনপির কেন্দ্রীয় নেতা এম ইলিয়াস আলী।ভৌগলিক প্রেক্ষাপটেও এই আসনটি বিভিন্ন সময় পরিবর্তন হওয়ায় এলাকার উন্নয়ন ও গুণোগত মানের ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে।যদিও প্রবাসী অধুষ্যিত এলাকা হওয়ায় অর্থনৈতিকভাবে স্বয়ং সম্পূর্ণ।এই আসন থেকে বাংলাদেশ খেলাফত মজলিস মনোনীত প্রার্থী মুফতি লুৎফুর রহমান ক্বাসিমী। ৮ সমমনা দলসমূহের সম্ভাব্য প্রার্থী হিসেবে তিনি প্রতিদ্বন্দ্বিতা করবেন।আমরা তার শুভ কামনা করছি এবং আমাদের সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে বলে ওয়াদা দিচ্ছি।

তিনি আরো বলেন, বাংলাদেশের তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর বর্তমান বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে খুবই প্রয়োজন।

মতবিনিময় সভায় দেশ ও জাতির কল্যাণ ও বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনা ও মুফতি লুৎফুর রহমান কাসেমী'র প্রত্যাশা পূরণে দুআ পরিচালনা করেন আসসাফা ইসলামিক সেন্টার এর ইমাম মাওলানা রফিক আহমদ রেফাহী।



We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician


আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।



আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com



নিউইয়র্কের উডহেভেন লাইব্রেরীতে আন্তর্জাতিক কবিতাসন্ধ্যা

নিউইয়র্ক: উডহেভেনে অবস্থিত কুইন্স পাবলিক লাইব্রেরিতে হয়ে গেলো এক মনোজ্ঞ কবিতাসন্ধ্যা। গত ৪ ডিসেম্বর, বৃহস্পতিবার এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। আন্তর্জাতিক কবিতাপাঠ নামে এই কাব্যপাঠের আয়োজক ছিলো কুইন্স লাইব্রেরী ও কবিতা পত্রিকা 'শব্দগুচ্ছ'। কবিতাপাঠে অংশ নেন কবি-সম্পাদক হাসান আল আব্দুল্লাহ (বাংলাদেশী-আমেরিকান), কবি-প্রকাশক রবার্টো ম্যাভোজা আইয়েলা (মেক্সিকান-আমেরিকান), কবি-অধ্যাপক আইরিন সেন্টোস (ডোমেনিকান রিপাবলিক), কবি-সংগঠক টমাস গেলান (ডোমেনিকান রিপাবলিক), কবি-গল্পকার নাজনীন সীমন (বাংলাদেশী-আমেরিকান), কবি-অধ্যাপক মারিসা রুসো (আর্জেনটেনিয়ান-আমেরিকান) ও আর্টেস ক্রিস্টাল হেনরিকস।

অনুষ্ঠানে বাংলা, স্প্যানিশ ও ইংরেজিতে কবিতা পড়া হয়। অনুষ্ঠানের উপস্থাপক কবি হাসানআল আব্দুল্লাহ ১৬ ডিসেম্বর বাংলাদেশের বিজয় দিবস উপলক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি আরো বলেন, দিবসটিকে যথাযথভাবে উদযাপন করতে 'শব্দগুচ্ছ' পত্রিকা প্রদত্ত দ্বি-বার্ষিক কবিতা পুরস্কারটি ওই দিন ঘোষণা করা হয়। এবছর ডিসেম্বরের শুরুতেই কাব্যপাঠের এই আয়োজনে সঙ্গী হবার জন্যে তিনি পাবলিক লাইব্রেরী কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে কবিতার সাথে সাথে ব্যাকগ্রাউন্ড মিউজিকের ব্যবস্থা ছিলো। বেস-গীটারে ছিলেন ওমর অলিভেরা, একুস্টিক গীটারে ছিলেন বেন গর্ডন ও পারকুশনে ছিলেন হোসে। তাছাড়া ক্রিস্টাল হেনরিকস-এর চিত্র প্রদর্শনী ছিলো বাড়তি পাওয়া। অনুষ্ঠান শুরু হয় বেন গর্ডনের মিউজিক্যাল প্রেজেন্টেশন ও শেষ হয় হাসানআল আব্দুল্লাহর লেখা বাংলা গান 'আমি বাংলার সন্তান' দিয়ে। সন্ধ্যা পাঁচটা থেকে সাতটা পর্যন্ত চলে এ অনুষ্ঠান। -প্রেস বিজ্ঞপ্তি।



ছবি: ইন্টারন্যাশনাল কবিতা ইভিনিং

Time television & Bangla Patrika Presents

TiME television

QIRAT COMPETITION 2026

সফলতার ২১ বছর পেরিয়ে ৩০এ পদার্পণ বাংলা পত্রিকা

আসন্ন মাহে রমজান উপলক্ষে
প্রতি বছরের ন্যায় এবারো
টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা যৌথভাবে আয়োজন
করতে যাচ্ছে মাসব্যাপী ক্বিরাত কমপিটিশন

"লাইট অব দ্য কোরআন"



এ প্রতিযোগিতায় অংশ নিতে উত্তর আমেরিকায় বসবাসরত আগ্রহী গ্রেড টু থেকে টুয়েলভ পর্যন্ত শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন। আগ্রহীরা শিক্ষার্থীর নাম, ঠিকানা, মোবাইল নাম্বার ও স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের নাম আমাদের ঠিকানায় পাঠিয়ে দিন।



আবেদন পাঠানোর শেষ তারিখ: ১৫ ডিসেম্বর ২০২৫

যোগাযোগ: টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা

36-50, 38th STREET, LONG ISLAND CITY

: 718-753-0086 & 718-482-9923 Em@il: timetvusa@gmail.com

থাকতে পারে ৩০টিরও বেশি দেশ

প্রথম পৃষ্ঠার পর

ট্রাম্পের প্রশাসন ভ্রমণ নিষেধাজ্ঞা পাওয়া দেশের সংখ্যা বাড়িয়ে ৩২টি করবে কি না? জবাবে ক্রিস্টি নোয়েম বলেন, 'আমি সুনির্দিষ্টভাবে কোনো সংখ্যা বলব না। তবে নিষেধাজ্ঞায় থাকা দেশের সংখ্যা ৩০টির বেশি হবে। আর প্রেসিডেন্ট এখনো দেশগুলো যাচাই বাছাই করে দেখছেন।'

এর আগে গত জুনে একটি ঘোষণায় সই করেছিলেন ট্রাম্প। তাতে ১২টি দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছিল। এ ছাড়া আরও সাত দেশের ওপর ভ্রমণ বিধিনিষেধ আরোপ করা হয়েছিল। তখন বলা হয়েছিল, নিরাপত্তা হুমকি থেকে সুরক্ষা পেতে এ পদক্ষেপ নেওয়া হয়েছে। নিষেধাজ্ঞার আওতায় ১২টি দেশের অভিবাসী ছাড়াও পর্যটক, শিক্ষার্থী ও ব্যবসায়ীরা ছিলেন।

সাক্ষাৎকারে ক্রিস্টি নোয়েম বলেননি কোন কোন দেশকে তালিকায় যুক্ত করা হবে। তিনি শুধু বলেন, 'ওই দেশগুলোয় যদি স্থিতিশীল সরকার না থাকে, যদি তাদের টিকে থাকার সক্ষমতা না থাকে আর আমাদের জানাতে না পারে যে এই ব্যক্তিরা কারা কিংবা তাদের যাচাই করতে আমাদের সাহায্য না করে, তাহলে আমরা কেন সে দেশের মানুষদের যুক্তরাষ্ট্রে আসার অনুমতি দেব?'

যুক্তরাষ্ট্রে ভ্রমণ নিষেধাজ্ঞা থাকা দেশের তালিকা বড় করার অর্থ হলো গত সপ্তাহে ওয়াশিংটন ডিসিতে ন্যাশনাল গার্ডের দুই সদস্যকে গুলি করে হত্যার পর অভিবাসন নিয়ে আরও কঠোর হলো ট্রাম্প প্রশাসন। যুক্তরাষ্ট্রের গোয়েন্দাদের তথ্য অনুযায়ী, ওই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ছিলেন আফগানিস্তানের একজন অভিবাসী। এরপর ট্রাম্প বলেছিলেন, 'তৃতীয় বিশ্বের সব দেশ' থেকে যুক্তরাষ্ট্রে অভিবাসন স্থায়ীভাবে বন্ধ করবেন তিনি। তবে কোনো দেশের নাম সে সময় উল্লেখ করেননি প্রেসিডেন্ট ট্রাম্প।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

করায় কোন কোন মিডিয়া বৈঠকটিকে 'আন্তর্জাতিক বৈঠক' বলে অভিহিত করে। এদিকে ট্রাম্প-মামদানীর বৈঠক-কে বাংলাদেশী কমিউনিটিতেও ব্যাপক আলোচিত হয়েছে। কেউ কেউ বৈঠকটি-কে 'পিতা-পুত্র' আবার 'নানা-নাতি'র বৈঠক হিসেবে অভিহিত করেছেন। জ্যামাইকা, এস্টোরিয়া, জ্যাকসন হাইটস প্রভৃতি এলাকায় বাংলাদেশীদের সাথে আলাপকালে এমন প্রতিক্রিয়া পাওয়া যায়। উল্লেখ্য, জোহরান মামদানী আগামী ১ জানুয়ারী নিউইয়র্ক সিটির মেয়রের দায়িত্ব নিচ্ছেন।

২৩ নভেম্বর ২০২৫

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine



সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ডায়াবেটিস
- হাইপারটেনশন
- হাই কোলেস্টরল, এজমা
- ইকেজি
- বয়স্ক ভেক্সিনেশান
- হজ্ব ভেক্সিনেশান
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

সম্মানিত বাড়ির মালিকগণ
আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদান বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?



নতুন বছর উপলক্ষে ৫০% সেল

১০ হাজার ডলারের রিভেট

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন।



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089

GREE MECHANICAL YONKERS
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

শুভ উদ্বোধন

সানম্যান-এর নতুন লোকেশন

29-13 36 Ave, Long Island city, NY-11106

sunman express
global money transfer

সানম্যান এক্সপ্রেস -এর এস্টোরিয়া ব্রাঞ্চের স্থান পরিবর্তন ও নতুন লোকেশনের শুভ উদ্বোধন করতে যাচ্ছি আমরা।

উক্ত উদ্বোধন অনুষ্ঠানে আপনার উপস্থিতি আন্তরিকভাবে কামনা করছি!



8th NOVEMBER| FRIDAY 2:00 PM

718-729-0600

বিনীত নিবেদকঃ
মাসুদ রানা তপন
প্রেসিডেন্ট ও সিইও, সানম্যান গ্লোবাল এক্সপ্রেস



TiME TV PLUS
TV BOX ১৫০+ চ্যানেল

নন-স্টপ বিনোদনকে হ্যালো বলুন





অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR
Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাণিজ্যিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25% Discount** sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes



Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন স্থানে ব্যবসা বাণিজ্যের মাধ্যমে বিনিয়োগ যাতে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা তারও বেশী ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এসেসে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাথে পাওনা করতে পারেন।

দেশে কোন জোপনীয় মামলা/পরিচালনা হলে আপনি ও আপনার পরিবার ৭ ভিসাতে সুবিধা নিয়ে পারেন এবং দুবছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলাসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনকর্পো, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাজাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit **2021** For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ব পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * অভিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পুলিশের বিরুদ্ধে মামলা না করার সিদ্ধান্ত

